২৪ পাতার বিশেষ সংখ্যা (দাম : ৫ টাকা)

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 33 ■ 13th August 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

গ্র্যাজুয়েশন পাশে
স্মার্ট মহিলা কর্মী চাই
সরাসরি INTERVIEW এর মাধ্যমে নিয়োগ
মাসিক বেতন ₹ 10,000 to 15,000/-
HALDAR GROUP OF INSTITUTIONS
WB GOVT. REG. No. IV-1903-00118/2022
ISO 9001:2008 Certified
হেড অফিস, সোনারপুর, কলকাতা- ৭০০১৫০
www.haldargroup.org
Bio-Data WhatsApp করুন : 8334923405 (দয়া করে Call করবেন না)

## রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ৩১৯ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** রাষ্ট্রীয় ইস্পাত নিগম লিমিটেড-বিশাখাপত্তনম স্টিল প্ল্যান্ট 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩১৯ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, টার্নার, মেশিনিস্ট, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, মেকানিক ডিজেল, কম্পিউটার অপারেটর

এরপর ২০ পাতায়

## বহরমপুরে আর্মির র‍্যালি ১৬ নভেম্বর

**নাম রেজিস্ট্রেশন চলবে ৩ সেপ্টেম্বর পর্যন্ত**

**নিজস্ব প্রতিনিধি :** ভারতীয় স্থলবাহিনী 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর' পদে ৪ বছরের চুক্তিতে কয়েক হাজার ছেলেমেয়ে নিচ্ছে। বহরমপুর আর্মি রিক্রুটিং অফিস সরাসরি র‍্যালির মাধ্যমে নিয়োগ করবে এইসব পদে : অগ্নিবীর (জেনারেল ডিউটি), অগ্নিবীর (টেকনিক্যাল), অগ্নিবীর ক্লার্ক / স্টোরকীপার (টেকনিক্যাল), অগ্নিবীর (ট্রেডসম্যান)। র‍্যালি হবে ১৬ থেকে ২৪ নভেম্বর এই ঠিকানায় : ডি.এল. রয় মেমোরিয়াল স্টেডিয়াম,

এরপর ১৭ পাতায়

VANIK
Admission Open
(Online/Offline Classes)
SLST
TET
C.TET
Phone: 7449556677

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৬,৪৩২ প্রবেশনারি অফিসার

**নিজস্ব সংবাদদাতা :** ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, মহারাষ্ট্র ব্যাঙ্ক, কানাড়া ব্যাঙ্ক, পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক, পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, ইউনিয়ন ব্যাঙ্ক ও ইউকো ব্যাঙ্ক 'প্রবেশনারি অফিসার' ও 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৬,৪৩২ জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে দ্বাদশ পর্যায়ের কমন রিটেন এক্সামিনেশন (Common Recruitment Process for Recruitment of Probationary Officers / Management Trainees in Participating Organisations-CRP-PO/ MT-XII)'এর 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই.বি.পি.এস.)'এর মাধ্যমে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন।

এরপর ১৭ পাতায়

সরকারি চাকরির প্রস্তুতি
ICE Academy
WBCS SSC PSC
Rail Bank Police
School Service
বালিগঞ্জ কেন্দ্র
9804412898
7044517509

পুলিশ ও সেনাবাহিনী-তে সবচেয়ে বেশি চাকরি পায় এই প্রতিষ্ঠান থেকে
মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার
M: 9733894444
বিস্তারিত জানতে ১৬ নম্বর পাতা দেখুন।

## বি.এস.এফ'এ ১,৩১২ সাব-ইন্সপেক্টর, কনস্টেবল

**নিজস্ব সংবাদদাতা :** বর্ডার সিকিউরিটি ফোর্স 'হেড কনস্টেবল (রেডিও অপারেটর)', 'হেড কনস্টেবল (রেডিও মেকানিক)' পদে ১,৩১২ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

হেড কনস্টেবল (রেডিও অপারেটর): অঙ্ক, ফিজিক্স ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে

এরপর ২ পাতায়

## জীবনবিমায় ৮০ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা :** এল.আই.সি. হাউসিং ফিনান্স লিমিটেড 'অ্যাসিস্ট্যান্ট' ও 'অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার' পদে ৮০ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট : মোট অন্তত ৫৫%

এরপর ১৭ পাতায়

## বায়ুসেনায় ১৫২ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** ভারতীয় বিমানবাহিনী 'অ্যাপ্রেন্টিস' হিসাবে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে টার্নার, মেশিনিস্ট, মেশিনিস্ট (গ্রাইন্ডার), শীট মেটাল ওয়ার্কার, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান এয়ারক্র্যাফট, কার্পেন্টার, মেকানিক (ইনস্ট্রুমেন্ট), পেইন্টার জেনারেল, ডেস্ক টপ পাবলিশিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স, টি.আই.জি. বা, এম.আই.জি. ওয়েল্ডার, কোয়ালিটি অ্যাসিওরেন্স অ্যাসিস্ট্যান্ট, কেমিক্যাল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট ট্রেডে ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। উচ্চমাধ্যমিক পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১৪ থেকে ২১ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর

এরপর ১৭ পাতায়

পশ্চিমবঙ্গ থেকে GNM নার্সিং পড়তে চান?
West Bengal Nursing Council
অনুমোদিত নিজস্ব নার্সিং কলেজ থেকে কোর্স করুন।
ভর্তি শুরু হয়ে গেছে। আসন সংখ্যা সীমিত।
অতি সত্বর যোগাযোগ করুন।
যে সমস্ত ছাত্রছাত্রী WBJEEB দিতে পারেনি বা RANK করতে পারেনি তারাও সীমিত সীটে ভর্তি হতে পারে।
সরাসরি ভর্তির সুযোগ
কম সময়ে নিজেকে রোজগেরে গড়ে তুলতে এখনই ভর্তি হন নার্সিং ও ফার্মাসি কোর্সে। স্টুডেন্ট ক্রেডিট কার্ডের সুবিধা।
১০০% ব্যাঙ্ক লোনের সুবিধা নিয়ে নার্সিং পড়ুন।
● নিজস্ব মাল্টি স্পেশালিটি হসপিটালে প্র্যাকটিক্যাল করার সুবিধা।
● অত্যাধুনিক ক্লাসরুমের ব্যবস্থা। ● কোর্স শেষে ১০০% জবের নিশ্চয়তা, নিজস্ব হসপিটালে এবং আমাদের অ্যাসোসিয়েট হসপিটাল গুলিতে।
কোর্স ফিস আপনার সাধ্যের মধ্যে
ভর্তির জন্য যোগাযোগ করুন নিম্নলিখিত নম্বরে
9830116233, 9830116992
INC ও PCI অনুমোদিত কলেজ থেকে কোর্স করুন।
B.Sc. নার্সিং D.Pharmacy
কোর্স গুলি Indian Nursing Council & Pharmacy Council of India অনুমোদিত কলেজ থেকে করানো হয়।
SC, ST & OBC ছাত্রছাত্রীদের বিশেষ সুবিধা।
আমাদের কলেজ থেকে পড়াশোনা করে বহু ছাত্রছাত্রী পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ সরকারি ও বেসরকারি হাসপাতালে কর্মরত। Placement Record দেখুন।
যোগাযোগ
Indian Institute of Higher & Professional Studies
(An ISO 9001 : 2015 Certified Institute)
68, Rai Mallick Colony, DumDum, Kol- 700030
9874013210, 9874013370

## কলকাতা পুরনিগম ২৮৫ নার্স নিচ্ছে

**নিজস্ব সংবাদদাতা :** কলকাতা সিটি এন.ইউ.এইচ.এম. সোসাইটি ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীন কলকাতা এরিয়া আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে কাজের জন্য 'কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট (আর্বান)' পদে ২৮৫ জন মেয়ে নেওয়া হচ্ছে। ভারতীয় নার্সিং কাউন্সিল বা, পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ হলে যোগ্য। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। কলকাতার স্থায়ী

এরপর ১০ পাতায়

ভেতরের পাতায় আছে :
■ রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
■ ইস্পাত জেনারেল হাসপাতালে ২০০ অ্যাপ্রেন্টিস

## ১১২ ট্রেডসম্যান

**নিজস্ব সংবাদদাতা :** হেডকোয়ার্টার্স আন্দামান ও নিকোবর কমান্ড 'ট্রেডসম্যান মেট' পদে ১১২ জন ছেলে নিচ্ছে। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কার্পেন্টার, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড

এরপর ১১ পাতায়

## ১০৮ কনস্টেবল

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন ভারত-তিব্বত সীমান্ত পুলিশ 'কনস্টেবল (পাইওনিয়র)' পদে ১০৮ জন ছেলে নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : কার্পেন্টার,

এরপর ৫ পাতায়

SLST PRELIMINARY TEST IX-X & XI-XII
School Service Commission
SLST-র সমস্ত বিষয়ভিত্তিক বই (IX-X & XI-XII)
•বাংলা •ইতিহাস •ভূগোল •ইংরাজি •রাষ্ট্রবিজ্ঞান •দর্শন •পদার্থবিদ্যা •রসায়নবিদ্যা •গণিত •প্রাণীবিদ্যা •উদ্ভিদবিদ্যা •শারীরবিদ্যা •পরিবেশবিদ্যা •শিক্ষাবিজ্ঞান •সংস্কৃত
কলকাতা পুলিশ কনস্টেবল প্র্যাকটিস সেট ও Mock Test
INDIAN POLITY & CONSTITUTION
ENCYCLOPEDIA (English Version)
Chapterwise Solved Pre. Years' Exam Questions upto 2022
তপতী® পাবলিশার্স
e.mail: tapatipublishers@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart Follow us on

## স্কুল সার্ভিসের বিজ্ঞপ্তি পুজোর আগেই নিয়োগ প্রক্রিয়ার নিয়ম বদলাচ্ছে

**রঞ্জিৎ ঘোষ :** স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে এবছর পুজোর আগেই ২১ হাজার নতুন শূন্যপদে নিয়োগ প্রক্রিয়া শুরু হবে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু ১ আগস্ট সাংবাদিক সম্মেলনে জানান, নতুন নিয়োগের ক্ষেত্রে স্কুল সার্ভিস কমিশনের বিধিতে আমূল পরিবর্তন আনা হচ্ছে। খুব শিগগিরই নতুন বিধি প্রকাশিত হবে। এখন নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় নতুনভাবে নিয়োগ করা হবে। কোথায় ক'টি শূন্যপদ, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতিতে কেমন বদল আসতে চলেছে তা দেওয়া হল। চূড়ান্ত সিদ্ধান্ত হলেই বিস্তারিত তথ্য ওয়েবসাইটে দেওয়া হবে।

এরপর ১০ পাতায়

স্কুল সার্ভিস PT +
স্কুল সার্ভিস Subject
ও হেডমাস্টার
নতুন নিয়ম অনুসারে বাংলা, ইংরেজি, সংস্কৃত, ইতিহাস, ভূগোল, এডুকেশন, কর্মশিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, L.Sc., গণিত ও পোর্টাল কোচিং
সোনারপুর, মেচেদা, বারাসাত, বর্ধমান
9831274056

WBCS (MAINS)
আবশ্যিক পত্র
বাংলা ও ইংরাজি
68 Practice Set
2021 সালের WBCS (Mains) পরীক্ষায় এই বই থেকে কমনযোগ্য প্রশ্ন
বাংলা: দাগ নং-১.ক. (পৃষ্ঠা-৭৬), খ. (পৃষ্ঠা-১৭৭), গ. (পৃষ্ঠা-৬১)
English : Q.2. (Page-240), 3.a (Page-230), 4. (Page-249)
MISSION I'MPOSSIBLE
Mock Test Series for WBCS Exam. (Preli.) 89 Set
কলকাতা পুলিশ কনস্টেবল (Guide Book 2022)
EDUCON®
PUBLISHING HOUSE
Our Books Now Available on Amazon and Flipkart Follow us on

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
(০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/ ৮২৩৪ ফ্যাক্স নং: ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

**ENDEAVOUR**
Medical Representative Training for Graduates. 100% Jobs. Kolkata : 8961061014, Midnapore : 9038000283, Siliguri : 9875559677 SH(A)

**COMPETITIVE MATHS**
সকল সরকারি চাকরির পরীক্ষার অঙ্ক করানো হয়। মাসিক ফি 201/- মাত্র। M: 9007595993, মধ্যমগ্রাম। S

**ফিটার, সার্ভেয়র ও ইলেক্ট্রিশিয়ান কোর্সে ভর্তি**
NCVT স্বীকৃত নেতাজী প্রাঃ আই.টি.আইয়ে ইলেক্ট্রিশিয়ান, ফিটার ও ভারত সার্ভে স্কুলে সার্ভেয়র কোর্সে ভর্তি শুরু হয়েছে। যোগ্যতা : মাধ্যমিক বা, সমতুল। এছাড়া এখানে ১ বছরের ড্রাফটসম্যান সিভিল ইঞ্জিনিয়ারিং, ক্যাড ও ৬ মাসের আমিন ট্রেনিং করানো হয়। শিক্ষান্তে চাকরির সুযোগ আছে। যোগাযোগ : শক্তিনগর, কৃষ্ণনগর, নদিয়া। ফোন : 9232608289, 9126756658. S

## স্কুল-কলেজ-শিক্ষা

BSS, Govt of India অনুমোদিত DMLT, PHYSIOTHERAPY, ECG ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে। BIHS বেহালা ও দমদম ব্রাঞ্চ। MOB - 7980525660 SH

NSDC অনুমোদিত ফিজিওথেরাপি, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 8697893849, 32, Surya Sen St. Kol- 9. CM

**মাসিক মহিনায় কোচিং**
For SLST (PT), TET, WBCS, CGL, Rail & COMB. কলকাতা ও চুচুড়া, Mob : 9073447917 SH

LL.B (3 yrs) যে কোন বয়সে। যোগ্যতা : যে কোন গ্র্যাজুয়েট ও 45% নম্বর, SC/ST-40%, OBC-42%, ল'পয়েন্ট 9830132343 S

**২৩বছরের প্রতিষ্ঠান MRIT**
শ্রীরামপুরে MBBS ডাক্তার ও GNM নার্স দ্বারা পরিচালিত ANM /DHN নার্সিং ট্রেনিং (হাসপাতালে প্র্যাক্টিক্যাল)। এছাড়াও DMLT (প্যাথলজি), X-Ray/ECG, DPT (ফিজিওথেরাপি) কোর্সে ভর্তি চলছে। শিক্ষান্তে কাজের সুযোগ। M-9231839309. R

**D.Pharm 2.5L**
হিমাচল থেকে, পরীক্ষা সুবিধা
**D.Pharm**(Bangalore) 1.25L
**GNM নার্সিং 3L**
ব্যাঙ্গালোর থেকে, হোস্টেল সহ
**B.Pharm 5L**
কর্ণাটকা থেকে, হোস্টেল সহ
**KAFE EDUCATION**
Ph : 8240565056

## স্কুল-কলেজ-শিক্ষা

**100 টাকা মাসে**
দুপুরের খাবার Free. সরকারি চাকরির কোচিং, গড়িয়া। 7003966500, 7797278679 SH

**B.Sc. Nursing, GNM**
ANM, B.Pharma, D.Pharma. সরাসরি ভর্তির জন্য, Mob- 9143237745, 8910797294 M(A)

**B.Ed, D.El.Ed (কম ফী)**
Nursing, D.Pharm, LLB কোর্সগুলিতে পশ্চিমবঙ্গে সরাসরি ভর্তি চলছে। M : 9609491755 MS

GNM Nursing Admission in WB & Karnataka Council with 100% Placement Assistance. Call: 6290755703 D

**বিশেষ বিজ্ঞপ্তি**
'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, **কর্মসংস্থান**।

## কর্মখালি

Leading Banking Agency requires experienced back end executives having knowledge in Excel and Word with Typing speed of 25 w.p.m and also Field Executives. Age limit 40 yrs. Walk in Interview from 8th to 13th August between 11 A.M.-05 P.M. Contact- 8420197225 / 8420197234 SH

স্থায়ী পদে বিভিন্ন সংস্থায় I.T.I / ইঞ্জিনিয়ার /GNM /B.Sc. নার্স/ B.A / H.S. 10th পাস লোক প্রয়োজন। Future Academy, Durgapur, M : 9476470958 B

**ব্যাঙ্ক, এয়ারপোর্ট**
বিনা ডোনেশনে Bank ও এয়ারপোর্টে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/-- 42,700/-, PF, ESI, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। 9434566004 SA

**জাহাজে ও ডকে চাকরি**
L/C No. KOL69WB, পঃবাংলার 23টি জেলার কর্মপ্রার্থীদের যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 193 জন M/F নিয়োগ করানো হচ্ছে। Salary : 23,750–53800, MP-স্নাতক, Age : 18–38, 3 মাস 7 দিন কাজ করার পর 22 দিনের ছুটি with Salary-সহ। থাকা, খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা - 7477530111 SA

## কর্মখালি

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
Front & Back office. Age : 18-35, HS & Graduate. Salary : 12k-20K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, 6291125164, 8697616100. R

**BANK-AIRPORT**
Govt. Reg. No.-2248 সমস্ত জেলায় বিনা ডোনেশনে ব্যাঙ্ক, Airport-এ ৮ম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : (17200–42000) থাকা-খাওয়া ফ্রি। PF, ESI, বোনাস। শীঘ্র যোগাযোগ Mob: 9432957601 SA

**প্রাইভেট ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব**
L/C No. KOL-WB50C97, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে প্রাঃ ব্যাঙ্কে Back-Office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে ৯৩ জন M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary : 16,500/- – 26,700/-, MP-স্নাতক, Age - 18–41, ছুটি, বোনাস, ESI, PF এছাড়া অন্যান্য সুবিধা। M - 7384333014 SA

## কর্মখালি

**সরাসরি কর্মী নিয়োগ**
প্রতিটি জেলায় ফুড প্যাকিং, লেবেলিং, শপিং মল, A.T.M গার্ড, S.V., ইনচার্জ চাই। বেতন : (13K–22K). M : 9734597816 SA

**জাহাজ ও ডকে চাকরি**
জাহাজে অষ্টম-স্নাতক 107 জন নিয়োগ। খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান। বেতন : 27,400/-65,700/- +PF, শীঘ্র যোগাযোগ, M : 9434565014 SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক DSA**
M/F কর্মী নিয়োগ চলছে। বেতন : 17,500–52,600, থাকা-খাওয়া, যাতায়াত ফ্রি। এছাড়া Ex-Army দের বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে। বিশদ জানতে Mobile : 7596831900, ফর্ম - 100+ SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
মিটার রিডিং ও বিলিং কাউন্টারের কাজে জেলাভিত্তিক Male/ Female কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক। বেতন : 17,500/—21,300/-+TA, ESI, PF, OT, Ex-আর্মিদের বিশেষ ছাড়। যোগাযোগ M : 8420113156 SA

## কর্মখালি

**শীঘ্র নিয়োগ**
অজস্র (DSA)-তে বিস্কুট, মেডিসিন, চিপস, জল, Co.-তে M/F চাই। থাকা-খাওয়া ফ্রী। বেতন : 12000/– 18000/-, M : 8370952035 SA

**Airport এ নিয়োগ**
No Donation, সরকারি কন্ট্রাক্টরের অধীনে ৮ম/স্নাতক নিয়োগ। পদ- S/V, G/FS, চেকিং - পোস্টিং দমদম, বর্ধমান, অণ্ডাল, শিলিগুড়ি। বেতন - 17,900/--42,400/- M : 9874880352, 9434564954

**ব্যাঙ্কে চাকরি**
পশ্চিমবঙ্গের সমস্ত জেলাভিত্তিক ব্যাঙ্কে DSA তে নিয়োগ চলছে। যোগ্যতা : মাধ্যমিক-স্নাতক। বেতন : 13,500/- –56,000/-. M/F নিয়োগ। Ex-Army বিশেষ সুবিধা আছে। M : 8336096323 SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

উচ্চশিক্ষায় পশ্চিমবঙ্গের একমাত্র নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
**শ্রী রামকৃষ্ণ একাডেমী**
1.5 লাখে D.Pharm | 2.6 লাখে GNM
3.5 লাখে B.Sc. Nursing | 1.32 লাখে LLB
করে জীবনে প্রতিষ্ঠা লাভ করুন
এছাড়াও এখানে UGC Recognized Private University থেকে
B.A., B.Sc., B.Com, MA, M.Sc., M.Com, B.Tech, M.Tech, MBA, B.Ed, Ph.D
100% পাশের গ্যারান্টি সহ ভর্তি করা হয়।
542, G.T Road (S), Howrah- 711101 বেনারসী কুঠি বিল্ডিং (৩য় তল)
9477484191 / 9477484192

**সরকার স্বীকৃত কোর্সে ভর্তি চলছে**
1. ADVANCE GDA-ICCU(NURSING) 2. PHLEBOTOMIST(BLOOD COLLECTOR)
3. YOGA THERAPY- (6 Months) Affiliated to Health Care Sector Skill Council - NSDC - M.S.D.E, Govt. of India (JOB ASSISTANCE)
Diploma Courses: 1. Diploma in Medical Laboratory Technician
2. Diploma in O.T Technician, Diploma in X-Ray & Imaging Technology
Affiliated to Indian Medical Association HQ-New Delhi (Duration : 2 years + Internship)
Recognised by Health & Family Welfare, Govt. of NCT New Delhi
**SCHOOL OF MEDICAL TECHNOLOGY**
Affiliated Training Institute : 24 Girish Ch. Bose Road, Kolkata - 14
Ph : 9231520480, 33-22272310 (Entaly, above SBI)
Jhargram - 6294289478 • Burdwan - 8001508710 • Purulia - 9932965636 • Behrampore - 9733712773

**স্বাস্থ্য পরিষেবায় চাকুরীমুখী কোর্স**
নার্সিং অনুমোদিত Council / UGC & BSS অনুমোদিত GNM, B.Sc. Nursing, P.B.B.Sc (নার্সিং কোর্সে স্কলারশিপ সুবিধা)
Paramedical Course : BMLT / DMLT, Diploma / Bachelor in Radiology & OT, BPT / DPT, D.Optm, ECG, Critical Care, Dental (DDH & T), CSSD, অ্যালোপ্যাথি (CMS & ED), আয়ুষ (DAMS), হোমিও (DHom & DHMS), ফ্লেবোটমি, Dialysis, D.Pharm & B.Pharm কোর্সে ভর্তি চলছে। (Own Campus, Hostel & Hospital)
CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY
126B, Raja Rammohan Sarani, Near Sealdah Railway St. Kolkata 700 009
9888 295 882 / 9331 062 421

## বি.এস.এফ.এ ১,৩১২

১ পাতার পর

নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আই.টি.আই. থেকে রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ডাটা প্রিপারেশন অ্যান্ড কম্পিউটার সফটওয়্যার, জেনারেল ইলেক্ট্রনিক্স, ডাটা এন্ট্রি অপারেটর ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও আবেদন করতে পারেন। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৯৮২টি (জেনাঃ ২০৬, ই.ডব্লু.এস. ২৬৯, তফঃজাঃ ৮৪, তফঃউপজাঃ ৭০, প্রাঃসঃ ৭০, বিভাগীয় ২৪৬, অন্যান্য ৩৭)।

**হেড কনস্টেবল (রেডিও মেকানিক)** : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আই.টি.আই. থেকে রেডিও অ্যান্ড টি.ভি., জেনারেল ইলেক্ট্রনিক্স, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ডাটা প্রিপারেশন অ্যান্ড কম্পিউটার সফটওয়্যার, ইলেক্ট্রিশিয়ান, ফিটার, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম মেন্টেন্যান্স, কমিউনিকেশন ইক্যুইপমেন্ট মেন্টেন্যান্স, কম্পিউটার হার্ডওয়্যার, নেটওয়ার্ক টেকনিশিয়ান, মেকাট্রনিক্স, ডাটা এন্ট্রি অপারেটর ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। অঙ্ক, ফিজিক্স ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা। গ্রেড পে ২,৮০০ টাকা। শূন্যপদ : ৩৩০টি (জেনাঃ ২৭, ই.ডব্লু.এস. ৪০, ও.বি.সি. ৬৪, তফঃজাঃ ৪৯, তফঃউপজাঃ ৩১, প্রাঃসঃ ২৪, বিভাগীয় ৮২, অন্যান্য ১৩)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১৯-৮-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৮ (অসম, ত্রিপুরা ও সিকিমের প্রার্থীদের বেলায় ১৬৫, তপশিলী উপজাতি / আদিবাসী হলে ১৬২.৫) সেমি আর মেয়েদের বেলায় ১৫৭ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (আদিবাসী হলে ৭৬) সেমি ও ৫ সেমি প্রসারণক্ষম থাকতে হবে আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দু'চোখে ৬/৬ ও ৬/৯। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, ট্যারা চোখ থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। এরপর শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। সফল হলে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : http://rectt.bsf.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কবে থেকে অনলাইনে দরখাস্ত শুরু হবে তা ওয়েবসাইটে পাবেন।

আগামী ১৭ আগস্ট থেকে শুরু হওয়া
**রেলের গ্রুপ-ডি**
পরীক্ষায় সিলেবাসভিত্তিক 'Common' প্রশ্নোত্তর পেতে
**WBCS Main 2022**
(আগস্ট / সেপ্টেম্বর)
এছাড়াও পাবেন
রাজ্য পুলিশের কনস্টেবল, সাব-ইন্সপেক্টর, SSC CHSL, CGL সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন
সফল সাধারণ জ্ঞান
সফল
Appointment & Career News
যোগাযোগ করুন : 9830624170

# Bank লোনের মাধ্যমে নার্সিং পড়ার সুবর্ণ সুযোগ

GNM বা B.Sc তে Rank যতই দূরে থাকুক আপনার পছন্দের কলেজে আপনি ভর্তি হতে পারবেন।

B.P. Poddar, Charnock, Desun, ICH, IQ City, Jagannath Gupta, M.R., Mission of Mercy, SNU, St. Pauls, Woodland, R.N. Tagore, Ruby

ইত্যাদি কলেজে ভর্তির জন্য আজই যোগাযোগ করুন—

## GNM & B. Sc
## নার্সিং



**Hotel & Hospitality Management**

*Great Placements, Greater Tomorrow*

অল্প খরচে পশ্চিমবঙ্গে নার্সিং পড়ুন

**MBBS**

**BDS**

**Paramedical**

**B. Pharm**

**Male Nursing GNM & B.Sc**

১ লক্ষ টাকা পর্যন্ত স্কলারশিপ

WB
Nursing & Multi Service

## WB Nursing & Multi Service

| Tamluk | Barasat |
|---|---|
| Call : 8116669515 | Call : 7384783625 |

সরকারি চাকরির জন্য নিজেকে প্রস্তুত রেখে ভবিষ্যৎ সুনিশ্চিত করুন
কেন্দ্রীয় আট বাহিনী ও রাজ্য পুলিশে
চাকরী পাওয়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান
Admission চলছে
ইংরাজি ও হিন্দি উভয় ভাষায় পড়ানো হয়
BSF, CRPF, CISF, SSB, ITBP, AR, NIA, SSF, ARMY, RPF, WBP, KP, SSC Gr.D, PSC Gr. C&D
নিউ জেনারেশন কোচিং সেন্টার
Govt. Regd. No- L- 75797,
An ISO 9001:2015 Certified
www.ngcc.in
বালুরঘাট ক্লাস শুরু হবে September 2022থেকে
টাউন ক্লাব মোড়, Bandhan Bank এর বিপরীতে
MOBILE : 7407945419
গঙ্গারামপুর ব্রাঞ্চ হাইস্কুল রোড, (ফায়ার ব্রিগেডের পাশে), দক্ষিণ দিনাজপুর
গঙ্গারামপুর ব্রাঞ্চে পরীক্ষার প্রস্তুতির সাথে দক্ষ Physical Trainer দ্বারা Run করিয়ে গ্যারান্টি সহ Physical Fit করানো হয়। ফোন : 9073360106
রায়গঞ্জ ব্রাঞ্চ
BBD মোড়, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর
ফোন : 9051149723
ইসলামপুর ব্রাঞ্চ
ইসলামপুর হাইস্কুল মোড়, কে. পি. সাউন্ডের পাশে, উঃদিঃ
ফোন : 8391084168
সমস্ত ব্রাঞ্চে হেড অফিসের অভিজ্ঞ শিক্ষকগণ পড়াবেন।
সমস্ত ব্রাঞ্চে নতুন ব্যাচে ভর্তি চলছে।
হেড অফিস- দেবীপুর, পোঃ চাঁদপাড়া, থানা- গাইঘাটা, উত্তর ২৪ পরগনা
9836306785

## প্লাস্টিক টেকনোলজির ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি

কেন্দ্রীয় সরকারের কেমিক্যালস ও ফার্টিলাইজার্স বিভাগের অধীন সেন্ট্রাল ইনস্টিটিউট অফ পেট্রোকেমিক্যালস ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (CIPET) ২০২২-'২৩ সেশনে প্লাস্টিক টেকনোলজির ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। কোর্সগুলি হল : (১) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি (DPMT)। মাধ্যমিক বা, সমতুল কোর্স পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ : ৩ বছর। (২) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি (DPT)। শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ আগের মতোই। (৩) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক প্রসেসিং অ্যান্ড টেস্টিং (PGD–PPT)। ৩ বছরের বিজ্ঞান শাখার ডিগ্রি কোর্স বা, সমতুল কোর্স পাশ বা, যাঁরা ফাইনাল পরীক্ষা দিয়েছেন তাঁরাও ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ : ২ বছর। এছাড়াও বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ / ভোকেশনাল কোর্স পাশ / আই.টি.আই. পাশ / যাঁরা এইসব ক্ষেত্রে ফাইনাল পরীক্ষা দিয়েছেন তাঁরাও ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে ২ বছরের ডিপ্লোমা কোর্সে সরাসরি ভরতি হতে পারেন। সব কোর্সই এ.আই.সি.টি.ই অনুমোদিত। সীট অনুযায়ী আগে আসার ভিত্তিতে সুযোগ। বয়সের কোনো কড়াকড়ি নেই। যোগ্য প্রার্থীদের পড়ার সময় দেওয়া হবে স্কলারশিপ। ছেলেমেয়েদের থাকার জন্য আলাদা হস্টেল আছে। সব কোর্স শেষে সফলদের প্লেসমেন্টের সুযোগ আছে। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : CSTS–Haldia, City Centre, Debhog, Haldia, Purba Medinipur, Pin - 721657. Ph. : +91-3224-255534, 7001187413, 9749042189. E-mail : haldia@cipet.gov.in Website : www.cipet.gov.in

ছায়া প্রকাশনী
Infinite learning
সরকারি চাকরির দরকারি বই লক্ষ্যভেদ হবে সহজেই
CHHAYA CAREER BOOKS for all Competitive Examinations



বাংলা ভাষায় Competitive English বই
MCQ Based ও Descriptive উভয় ধরনের পরীক্ষার জন্য



বাহুল্যবর্জিত Tabular Format -এ Exam Oriented তথ্য
Current Affairs-নির্ভর Latest Pattern-এর প্রশ্নের জন্য উপযোগী



Doubt Clearing আলোচনা ও Mind Map
Latest Question Trend অনুযায়ী সামগ্রিক তথ্য, সঙ্গে সাম্প্রতিক রায়, গুরুত্বপূর্ণ আইন, IPC ও CrPC-র ধারা



প্রাকৃতিক, ভারত, পশ্চিমবঙ্গ ও বিশ্বের ভূগোল — এই চারটি অংশে সব পরীক্ষার উপযোগী Latest তথ্য
Table, Info-graphic ও Map-এর পর্যাপ্ত ব্যবহার



Constable (Preliminary ও Main) এবং SI (Preliminary) পরীক্ষার উপযোগী
সহজে মনে রাখার জন্য Tabular ও Info-graphic Format-এ উপস্থাপনা



Preliminary-র ৪টি Part-এর Weightage & Latest Question Trend অনুযায়ী প্রয়োজনীয় Content
Exam-grade Mock Test ও Up-to-date Current Affairs-এর জন্য Free Boo

# উচ্চমাধ্যমিকের পর উত্তরবঙ্গে চাকরিমুখী কোর্সে ভরতির সুযোগ

উচ্চমাধ্যমিক পাশের পর উচ্চশিক্ষার মাধ্যমে নিজেকে প্রতিষ্ঠিত করতে ছেলেমেয়েদের নির্দিষ্ট লক্ষ্য স্থির করা দরকার। বিনা লক্ষ্যে এলোমেলো ভাবে পড়াশোনা করলে ভালো ডিগ্রি পেলেও প্রতিযোগিতার বাজারে কাজের কাজ কিছু হবে না। অনেক ছেলেমেয়ে স্কুল-কলেজে ভালো ফল করলেও নিজেকে প্রতিষ্ঠিত করতে অনেক ক্ষেত্রেই ব্যর্থ হন। রাজ্য ও কেন্দ্রীয় সরকারে চাকরি পদের তুলনায় চাকরিপ্রার্থীর সংখ্যা বেশি হওয়ায় প্রার্থীদের কঠিন প্রতিযোগিতার মধ্যে পড়তে হয়। ফলে চাকরিপ্রার্থীদের সঙ্গে প্রতিযোগিতায় এঁটে উঠতে না পেরে অনেক ছেলেমেয়ে ডিগ্রির পাহাড় নিয়েও ঘরে বসে হতাশায় দিন কাটাতে বাধ্য হন। এদিকে, করোনা মহামারী গত ২ বছর ধরে সারা দেশের সাধারণ মানুষকে সরকারি চাকরির গুরুত্ব চোখে আঙুল দিয়ে বুঝিয়ে দিয়েছে। তাই উচ্চশিক্ষার পাশাপাশি নিজের সুনিশ্চিত ভবিষ্যৎ গড়তে ছেলেমেয়েদের সঠিক জায়গায় পড়াশোনা ও অনুশীলন নেওয়া দরকার। নিউ জেনারেশন কোচিং সেন্টার সেইসব উচ্চাকাঙ্খী ছেলেমেয়েদের জন্য নানান সরকারি দফতরের অবসর পাওয়া অফিসারদের তত্ত্বাবধানে ক্লাস ও পরামর্শের সুযোগ নিয়ে এসেছে। এইসব বিশেষজ্ঞ প্রশিক্ষকদের পরামর্শে ছেলেমেয়েরা রাজ্য ও কেন্দ্রীয় সরকারে চাকরির জন্য সুযোগ্য গাইডেন্স পেতে পারেন। এখানে চাকরিপ্রার্থীদের প্রতিদিন নতুন নতুন পদ্ধতিতে পড়ানো হয়। এই কোচিং সেন্টারের অভিজ্ঞ শিক্ষকরা নিজেদের অভিজ্ঞতার মাধ্যমে ছেলেমেয়েদের সুনির্দিষ্ট লক্ষ্যে পৌঁছোতে সাহায্য করেন। সমাজে সফলভাবে প্রতিষ্ঠিত হতে গেলে অভিজ্ঞ শিক্ষকদের প্রশিক্ষণের পাশাপাশি সব সরকারি চাকরিপ্রার্থী ছেলেমেয়ের কঠোর পরিশ্রম করার মানসিকতা ও অধ্যাবসায় থাকা দরকার। সেক্ষেত্রে নিজের লক্ষ্যে পৌঁছোতে ও স্বপ্নকে বাস্তবায়িত করতে এখনই ভরতি হতে পারেন কেন্দ্রীয় ৮ বাহিনী ও রাজ্য পুলিশে চাকরি পাওয়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান নিউ জেনারেশন কোচিং সেন্টারে। এখানে যেসব কোর্স পড়ানো হয়, সেগুলি হল - BSF, CRPF, CISF, SSB, ITBP, AR, NIA,SSF, ARMY, RPF, WBP ও KP. এখানে হোস্টেলের সুবিধা-সহ হিন্দি ও ইংরিজি দুই ভাষায় পড়ানো হয়। গঙ্গারামপুর ব্রাঞ্চে পরীক্ষার প্রস্তুতির সঙ্গে দক্ষ Physical Trainer দিয়ে Run করিয়ে গ্যারান্টি-সহ Physical Fit করানো হয়। এই সেন্টারে পড়ে আজ দেশের নানান সরকারি দফতরে অনেক ছেলেমেয়ে কাজ করছেন। ভরতি সংক্রান্ত বিস্তারিত জানতে যোগাযোগ করুন - গঙ্গারামপুর সেন্টার : ৯০৭৩৩৬০১০৬, ইসলামপুর সেন্টার : ৮৩৯১০৮৪১৬৮, রায়গঞ্জ সেন্টার : ৯০৫১১৪৯৭২৩। হেড অফিস - উত্তর ২৪ পরগনা : ৯৮৩৬৩০৬৭৮৫।

# ১০৮ কনস্টেবল

১ পাতার পর

ম্যাসন, প্লাম্বার ট্রেডে।

মাধ্যমিক পাশ ছেলেরা আই.টি.আই. থেকে কার্পেন্টার, প্লাম্বার, ম্যাসন ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে ১ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৭-৯-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১৮-৯-১৯৯৯ থেকে ১৭-৯-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৭০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (তপশিলী উপজাতি হলে ৭৬) সেমি ও ফুলিয়ে ৮৫ (তপশিলী উপজাতি হলে ৮১) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। তপশিলী উপজাতিরা ৭.৫ সেমি আর অসম, ত্রিপুরা ও গোর্খারা ৫ সেমি উচ্চতায় আর বুকের ছাতিতে ২ সেমি ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ১০৮টি। এর মধ্যে কার্পেন্টার ট্রেডে ৫৬টি (জেনাঃ ২৯, ও.বি.সি. ৬, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৮, ই.ডব্লু.এস. ৬), প্লাম্বার ট্রেডে ২১টি (জেনাঃ ১২, ও.বি.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ২), ম্যাসন ট্রেডে ৩১টি (জেনাঃ ১৭, ও.বি.সি. ৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৩)।

ওপরের সব পদের বেলায় মোট শূন্যপদের ১০% প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। কাদের কবে কোথায় প্রার্থী বাছাই পরীক্ষা হবে তা ওয়েবসাইটে জানানো হবে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে উচ্চতা মাপা হবে। তারপর ১০ মিনিটে ১.৬ কি.মি. দৌড়তে হবে। সফল হলে শারীরিক মাপজোখের পরীক্ষা হবে। এরপর হবে বায়োমেট্রিক আইডেন্টিফিকেশন পরীক্ষা। এরপর লিখিত পরীক্ষা। ৩৫ নম্বরের ৬০ মিনিটের অবজেক্টিভ টাইপের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইংলিশ, (২) জেনারেল হিন্দি, (৩) জেনারেল অ্যাওয়ারনেস, (৪) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট টেস্ট, (৫) সিম্পল রিজনিং। প্রতিটি পার্টে ৭টি প্রশ্ন থাকবে ও প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সাধারণ প্রার্থীরা ৩৫%, তপশিলীরা ৩৩% নম্বর পেলে সফল হবেন। এরপর হবে ৬০ নম্বরের ট্রেড টেস্ট ও ৫ নম্বরের ইন্টারভিউ। সব শেষে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ আগস্ট থেকে ১৭ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.recruitment.itbpolice.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


**Receptionist & Faculty চাই**

Arise Educational Institute এর দমদম, বারাসাত, হাবড়া, নৈহাটি, রানাঘাট, বহরমপুর, কাটোয়া, ব্যান্ডেল, বর্ধমান শাখার জন্য **Faculty :** (B.SC Hons. in Math / Phy / Chem / Bio or M.Sc), **Receptionist :** (Only Female, H.S Pass & above), **Marketing :** (Male & Female, H.S Pass & Above), **Computer Faculty** এবং **Spoken English Teacher** চাই।
M- 9332942455, 7319096716
Email- arisechakdaha@gmail.com


**রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়**
৫৬এ, বি.টি রোড, কলকাতা-৭০০ ০৫০
Ref. No. RB/REG/117/2022
Date: 02.8.2022

বিজ্ঞপ্তি

বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় নিম্নলিখিত কোর্সে ভর্তি চলিতেছে। (১) WBCS & COMBINED (22-23) (২) NET/SET Paper-1 (Aug-Dec) 2022 সেশনে ক্লাস শুরু হবে। সীমিত কিছু আসনের জন্য আগে আসার ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। যোগাযোগ- EOGP, Ph- 9432102675, বুধবার বাদে প্রতিদিন বেলা ১২.৩০-৫টা। ফর্ম ও বিস্তারিত তথ্য জানতে www.rbu.ac.in দেখুন।

কর্মসচিব

**CHITTARANJAN NATIONAL CANCER INSTITUTE**
(An Autonomous Institute under Ministry of Health and Family Welfare, Govt. of India)
1st Campus - 37, S. P. Mukherjee Road, Kolkata - 700 026
2nd Campus - Street No. 299, Plot No. DJ - 01, Premises No. 02-0321, Action Area ID, New Town, Kolkata - 700156

**ADVT. No. 292/2022**

Director, CNCI invites applications for the posts of **Junior Resident (Floor)** for the **1st Campus of CNCI at Hajra.**

**Name of Post : Junior Resident (Floor)**

**Category-wise breakup : UR-05 (Five), OBC-03 (Three), SC-01 (One), ST-01 (One)**

Date of Walk-in-interview **18th August 2022 from 11:30 AM onwards.**

Details of the advertisement will be available on CNCI Website https://cnci.ac.in.

Director


**স্কুল সার্ভিসে ২০০০০ এর বেশি শিক্ষক নিয়োগ শীঘ্রই**

স্কুল সার্ভিস কমিশন নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণিতে ২০০০০ এরও বেশি শূন্যপদে শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করতে চলেছে। এবারে পরীক্ষা হবে সম্পূর্ণ নতুন পদ্ধতিতে। শুধুমাত্র মেধার ভিত্তিতেই প্রার্থী নিয়োগ করা হবে বলে স্পষ্ট ভাষায় জানিয়েছে কমিশন।

স্কুল সার্ভিসে পুরোনো কোর্স ফি-তে ভর্তির শেষ তারিখ ১৫ আগস্ট। তারপর বাড়ছে কোর্স ফি।

**স্কুল সার্ভিস পরীক্ষার নয়া নিয়ম** ➯ প্রিলিমিনারি পরীক্ষা ১০০ নম্বর, বিষয়ের পরীক্ষা ১০০ নম্বর ও ইন্টারভিউ হবে ১০ নম্বরের। লিখিত পরীক্ষার প্রশ্নের ধরন হবে অবজেক্টিভ টাইপের। এই নতুন নিয়মে ক্লাস চলছে GSCE-তে।

**কেন্দ্রীয় সরকারে চাকরি** ➯ কেন্দ্রীয় সরকারে আগামী ১৮ মাসের মধ্যেই ১০ লাখ শূন্যপদে নিয়োগ হতে চলেছে। এই মুহূর্তে আবেদন গ্রহণ চলছে ব্যাঙ্ক, স্টাফ সিলেকশন, ইউপিএসসি, কেন্দ্রীয় বিদ্যালয়, আর্মি ইত্যাদি বিভিন্ন পরীক্ষায়। মাধ্যমিক থেকে মাস্টার্স, নার্সিং থেকে ম্যানেজমেন্ট সমস্ত যোগ্যতায় রয়েছে সরকারি চাকরি পাওয়ার সুযোগ।

১০০% কমনযোগ্য স্টাডি মেটিরিয়াল ও অভিজ্ঞ ফ্যাকাল্টি টিম রয়েছে GSCE তে এবং প্রতিটি সরকারি চাকরির পরীক্ষায় ছাত্রছাত্রীদের সাফল্যের হার ৮৫%। সমস্ত সরকারি চাকরির পরীক্ষায় অনলাইন ও অফলাইন প্রস্তুতির সুযোগ রয়েছে এখানে। বিস্তারিত জানতে এখনই যোগাযোগ করুন আপনার নিকটবর্তী GSCE কেন্দ্রে।

Helpline : 9830277100 / 200 / 300 | Website : www.gsceindia.org

**GSCE কেন্দ্র**

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9674087465, 9051040306 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |

**GSCE** পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920



**প্রগতি ITI-এ ভর্তি**
বহরমপুর ও কৃষ্ণনগরে

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২২ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন:

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700



**ITI-এ ভর্তি**

NCVT অনুমোদিত
TIIME-ITI-এ 2022 সেশনে ভর্তির জন্য যোগাযোগ করুন :

কোর্স : ইলেকট্রিশিয়ান, সার্ভেয়র ও আমিন সার্ভেয়র

9143234509, 9143237745



**NCTE GROUP OF COLLEGES**

GNM B.Sc **নার্সিং**

জেলাভিত্তিক ADMISSION PARTNER এর জন্য CALL 9564500100

**NEET** পরীক্ষারথীরা MBBS | BDS এর জন্য যোগাযোগ করো 9733161619

National Council of Technical Education
नैशनल काउन्सिल अफ टेकनिकाल एडुकेशन
www.ncteonline.com

কম্পিউটার কোর্স | ভোকেশনাল কোর্স | ডিগ্রি কোর্স

BUSINESS PARTNER INVITED

200+ Centres | Most Trusted Brand in India | 300+ Courses

Opportunity to Open Authorized Training Centre of NCTE

CALL FOR FRANCHISEE 9564500100 8388870782



**CCPTR, Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT)**

ADMISSION OPEN

**B.Sc. Agriculture Biotechnology**
Eligibility : 10+2 Science / Vocational

**BBA in Rural Management**
Eligibility : 10 + 2 (Any)



☛ Best Faculty ☛ Best Infra ☛ 100% Placement*
☛ Live Industrial Training ☛ Hostel Facility

**Gurukul Edutech Education & Research Foundation**
Langalberia LASKUS Campus, Kolkata- 700145, Near Narendrapur Ramakrishna Mission
M : 9804720425 / 7059918186 / 9051352337
Website- www.gurukulinstitute.org.in

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

গত সপ্তাহের পর

**২৩ জুলাই :** 'ভোডাফোন আইডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন অক্ষয় মুন্দ্রা।

❑ নিরাপদ পানীয় জল ও স্যানিটেশন প্রকল্পের জন্য, হিমাচল প্রদেশকে ৯৬.৩ মিলিয়ন মার্কিন ডলার (প্রায় ৭৭০ কোটি টাকা) ঋণ অনুমোদন করল 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক'। 'হিমাচল প্রদেশ গ্রামীণ পানীয় জল উন্নতিকরণ ও জীবিকা প্রকল্প'এর অধীনে এই ঋণ দেওয়া হয়েছে।

❑ বিশ্ব জুড়ে প্রতিনিয়ত বাড়তে থাকা 'মাঙ্কিপক্স' ভাইরাসের বাড়বাড়ন্ত রুখতে 'ইমভানেক্স' টিকাকে ছাড়পত্র দেওয়ার প্রস্তাব দিল 'ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি'। এই মুহূর্তে 'স্মলপক্স'এর বিরুদ্ধে ব্যবহৃত হয় এই টিকা। ডেনমার্কের বায়োটেকনোলজি কোম্পানি 'ব্যাভারিয়ান নর্ডিক'এর তৈরি এই টিকা মার্কিন যুক্তরাষ্ট্রে মাঙ্কিপক্সের বিরুদ্ধে ব্যবহৃত হয়। মার্কিন যুক্তরাষ্ট্রে এই টিকার স্বত্ব কিনেছে 'Jynneos'। 'ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি' জানিয়েছে, মাঙ্কিপক্সের বিরুদ্ধে এই টিকা কতটা কার্যকরী, সে বিষয়ে তথ্য সংগ্রহ করে তবেই এই টিকাটিকে ছাড়পত্র দেওয়া হবে।



'পেটিএম পেমেন্টস সার্ভিসেস'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন নকুল জৈন।

❑ রাজ্যের জন্য পর্যটন নীতি - ২০২১ চালু করলেন ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন। এই নীতি অনুযায়ী, নতুন করে সাজানো হবে দেওঘর, পরশনাথ, মধুবন, ইটখরি, যেখানে পর্যটকদের জন্য থাকবে থাকা-খাওয়ার সবরকম সুবিধা। পুণ্যার্থীদের টানতে রাজ্যের সব ধর্মীয় স্থানের সংস্কার করা হবে। গ্রাম ও শহরের দূরত্ব কমিয়ে গ্রামীণ অর্থনীতির হাল ফেরানোর কথা বলা হয়েছে এই নীতিতে। বেশ কয়েকটি গ্রামকে চিহ্নিত করে সেগুলির উন্নয়নের জন্য 'গ্রাম্য পর্যটন কমিটি' গঠন করা হয়েছে। এই নতুন নীতিতে, পর্যটনের জন্য কেউ জমি কিনতে চাইলে ২০% থেকে ২৫% ভরতুকি দেওয়া হবে। মহিলা উদ্যোক্তাদের জন্য থাকছে ছাড়ের সুবিধা।

❑ ইংল্যান্ডে, 'লিসেস্টার ক্রিকেট গ্রাউন্ড'এর নামকরণ করা হল ভারতের কিংবদন্তি ক্রিকেটার সুনীল গাভাসকারের নামে। এই প্রথমবার ইউরোপের কোনো দেশের ক্রিকেট মাঠের নাম হচ্ছে ভারতীয় ক্রিকেটারের নামে। এখন থেকে এই ক্রিকেট গ্রাউন্ডের নাম হবে 'গাভাসকর গ্রাউন্ড'। প্রসঙ্গত উল্লেখ্য, সুনীল গাভাস্কারই হলেন প্রথম ক্রিকেটার, যিনি টেস্ট ক্রিকেটে ১০,০০০ রান করেছিলেন।

**২৪ জুলাই :** নিজেদের উচ্চাভিলাষী মহাকাশ কর্মসূচির অধীনে, তার নতুন 'তিয়ানগং মহাকাশ স্টেশন'টি সম্পূর্ণ করার জন্য, ৩টি মডিউলের মধ্যে দ্বিতীয় মডিউল 'ওয়েনটিয়ান' (যার আক্ষরিক অর্থ 'স্বর্গের সন্ধান') সফলভাবে চালু করল চিনা মহাকাশ সংস্থা। চিনের গ্রীষ্মমণ্ডলীয় দ্বীপ হাইনানের ওয়েনচাং লঞ্চ কেন্দ্র থেকে, 'লং মার্চ ৫বি' রকেটের মাধ্যমে মানবহীন এই মডিউলটি চালু করা হয়েছে। প্রথম মডিউল 'তিয়ানগং' (যার অর্থ 'স্বর্গীয় প্রাসাদ') ২০২১ সালের এপ্রিলে চালু করা হয়েছিল ও তৃতীয় মডিউল 'মেংটিয়ান' এ'বছরের অক্টোবরে চালু হবে বলে মনে করা হচ্ছে। তৃতীয় তথা শেষ মডিউলটি না চালু হওয়া পর্যন্ত মহাকাশ স্টেশনটির আকৃতি থাকবে ইংরিজি 'L' আকৃতিবিশিষ্ট। ৩টি মডিউল সম্পূর্ণ হয়ে গেলে মহাকাশ স্টেশনটির আকৃতি হবে ইংরিজি 'T'এর মতো।

❑ আসন্ন ৪৪ তম 'আন্তর্জাতিক দাবা অলিম্পিয়াড ২০২২'এর জন্য, মিউজিক ভিডিওর উন্মোচন করলেন 'গ্র্যামি' ও 'অস্কার' পুরস্কার জয়ী ভারতীয় সুরকার আল্লা রাখা রহমান। গানটির নাম 'ভানাক্কাম চেন্নাই' (স্বাগত সঙ্গীত)। গানের ভিডিওটিতে তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম.কে.স্ট্যালিন, গ্র্যান্ডমাস্টার বিশ্বনাথন আনন্দ, গ্র্যান্ডমাস্টার বর্ষিনী ভেলাভান, গ্র্যান্ডমাস্টার কৃষ্ণণ শশীকিরণ-সহ অন্যান্যদের দেখা গেছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২৮ জুলাই থেকে ১০ আগস্ট পর্যন্ত তামিলনাড়ুর রাজধানী শহর চেন্নাইতে অনুষ্ঠিত হতে চলেছে ৪৪ তম 'আন্তর্জাতিক দাবা অলিম্পিয়াড'।

❑ সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিলেন ভারতীয় মহিলা ক্রিকেট দলের উইকেটকিপার করুণা জৈন।

❑ 'ফরাসি গ্রাঁ প্রি' জিতলেন রেড বুলের ম্যাক্স ভারস্তাপেন।

❑ ২০২২ সালে 'বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের জ্যাভলিন থ্রোয়ের ফাইনালে রুপোর পদক পেলেন ভারতীয় তারকা নীরজ চোপড়া। ৮৮.১৩ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়ে এই কৃতিত্ব অর্জন করলেন তিনি। ২০০৩ সালে অঞ্জু ববি জর্জের ব্রঞ্জ পদকের পর, বিশ্ব চ্যাম্পিয়নশিপে আবার পদক পেল ভারত। প্রসঙ্গত উল্লেখ্য, ৯০.৫৪ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়ে সোনার পদক পেয়েছেন গ্রেনাডার অ্যান্ডারসন পিটার্স।

❑ ২০২২ সালে 'সুইস ওপন টেনিস টুর্নামেন্ট'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন নরওয়ের ক্যাসপার রুড। ইতালির মাত্তেও বেরেত্তিনিকে ৪-৬, ৭-৬ (৪) ও ৬-২ ব্যবধানে হারিয়ে, এই খেতাব জিতলেন তিনি। এটি ক্যাসপার রুডের নবম এটিপি খেতাব।

**২৫ জুলাই :** 'ইন্ডিয়া ডেফ ক্রিকেট অ্যাসোসিয়েশন'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন রমা বলবানী।

❑ 'ন্যাশনাল ল্যান্ড ম্যানেজমেন্ট কর্পোরেশন'এর অন্তর্বর্তীকালীন চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন সঞ্জয় কুমার জৈন।

❑ ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সম্পর্ক শক্তিশালী করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য, প্রাক্তন ভারতীয় সেনাপ্রধান জেনারেল মনোজ মুকুন্দ নারাভানেকে সম্মানিত করল 'ইউএস-ইন্ডিয়া স্ট্র্যাটেজিক পার্টনারশিপ ফোরাম'। এছাড়াও, প্রাক্তন মার্কিন প্রতিরক্ষা সেক্রেটারি জেনারেল জিম ম্যাটিসকেও 'পাব্লিক সার্ভিস পুরস্কার' দেওয়া হয়েছে।

❑ গ্রামীণ অঞ্চলে স্বাস্থ্য পরিষেবা দেওয়ার লক্ষ্যে, বিশাখাপত্তনম জেলার পদ্মনাভম মণ্ডলে প্রাথমিক ভিত্তিতে 'ফ্যামিলি ডক্টর প্রকল্প' বাস্তবায়নের সিদ্ধান্ত নিল অন্ধ্র প্রদেশ সরকার। ১৫ আগস্ট থেকে এই প্রকল্প বাস্তবায়িত করা হবে বলে মনে করা হচ্ছে। এই প্রকল্পের অংশ হিসাবে, ওয়ার্ড ও গ্রাম সচিবালয়ের মানুষের স্বাস্থ্য বিষয়ে দেখভাল করার জন্য প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে একজন চিকিৎসককে নির্বাচন করা হবে।

❑ জাপানের কিউশু দ্বীপে 'সাকুরাজিমা' আগ্নেয়গিরিতে অগ্ন্যুৎপাত ছড়িয়ে পড়ল। সেখানে ২.৫ কিলোমিটার পর্যন্ত ছড়িয়ে পড়ছে আগ্নেয়শিলা, বেরিয়ে আসছে ম্যাগমা ও লাভার স্রোত। এজন্য সতর্কতা জারি করেছে জাপানের আবহাওয়া সংক্রান্ত বিভাগ। প্রসঙ্গত উল্লেখ্য, জাপানের অন্যতম সক্রিয় আগ্নেয়গিরি হল এই সাকুরাজিমা আগ্নেয়গিরি। ২০১৯ সাল থেকে জেগে উঠেছে এই আগ্নেয়গিরি।

❑ বার্মিংহামে অনুষ্ঠিত, আইসিসি'র বার্ষিক সম্মেলনে ৩টি দেশকে সদস্যপদের মর্যাদা দিল 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল'। এশিয়ার ২টি দেশ কম্বোডিয়া ও উজবেক-ই-স্তান ও আফ্রিকার আইভরি কোস্টকে সহযোগী সদস্যের মর্যাদা দেওয়া হয়েছে। এর ফলে, ক্রিকেট মানচিত্রে জায়গা করে নিল এই ৩টি দেশ। এই নতুন ৩টি দেশ মিলিয়ে 'আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা'র মোট সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ১০৮টি, যার মধ্যে সহযোগী সদস্য পদের মর্যাদা পায় ৯৬টি দেশ ও পূর্ণ সদস্য পদের মর্যাদা পায় ১২টি দেশ। কম্বোডিয়া ও উজবেক-ই-স্তানকে মিলিয়ে আইসিসি'তে এশিয়ার সদস্য সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৫ ও আইভরি কোস্টকে মিলিয়ে আফ্রিকার সদস্য সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২১।

**২৬ জুলাই :** রাজস্থানে চালু হতে চলেছে প্রথম মহিলা পরিচালিত সমবায় ব্যাঙ্ক। এজন্য তেলেঙ্গানা সরকারের 'স্ত্রী নিধি ক্রেডিট কোঅপারেটিভ ফেডারেশন'এর সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল 'রাজস্থান গ্রামীণ আজীবিকা বিকাশ পরিষদ'। এটির নাম 'রাজস্থান মহিলা নিধি'। 'তেলেঙ্গানা স্ত্রী নিধি'র আদলে তৈরি হবে এই 'রাজস্থান মহিলা নিধি', যা প্রচলিত ব্যাঙ্কিং ব্যবস্থার পরিপূরক সংস্থা হিসাবে কাজ করবে। এটি সম্পূর্ণ মহিলা কর্মীদের মাধ্যমে পরিচালিত হবে, যা নারী ক্ষমতায়নের প্রচার করবে। প্রথম বছর রাজ্যের ১৫টি জেলায় এই মহিলা নিধি চালু করা হবে। এখন, রাজ্যের ৬টি জেলা যেমন, করাউলি, কোটা, আলওয়ার, রাজসমন্দ, যোধপুর ও দুঙ্গারপুরে মহিলা নিধির কাজ শুরু হয়েছে।



ইউক্রেনের প্রেসিডেন্ট ভ্লাদিমির জেলেনস্কিকে 'উইনস্টন চার্চিল লিডারশিপ পুরস্কার' দিলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন। ইউক্রেনে, রাশিয়ার আক্রমণের বিরুদ্ধে রুখে দাঁড়ানো ও অসামান্য লড়াইয়ের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। ১৯৪০ সালে 'দ্বিতীয় বিশ্বযুদ্ধ'এর সময় যুক্তরাজ্যের তৎকালীন প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিলও একই পরিস্থিতির মুখোমুখি হয়েছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০০৬ সালে প্রথমবার এই পুরস্কার দেওয়া হয়।

❑ ভারতে আরও নতুন ৫টি জলাভূমিকে রামসর সাইটের মর্যাদা দেওয়া হয়েছে। এই ৫টি জলাভূমি হল : কারিকিলি পাখি অভয়ারণ্য (তামিলনাড়ু), পল্লীকরণাই মার্শ রিজার্ভ ফরেস্ট (তামিলনাড়ু), পিচাভরম ম্যানগ্রোভ (তামিলনাড়ু), পালা জলাভূমি (মিজোরাম) ও সখ্য সাগর (মধ্য প্রদেশ)। এর ফলে, এখন দেশের মোট রামসর সাইটের সংখ্যা দাঁড়িয়েছে ৫৪টি।

❑ ২০২৪ সালের পর, 'আন্তর্জাতিক মহাকাশ স্টেশন' থেকে সরে যাওয়ার সিদ্ধান্ত নিল রাশিয়া। আন্তর্জাতিক মহাকাশ স্টেশন থেকে সরে গিয়ে, নিজেদের আলাদা মহাকাশ স্টেশন তৈরি করার কথা জানিয়েছে এই দেশটি। ইউক্রেনে হামলা নিয়ে মস্কোর সঙ্গে পশ্চিমী দেশগুলির বিরোধের মধ্যেই এই ঘোষণা করল 'ক্রেমলিন'। প্রসঙ্গত উল্লেখ্য, ভূপৃষ্ঠ থেকে প্রায় ৪০০ কিলোমিটার ওপরে পৃথিবীর কক্ষপথে মহাকাশ স্টেশনের অবস্থান, যেটি ভরশূন্য অবস্থায় দিন-রাতে প্রায় দেড় ঘন্টা অন্তর এক বার করে পৃথিবীকে প্রদক্ষিণ করে চলেছে ১৯৯৮ সাল থেকে। ২০২৪ সালেই আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের কার্যক্ষমতা শেষ হবে বলে মনে করা হয়েছিল। তবে, 'নাসা' এখন জানিয়েছে, বর্তমানে মহাকাশ স্টেশনটি যে অবস্থায় আছে, তাতে ২০৩০ সাল পর্যন্ত এটি কাজ চালিয়ে যেতে পারবে বলে মনে করা হচ্ছে।

❑ ফিনটেক কোম্পানি 'পেটিএম'কে সরিয়ে, আন্তর্জাতিক ও ঘরোয়া ক্রিকেটে ভারতীয় ক্রিকেট দলের নতুন টাইটেল স্পন্সর হল 'মাস্টারকার্ড'। ম্যাচ প্রতি ৩.৮০ কোটি টাকায় নতুন সংস্থাটির হাতে অধিকারসত্ব তুলে দেওয়া হয়েছে।



বীরভূম জেলার বোলপুরের ১ টাকার চিকিৎসক ড.সুশোভন বন্দ্যোপাধ্যায় (৮৪ বছর) মারা গেলেন। 'পদ্মশ্রী' সম্মানে ভূষিত এই চিকিৎসক তাঁর জীবনের দীর্ঘ ৫৭ বছর মাত্র ১ টাকা মূল্যে বহু মানুষকে চিকিৎসা পরিষেবা দিয়েছেন। তাঁর এই কাজের জন্য, ২০২১ সালে 'পদ্মশ্রী' সম্মান পান তিনি।

❑ ২০২৫ সালে আইসিসি মহিলা একদিনের আন্তর্জাতিক ক্রিকেট বিশ্বকাপ আয়োজন করবে ভারত।

**২৭ জুলাই :** ভারতের প্রথম রাজ্য হিসাবে, সেমিকন্ডাক্টর ও ডিসপ্লে উৎপাদন ক্ষেত্রের জন্য 'সেমিকন্ডাক্টর নীতি' চালু করল গুজরাত সরকার। এদিন 'সেমিকন্ডাক্টর নীতি ২০২২-'২৭' ঘোষণা করলেন গুজরাতের মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল। এই নীতি অনুযায়ী, সেমিকন্ডাক্টর বা ডিসপ্লে ফ্যাব্রিকেশন ম্যানুফ্যাকচারিংয়ে বিনিয়োগ করতে আগ্রহী-উদ্যোক্তাদের জন্য বিদ্যুৎ, জমি ও জল শুল্কে ভরতুকি দেবে রাজ্য সরকার। আহমেদাবাদের কাছে, ধোলেরা স্পেশাল ইনভেস্টমেন্ট রিজিয়নে 'ধোলেরা সেমিকন সিটি' স্থাপন করবে রাজ্য সরকার, যেখানে যোগ্য প্রকল্পগুলিকে উৎপাদন ইউনিট স্থাপন করার জন্য ভরতুকি দেওয়া হবে। কেন্দ্রীয় সরকারের 'ইন্ডিয়া সেমিকন্ডাক্টর মিশন'এর সঙ্গে সামঞ্জস্য রেখে এই নীতিটি তৈরি করা হয়েছে।

❑ এক দশক অপেক্ষার পর, মার্কিন যুক্তরাষ্ট্রের কাছ থেকে প্রথম দফায় ২টি 'MH-60 R' রোমিও হেলিকপ্টার পেল ভারত। এ'বছরের শেষের দিকে আরও একটি রোমিও হেলিকপ্টার ভারতে এসে পৌঁছাবে বলে মনে করা হচ্ছে। বাকি ২১টি হেলিকপ্টার ধাপে ধাপে ২০২৪ সালের আগেই দেশে আসবে বলে জানানো হয়েছে। কপ্টার প্রস্তুতকারক সংস্থা 'লকহিড মার্টিন'এর কাছে ২৪টি 'MH-60 R' রোমিও হেলিকপ্টার বরাত দিয়েছিল ভারত। প্রায় ১৭ হাজার ৮৩০ কোটি টাকার বিনিময়ে এই হেলিকপ্টারগুলি কিনছে ভারত। এই হেলিকপ্টারে যুক্ত থাকবে AGM-114 হেলফায়ার মিসাইল ও MK 54 টর্পেডো। সাবমেরিন ধ্বংসের পাশাপাশি সমুদ্রে তল্লাশি ও উদ্ধারকাজ চালাতে অত্যন্ত দক্ষ এই হেলিকপ্টার।

❑ নিজেদের স্কুলে একটি সহযোগী শিক্ষার কৌশলের অংশ হিসাবে, ভারতের প্রথম টিচিং রোবট চালু করল 'ইন্ডাস ইন্টারন্যাশনাল স্কুল'। রোবটটির নাম 'ঈগল'। ইন্ডাস স্কুলের ৩টিতে (হায়দরাবাদ, বেঙ্গালউরু ও পুণে) প্রতিটিতে ৭টি করে মোট ২১টি ঈগল রোবট মোতায়েন করা হয়েছে। এই রোবট একাই ৫ থেকে ১১ গ্রেডের পড়ুয়াদের শিক্ষা দিতে পারে ও কোনো শিক্ষকের সঙ্গেও শ্রেণিকক্ষে শিক্ষা দিতে সক্ষম এই রোবট। রোবটটির নকশা এমনভাবে তৈরি করা হয়েছে, যাতে রোবটগুলি একইসঙ্গে প্রশ্নের উত্তর দিতে, সমস্যা সমাধান করতে ও ক্লাসের শেষে একটি পরীক্ষা পরিচালনা করতে পারে।

❑ কোটাক প্রাইভেট ব্যাঙ্কিং - হারুন তালিকা অনুসারে, ভারতের সবথেকে ধনীতম মহিলার তকমা পেলেন 'এইচসিএল টেকনোলজিস'এর চেয়ারপার্সন রোশনি নাদার মলহোত্রা। ২০২১ সালে তাঁর সম্পত্তির পরিমাণ ৫৪% বেড়েছে। এখন তাঁর মোট সম্পত্তির পরিমাণ ৮৪,৩৩০ কোটি টাকা। দ্বিতীয় স্থানে রয়েছেন সৌন্দর্য ব্র্যান্ড 'নাইকা'র কর্ণধার ফাল্গুনী নায়ার। এখন তাঁর মোট সম্পত্তির পরিমাণ ৫৭,৫২০ কোটি টাকা।

☞ এরপর ৮ পাতায়

বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

## MAKAUT ও গুরুকুলের যৌথ উদ্যোগে চাকুরিমুখী B.Sc. Agriculture Biotechnology ডিগ্রি কোর্সে ভর্তি চলছে

**নিজস্ব প্রতিনিধি :** উচ্চমাধ্যমিক রেজাল্ট বেরিয়ে যাওয়ার সাথে সাথে ছাত্রছাত্রী ও অভিভাবকরা চিন্তিত যে কী নিয়ে গ্র্যাজুয়েশন করলে সুনিশ্চিত কেরিয়ার পাওয়া যাবে, কোথায় ভর্তি হবে? CCPTR (MAKAUT), গুরুকুল এর যৌথ উদ্যোগে সায়েন্স (Bio / Pue) / ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীদের জন্য শুরু করেছে কর্মসংস্থানমুখী কোর্স বি.এসসি এগ্রিকালচার বায়োটেকনোলজি ডিগ্রি কোর্স। ভারতবর্ষের অর্থনীতি ও সমস্ত ক্ষেত্রের মুখ্য স্তম্ভ হল কৃষি ও বায়োটেকনোলজি। ভারতবর্ষের ৭০% এমপ্লয়মেন্ট কৃষি ও বায়োটেকনোলজি কেন্দ্রীক। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এর প্রাক্তন ডিন Prof. R. K. Ghosh ও IAS অফিসার ও প্রাক্তন মুখ্যসচিব শ্রী রায় জানালেন, 'Agriculture Biotechnology' সেক্টরে কাজ জানা প্রশিক্ষিতদের বিপুল চাহিদা সরকারি ও বেসরকারি এবং বৈদিশিক মাল্টি ন্যাশনাল সংস্থায়। এদের চাকুরি খুঁজতে হয় না, চাকুরি এদের খুঁজে নেয়। এই কোর্স করে তাই সহজেই শিক্ষার্থী চাকুরির সুযোগ পেতে পারে সরকারি ও বেসরকারি কৃষি ও বায়োটেকনোলজি সংস্থা, ব্যাঙ্ক, মাল্টি ন্যাশনাল সার, সীড, পেস্টি সাইড সংস্থা, রিসার্চ ল্যাবে ম্যানেজার, অ্যানালিস্ট, প্রোডাক্ট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিসার বা সুপারভাইজর এবং অন্যান্য নানা পদে। গুরুকুলের কলকাতা ক্যাম্পাসে রয়েছে নিজস্ব অত্যাধুনিক ফার্ম, অত্যাধুনিক বায়োটেকনোলজি ও জেনেটিক্সের ল্যাব। কোর্সের প্রথম থেকেই ক্যাম্পাসে থিওরি ও প্র্যাক্টিক্যালের সঙ্গে সঙ্গে এগ্রিকালচার ও বায়োটেকনোলজি সম্পর্কিত শিল্পক্ষেত্রে হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে ছাত্রছাত্রীদের জব রেডি করে তোলে। রয়েছে নিখরচায় সফট স্কিল, স্পোকেন ইংলিশ ও ইন্টারভিউ সেশন। সীমিত আসনে ভরতির জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায়- গুরুকুল এডুটেক এডুকেশন অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন, লাঙলবেড়িয়া, LASKUS ক্যাম্পাস, কলকাতা (নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে), ফোন- ৯৮০৪৭২০৪২৫, ৭০৫৯৯১৮১৮৬, ৯০৫১৩৫২৩৩৭, ওয়েবসাইট- www.gurukulinstitute.org.in

## নাটকের অভিনয় ও কারিগরি শিক্ষার সার্টিফিকেট কোর্স

**নিজস্ব প্রতিনিধি :** উত্তর ২৪ পরগনা জেলার গোবরডাঙা শিল্পায়ন স্টুডিও থিয়েটারে কেন্দ্রীয় সরকারের সংস্কৃতি মন্ত্রক ও বেলুড়ের রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের সহযোগিতায় ১ বছরের সার্টিফিকেট কোর্সে ভরতি শুরু হয়েছে। এতকাল এই রাজ্যে অভিনয় শেখার কোনো ভালো ইনস্টিটিউট ছিল না। এবার সেই অভাব মিটবে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের থিয়েটার স্টাডিজ ও সিনে সেন্ট্রালও এই কোর্সে সাহায্যের জন্য এগিয়ে এসেছে। ট্রেনিং দেবেন বাংলা তথা ভারতের সেরা ব্যক্তিত্বরা। অভিনয়ের পাশাপাশি এখানে নাট্যকর্মী হয়ে ওঠার জন্যে আলোকসজ্জা, রূপসজ্জা, মঞ্চসজ্জা আর শব্দ প্রেক্ষপণের ট্রেনিংও দেওয়া হবে। ফলে অত্যাধুনিক সরঞ্জাম ব্যবহার করে কারিগরি জ্ঞান বাড়লে আগামী দিনে ব্যবসা করেও স্বনির্ভর হতে পারবেন।

উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ১৮ বছর বা তার বেশি বয়স হলে অভিনয় ও নাটকের কারিগরি শিক্ষার এই কোর্সে ভরতি হতে পারেন। ক্লাস হবে প্রতি রবিবার বেলা সাড়ে ১১টা থেকে দেড়টা পর্যন্ত। ফী ৩,৬০০ টাকা। দেওয়া যাবে ২টি কিস্তিতে। এছাড়া যেকোনো শাখার গ্রাজুয়েটরা পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি হতে পারেন। ক্লাস হবে প্রতি সোমবার সন্ধে ৬টা থেকে ৮টা। ৩ মাসের কোর্স। ফী ৬,০০০ টাকা। অভিনেতা, অভিনেত্রী বা নাট্যকর্মী হিসাবে যাঁরা পেশাদার হয়ে উঠতে চান, তাঁদের ক্ষেত্রে এই কোর্স ও সার্টিফিকেট খুব গুরুত্বপূর্ণ। কারিগরি বিষয়ে হাতে-কলমে ট্রেনিং দেবেন নামি দক্ষ প্রশিক্ষকরা। ৯-১৩ বছরের কিশোর-কিশোরীদের কো-কারিকুলাম শিক্ষার জন্য এখানে অভিনয়ের কোর্সও আছে। মননশীল বৈজ্ঞানিক পদ্ধতিতে নামি নাট্য প্রশিক্ষকরা অভিনয়, শব্দ প্রক্ষেপণ ও নাচের শৈলী শেখাবেন। আর এই সার্টিফিকেট আগামী দিনে উচ্চশিক্ষায় কাজে আসবে। ফী ৩,০০০ টাকা। দেওয়া যাবে ২টি কিস্তিতে। ক্লাস হবে প্রতি রবিবার সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১১টা। প্রতিটি বিভাগে ৪০টা সীট। আগে এলে আগে ভরতির সুযোগ পাবেন। প্রতি রবিবার সকাল ১০টা থেকে শিল্পায়ন স্টুডিও থিয়েটারে ভরতি চলছে। নতুন সেশনে ক্লাস শুরু হবে ৪ সেপ্টেম্বর থেকে। তবে ভরতি হতে হবে ২৩ আগস্টের মধ্যে। এখনই যোগাযোগ করুন এই ঠিকানায়—গোবরডাঙা শিল্পায়ন, প্রযত্নে-বীথিকা, গ্রাম : কলেজ রোড, পোস্ট : খাঁটুরা, গোবরডাঙা, উত্তর ২৪ পরগনা, ফোন : ৯৭৩৩৯২৫৩৮৪ / ৯৪৩৪৩৬৫৫৭৪ / ৯৭৩৫৫৫০৯৩৩।

## স্কুল সার্ভিসে ২০ হাজারের বেশি শিক্ষক নিয়োগের ঘোষণা

স্কুল সার্ভিস কমিশন প্রায় ৬ বছর ধরে রাজ্যের সব মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগের বিরাট ঘোষণা করেছে। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে ২০ হাজারেরও বেশি শূন্যপদে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হতে পারে। শিক্ষক হওয়ার স্বপ্ন দু'চোখে নিয়ে যাঁরা বিএড পড়েছেন তাদের জন্য স্কুলে সরকারি চাকরি পাওয়ার সুবর্ণসুযোগ আসতে চলেছে। কমিশন জানায়, এবারে পুরোপুরি নতুন নিয়মে পরীক্ষা নেওয়া হবে। স্কুল সার্ভিস পরীক্ষার নয়া নিয়মে '১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা' ও '১০০ নম্বরের বিষয়ের পরীক্ষা' থাকবে। প্রার্থীদের ১০ নম্বরের ইন্টারভিউ দিতে হবে। লিখিত পরীক্ষার প্রশ্নের ধরন অবজেক্টিভ টাইপের হবে। আর শুধুমাত্র মেধার ভিত্তিতেই শিক্ষক নিয়োগ করা হবে। SLST পরীক্ষার জন্য অনলাইন বা, অফলাইনে ভরতি হলে GSCE-তে বেশকিছু পরিষেবা পাওয়া যাবে। এগুলি হল : SLST Preliminary Test – এর জন্য (১) সাবজেক্ট অনুযায়ী ক্লাস, (২) SLST প্রিলিমিনারি পরীক্ষার জন্য প্রতি সপ্তাহে ইংরিজি ও বাংলা ভাষায় সাবজেক্টওয়াইজ মেটিরিয়ালস, (৩) প্রতিটি সাবজেক্টের জন্য ক্লাস টেস্ট, (৪) ১৫ দিন অন্তর পুরো সিলেবাসের ওপরে ইংরিজি ও বাংলা ভাষায় একটি করে মক টেস্ট, (৫) প্র্যাকটিস করার জন্য প্রতিদিন 'ডেলি মক টেস্ট', (৬) প্রত্যেক দিনের কারেন্ট অ্যাফেয়ার্স ও (৭) মান্থলি কারেন্ট অ্যাফেয়ার্স পাবেন। আর SLST Subject – এর জন্য (১) সাবজেক্ট অনুযায়ী ক্লাস, (২) প্রতি মাসের শেষে প্রতিটি সাবজেক্টের স্টাডি মেটিরিয়ালস PDF আকারে স্টুডেন্টদের মেল আইডিতে পাঠানো হবে, (৩) প্রতিটি মেটিরিয়ালসের সঙ্গে সাবজেক্টওয়াইজ অবজেক্টিভ টাইপের প্রশ্নোত্তর দেওয়া হবে, (৪) ইউনিট অনুযায়ী ক্লাস টেস্ট নেওয়া হবে, (৫) প্রতি মাসে প্রতিটি বিষয়ে ২টি করে মকটেস্ট নেওয়া হবে। নতুন পরীক্ষা পদ্ধতিতে GSCE-তে ক্লাস চলছে। তবে স্কুল সার্ভিসে পুরোনো কোর্স ফি-তে ভরতির শেষ তারিখ ১৫ আগস্ট। তারপর কোর্স ফি বাড়ছে। এছাড়াও কেন্দ্রীয় সরকারে আগামী ১৮ মাসের মধ্যেই ১০ লাখ শূন্যপদে নিয়োগ হতে চলেছে। ব্যাঙ্ক, স্টাফ সিলেকশন, ইউপিএসসি, কেন্দ্রীয় বিদ্যালয়, আর্মি ইত্যাদি নানান পরীক্ষায় আবেদন নেওয়া শুরু হয়েছে। মাধ্যমিক থেকে মাস্টার্স, নার্সিং থেকে ম্যানেজমেন্ট সব যোগ্যতায় সরকারি চাকরি পাওয়ার সুযোগ রয়েছে। GSCE তে ১০০% কমনযোগ্য স্টাডি মেটিরিয়াল ও অভিজ্ঞ ফ্যাকাল্টি টিম রয়েছে। প্রতিটি সরকারি চাকরির পরীক্ষায় এই প্রতিষ্ঠানের ছেলেমেয়েদের সাফল্যের হার ৮৫%। এখানে সব সরকারি চাকরির পরীক্ষায় অনলাইন ও অফলাইন প্রস্তুতির সুযোগ রয়েছে। এই সব বিষয়ে বিস্তারিত জানতে এখনই যোগাযোগ করুন নিকটবর্তী GSCE কেন্দ্রে। GSCE-র প্রতিটি কেন্দ্রের নাম ও ফোন নম্বর দেওয়া হল। বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৯৮৩০২৭৭১০০ / ২০০/৩০০ অথবা আপনার বাড়ির কাছে GSCE শিক্ষাকেন্দ্রে সরাসরি যোগাযোগ করুন — শিয়ালদহ (হেড অফিস) : ৯৬৭৪০৮৭৪৬৫, ৯০৫১০৪০৩০৬, কোচবিহার : ৯৮৩০২৭৭০২৩, আলিপুরদুয়ার : ৯৬৭৪০৩৩৩৩৬, দিনহাটা : ৯৮৩০২৭৭৬৯৮, জলপাইগুড়ি : ৯৬৭৪০২৫৬০০, ধূপগুড়ি : ৯৮৩০২৭৭২৫৭, শিলিগুড়ি : ৯৬৭৪০৮৭৪৭৩, কালিম্পং : ৯৮৩০২৭৭১৭১, মালদা : ৯৬৭৪০৮৭৪৭২, বহরমপুর : ৯৬৭৪০৮৭৪৭১, কৃষ্ণনগর : ৯৬৭৪০৮৭৪৭০, রানাঘাট : ৯৬৭৪০৮৩৫০৮, কল্যাণী : ৯৬৭৪০৮৭৪৬৯, ব্যারাকপুর : ৯২৩০০৫৬৬৬৮, ডানলপ : ৯২৩০০৫৬৬৭৩, বারাসাত : ৯৬৭৪০৮৭৪৬৭, কোন্নগর : ৯২৩০০৫৬৬৬৭, সোনারপুর : ৯৬৭৪০৮৭৪৬৬, পশ্চিম মেদিনীপুর : ৯২৩০০৫৬৬৭১, ঝাড়গ্রাম : ৯৬৭৪০৮৭৮৭৪, বর্ধমান : ৯৬৭৪০২৫৭০০, বোলপুর : ৯৬৭৪০১২০২৫, ব্যান্ডেল : ৯২৩০০৫৬৬৬৯, কাটোয়া : ৯৮৩০২৭৭২৩০।

## কেন্দ্রীয় সংস্থায় প্রতিবন্ধীদের হাতের কাজের ট্রেনিং

কেন্দ্রীয় সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের অধীন প্রতিবন্ধীদের বৃত্তিমূলক পুনর্বাসন কেন্দ্র, কলকাতা প্রতিবন্ধী ছেলেমেয়েদের কর্মসংস্থানের জন্য হাতের কাজের ট্রেনিং দিচ্ছে এই ৬টি ট্রেডে : (১) কম্পিউটার অ্যাপ্লিকেশন। মেয়াদ : ১ বছর, যোগ্যতা : ন্যূনতম দশম শ্রেণি পাস। (২) ড্রেস মেকিং (কাটিং ও টেলারিং)। মেয়াদ : ১ বছর, যোগ্যতা : ক্লাস এইট পাস। (৩) জেনারেল মেকানিক (ফিটিং, টার্নিং ও ওয়েল্ডিং)। মেয়াদ ও যোগ্যতা : আগের মতোই। (৪) উড ওয়ার্কস (কার্পেন্ট্রি)। মেয়াদ : ১ বছর, যোগ্যতা : ক্লাস এইট পাস। (৫) কনজিউমার ইলেক্ট্রনিক্স (রেডিও ও টিভি)। মেয়াদ : ১ বছর, যোগ্যতা : ন্যূনতম মাধ্যমিক পাস। (৬) ডোমেস্টিক অ্যাপ্লায়েন্স সার্ভিসিং ও রিপেয়ারিং। মেয়াদ : ৯ মাস, যোগ্যতা : ন্যূনতম ক্লাস এইট পাস। ১৫ থেকে ৫০ বছরের এইসব ক্যাটেগরির প্রতিবন্ধীরা আবেদন করতে পারবেন — অস্থি সংক্রান্ত প্রতিবন্ধী, শ্রবণ প্রতিবন্ধী, দৃষ্টি সংক্রান্ত প্রতিবন্ধী, সামান্য মানসিক জড়বুদ্ধি সম্পন্ন প্রতিবন্ধী, একাধিক অক্ষমতা যুক্ত প্রতিবন্ধী, কিওরড লেপ্রোসি। ট্রেনিং চলাকালীন মাসিক বৃত্তি ২,৫০০ টাকা। ছেলেমেয়েদের থাকার জন্য নিখরচায় আলাদা হোস্টেল রয়েছে। পড়াশোনার জন্যও কোনো খরচ লাগবে না। ভরতির সময় জমা দিতে হবে এইসব নথিপত্র — সরকারি হাসপাতালের মেডিকেল সার্টিফিকেটের নকল, রেশন কার্ড / ভোটার কার্ড / আধার কার্ডের জেরক্স কপি, শিক্ষাগত যোগ্যতার জেরক্স কপি, বয়সের প্রমাণপত্রের জেরক্স কপি, কাস্ট সার্টিফিকেটের জেরক্স ও সদ্য তোলা স্ট্যাম্প সাইজের ফটো। ভরতির জন্য প্রতিবন্ধীরা যেকোনো দিন (সোম থেকে শুক্রবার) সকাল ১০টা থেকে বেলা ১টার মধ্যে যাবতীয় নথিপত্রের মূল কপি ও নকল নিয়ে যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (এমপ্লয়মেন্ট), ন্যাশনাল কেরিয়ার সার্ভিস সেন্টার ফর ডিফারেন্টলি অ্যাবলড, ব্লক ইএন/৮১, সেক্টর ৫, সল্ট লেক সিটি, কলকাতা-৭০০০৯১। ফোন : (০৩৩) ২৩৫৭-৬৪৮৯, ওয়েবসাইট : www.vrchkolkata.org

## উচ্চ আয়ের পেশা ফিজিওথেরাপি চিকিৎসক

**সৈকত হালদার, ব্যারাকপুর :** ফিজিওথেরাপি এককথায় যথেষ্ট গ্ল্যামারাস প্রফেশন। একবার সঠিক জায়গা থেকে কোর্স করতে পারলে, শুধুমাত্র মোটা আয়েরই সুযোগ নয়, কেরিয়ার একেবারে অন্য লেভেলে পৌঁছে যাবে। এজন্য কী দরকার? আর কোন জায়গা থেকে পড়লে ফিজিওথেরাপিস্ট হিসাবে এই ইন্ডাস্ট্রিতে কাজ করতে পারবেন? উত্তরে রাজ্যের স্বনামধন্য ফিজিওথেরাপির প্রতিষ্ঠান ব্যারাকপুর কলেজ অফ এডুকেশনের কর্ণধার প্রফেসর ড. পি. চক্রবর্তী জানালেন 'দেখুন সবচেয়ে আগে যা দরকার, তা হল রাজ্য স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় (সরকারি বিশ্ববিদ্যালয়) অনুমোদিত সঠিক প্রতিষ্ঠান খুঁজে পাওয়া। যারা ব্যাচেলর অফ ফিজিওথেরাপি কোর্স পড়ায়। কারণ, এই কয়েক বছর আগে পর্যন্ত আমাদের রাজ্যে, ছেলেমেয়েদের জন্য এই কোর্স পড়ানোর কোনো প্রতিষ্ঠান ছিল না। পড়তে চাইলে যেতে হত বাইরের রাজ্যে। কিন্তু এখন সেই সমস্যা মিটেছে। এখন এখানেই এই কোর্স পড়ানো হচ্ছে। খালি মাথায় রাখতে হবে, কোর্সের কারিকুলাম যেন ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড হয় আর যাঁরা পড়াচ্ছেন তাঁরা যেন এই ইন্ডাস্ট্রি থেকেই হয়'। ইতিমধ্যেই তাদের ক্লিনিকে বেশ কিছু কঠিন সমস্যাযুক্ত রোগীকে ভালো করে তুলছেন অভিজ্ঞ ফিজিওথেরাপিস্টবৃন্দ। এই কোর্স করে কীভাবে পড়তে পড়তেই আয় করবেন তা জানতে সরাসরি উপদেশ নিতে পারেন বি.সি.ই কলেজর এই নম্বরে ফোন করে : ৮৫৮২৯৩৩১৫০, ৯৮৩০৬১৯১৯৪।

**ENVIRONMENTAL ANALYST COURSE**
(Approved by Tech. Edn. Dept, Govt of West Bengal)
Environmental Analyst course approved by Technical Education, Govt. of West Bengal, for employment in Laboratories, Industries & NGO's for pollution measurement. Eligibility : Science Graduate
**Sea Explorer Institute** Outram Ghat, Kolkata- 21.
Ph: 9073848158, 9433106856 | Website : www.seiindia.org

**অল্প খরচে Pharmacy Course করে নিজেকে সুপ্রতিষ্ঠিত করে তুলুন**
D.PHARM
B.PHARM
M.PHARM
PHARM-D
More Information
**KR GROUP OF INSTITUTIONS**
**9330161567**
এছাড়াও আমাদের Others Course :
**PARAMEDICAL, AGRICULTURE, NURSING, LAW, MANAGEMENT.**
Any query : 8017811251

৬ পাতার পর

□ ২০২৪ সালের 'প্যারিস অলিম্পিক্স'এর অফিশিয়াল স্লোগান প্রকাশিত হল। স্লোগানটির নাম 'গেমস ওয়াইড ওপেন', যার আক্ষরিক অর্থ হল 'যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ'। অর্থাৎ, কোনো ম্যাচ যতক্ষণ না শেষ হচ্ছে, ক্ষীণ হলেও আশা থাকে। প্রতিপক্ষ যতই শক্তিশালী হোক, চূড়ান্ত ফল না পাওয়া পর্যন্ত হাল ছাড়া যাবে না। অলিম্পিক ও প্যারালিম্পিক দু'য়ের জন্যই এই স্লোগান। প্রসঙ্গত উল্লেখ্য, ২৬ জুলাই থেকে ১১ আগস্ট পর্যন্ত চলবে ২০২৪ সালের এই 'প্যারিস অলিম্পিক্স'।

**২৮ জুলাই** : পাম তেলের ব্যবহার প্রচারের জন্য, 'মালয়েশিয়ান পাম অয়েল কাউন্সিল'এর সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল 'ইন্ডিয়ান ভেজিটেবল অয়েল প্রডিউসারস অ্যাসোসিয়েশন'।

□ কোচির 'কোচিন শিপইয়ার্ড লিমিটেড' থেকে ভারতীয় নৌবাহিনীতে অন্তর্ভুক্ত হল ভারতের প্রথম দেশীয় বিমানবাহী যুদ্ধজাহাজ 'আইএনএস বিক্রান্ত'। ২৬২ মিটার উঁচু, ৬২ মিটার চওড়া ও ৫৯ মিটার উঁচু এই 'আইএনএস বিক্রান্ত'এ এক হাজার সাতশোরও বেশি নৌসেনা ও অফিসারের থাকার ব্যবস্থা রয়েছে। এটির সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ২৮ নট (প্রায় ৫২ কিলোমিটার)। রানওয়ের দৈর্ঘ্য ৯০ মিটারেরও বেশি। প্রসঙ্গত উল্লেখ্য, 'দ্বিতীয় বিশ্বযুদ্ধ'এর সময় ব্রিটিশ নৌবাহিনীর জন্য তৈরি করা বিমানবাহী যুদ্ধজাহাজ 'হারকিউলিস' পঞ্চাশের দশকে কিনেছিল ভারত। নাম দেওয়া হয় 'আইএনএস বিক্রান্ত'। ১৯৭১ সালে পাক-ই-স্তানের সঙ্গে যুদ্ধে উজ্জ্বল ভূমিকা ছিল সেটির। প্রায় ৪ দশক পরিষেবা দেওয়ার পর, নব্বইয়ের দশকের শেষে অবসর নেয় 'আইএনএস বিক্রান্ত'। ভেঙে ফেলা হয় জাহাজটি। তারই স্মৃতিতে তৈরি হয়েছে এই বিমানবাহী যুদ্ধজাহাজ।

□ 'হারেলি তিহার উৎসব' উপলক্ষ্যে, রাজ্যের মহিলাদের সাংবিধানিক অধিকার ও আইন সম্পর্কে সচেতন করার লক্ষ্যে, 'মুখ্যমন্ত্রী মাহতারি ন্যায় রথ' চালু করলেন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল। এই ন্যায় রথগুলি রাজ্যের সব জেলায় জেলায় গিয়ে স্বল্প দৈর্ঘ্যের চলচ্চিত্র, বার্তা ও বুকলেটের মাধ্যমে মহিলাদের আইনি সুরক্ষা ও তাঁদের সাংবিধানিক অধিকার সম্পর্কে সচেতন করবে। রথটিতে একটি বড় এলইডি স্ক্রিন থাকবে, যেখানে ছত্তিশগড়ি ও হিন্দি ভাষায় জাতীয়ভাবে পুরস্কৃত শিক্ষামূলক স্বল্প দৈর্ঘ্যের চলচ্চিত্রগুলি দেখানো হবে। প্রতি রথে ২ জন আইনজীবী থাকবেন, যাঁরা মহিলাদের অভিযোগ শুনবেন আর তথ্য ও পরামর্শ দেবেন। প্রথম ধাপে, দুর্গ জেলা থেকে শুরু করে রাজ্যের ৯টি (দুর্গ, রায়পুর, রাজনন্দগাঁও, বালোদাবাজার-ভাটাপারা, মহাসমুন্দ, জাঞ্জগির-চাঁপা, গড়িয়াবন্দ, ধামতারি, কাঙ্কের) জেলায় সফর করবে এই রথ। পরে রাজ্যের সব জেলায় এটি চালু করা হবে।

□ মধ্য আফ্রিকার দেশ অ্যাঙ্গোলার এক খনি থেকে বিরল একটি হীরকখণ্ডের খোঁজ পেল 'লুকাপা ডায়মন্ড কোম্পানি'। হীরকখণ্ডটির নাম রাখা হয়েছে 'লুলো রোজ', যার ওজন ১৭০ ক্যারেট। বিশ্বে গত ৩০০ বছরের মধ্যে কোনো খনি থেকে পাওয়া বিরল গোত্রের গোলাপি রঙের হীরকখণ্ডের মধ্যে সবথেকে বড় এটি। এটি প্রাকৃতিক পাথরগুলির মধ্যে পাওয়া অন্যতম বিরল ও বিশুদ্ধ শ্রেণির। রেকর্ড দামে আন্তর্জাতিক নিলামের মাধ্যমে হীরেটি বিক্রি করা হবে বলে জানানো হয়েছে।

□ ২০২২ সালে 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এর উদ্বোধনী অনুষ্ঠানে ভারতের পতাকা বইলেন 'অলিম্পিক্স'এ দু'বারের পদকজয়ী ভারতীয় শাটলার পুসারলা ভেঙ্কটা সিন্ধু ও 'টোকিও অলিম্পিক্স'এ ব্রঞ্জ পদকজয়ী ভারতীয় হকি দলের অধিনায়ক মনপ্রীত সিং। এ'বারের 'কমনওয়েলথ গেমস'এ অংশ নিচ্ছেন ২১১ জন ভারতীয় ক্রীড়াবিদ, যাঁদের মধ্যে পুরুষ ক্রীড়াবিদ ১০৬ জন ও মহিলা ক্রীড়াবিদ ১০৫ জন। ১৬টি খেলায় প্রতিদ্বন্দ্বিতা করবে ভারত।

□ ২০২২ মরসুমের পর, ফর্মুলা ওয়ান থেকে অবসর নেওয়ার সিদ্ধান্ত নিলেন ৪ বারের চ্যাম্পিয়ন সেবাস্তিয়ান ভেটেল।

**২৯ জুলাই** : বাংলাদেশে, ভারতের নতুন হাই কমিশনার হিসাবে মনোনীত হলেন প্রণয় কুমার বর্মা।

□ ২৪ ঘন্টারও কম সময়ে ঘূর্ণন সম্পূর্ণ করে নতুন রেকর্ড গড়ল পৃথিবী। ২৯ জুলাই, ২৪ ঘন্টার থেকে ১.৫৯ মিলিসেকেন্ড কম সময়ে নিজের কক্ষপথ প্রদক্ষিণ করে নিজেরই গড়া সবথেকে ছোট দিনের রেকর্ড ভেঙে ফেলল পৃথিবী। আমরা সবাই জানি যে, নিজ কক্ষপথে একবার ঘুরতে পৃথিবীর সময় লাগে ২৪ ঘন্টা বা ১ দিন। এবার সেই রেকর্ড ভাঙল পৃথিবী। অনেকে মনে করছেন, এর কারণ হল 'চ্যান্ডলার ওবল', অর্থাৎ মেরুদেশীয় এলাকার পৃষ্ঠতলে পৃথিবীর ঘূর্ণনগতির তারতম্য। বিশেষজ্ঞদের মতে, যদি পৃথিবীর গতি এইভাবে বাড়তে থাকে, তাহলে নেগেটিভ লিপ সেকেন্ড তৈরি হবে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে, ক্ষুদ্রতম দিনের রেকর্ড ছিল ২০২০ সালের ১৯ জুলাইয়ের দখলে (১৯৬০ সালের পর)। সেদিন পৃথিবীর আহ্নিক গতি সম্পূর্ণ হতে সময় লেগেছিল ২৪ ঘন্টা থেকে ১.৪৭ মিলিসেকেন্ড কম।

□ রাজ্যের স্কুল পড়ুয়াদের জন্য, 'মুখ্যমন্ত্রীর ব্রেকফাস্ট প্রকল্প' চালু করার সিদ্ধান্ত নিল তামিলনাড়ু সরকার। এই প্রকল্পের অধীনে, রাজ্য সরকার অনুমোদিত সব প্রাইমারি স্কুলের প্রথম থেকে পঞ্চম শ্রেণির ছাত্রছাত্রীদের প্রাতরাশের বন্দোবস্ত করবে সরকার। এজন্য মোট খরচ হবে ৩৩.৫৬ কোটি টাকা।

□ গুজরাতে, ভারতের প্রথম আন্তর্জাতিক স্টক এক্সচেঞ্জের সূচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। 'গুজরাত ইন্টারন্যাশনাল ফিনান্স টেক-সিটি'তে 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল বুলিয়ন এক্সচেঞ্জ' চালু করলেন তিনি। 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল বুলিয়ন এক্সচেঞ্জ'এর মাধ্যমে, ভারতে সোনার আর্থিকীকরণে উৎসাহ দেওয়া হবে। প্রসঙ্গত উল্লেখ্য, বুলিয়ন বলতে বোঝায় উচ্চ বিশুদ্ধতার সোনা ও রুপো। সাধারণত এগুলি বার হিসাবে থাকে বা কখনও কয়েনের আকারেও রাখা হয়। এগুলি এক-একটি আইনি দরপত্র হিসাবে বিবেচনা করা যেতে পারে।

**৩০ জুলাই** : 'ব্লুমবার্গ বিলিওনেয়ার ইনডেক্স' অনুযায়ী, চিনের ইয়াং হুইয়ানকে ছাড়িয়ে, এশিয়ার সবথেকে ধনী মহিলার স্বীকৃতি পেলেন ভারতের সাবিত্রী জিন্দাল। 'ও পি জিন্দাল গ্রুপ'এর চেয়ারম্যান এমেরিটাস তিনি। ৭২ বছর বয়সি সাবিত্রী জিন্দালের মোট সম্পদ মূল্য ১১.৩ বিলিয়ন ডলার। প্রসঙ্গত উল্লেখ্য, গত ৫ বছর ধরে এশিয়ার সবথেকে ধনী মহিলার তালিকায় শীর্ষ স্থানে ছিলেন চিনের সবথেকে বড় রিয়েল এস্টেট ডেভেলপার কোম্পানি 'কান্ট্রি গার্ডেন হোল্ডিংস'এর মালিক ইয়াং হুইয়ান।



**'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ মহিলাদের ভারোত্তোলনের ৪৯ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতের সাইখোম মীরাবাই চানু। স্ন্যাচে ৮৮ কেজি ও ক্লিন অ্যান্ড জার্কে ১১৩ কেজি মিলিয়ে মোট ২০১ কেজি ওজন তুলে এই পদক পেলেন তিনি।**

□ পটনার দিদারগঞ্জে, প্রথম কারেন্সি ভল্ট চালু করল 'বন্ধন ব্যাঙ্ক'। এই কারেন্সি ভল্ট প্রয়োজন অনুযায়ী ব্যাঙ্কের শাখা ও এটিএমে নোট সরবরাহ করে ব্যক্তি, ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ আর ছোট ব্যবসায়ীদের সাহায্য করবে।

□ ভারতের ১০টি শহরে 'গুগল ম্যাপস'এর জনপ্রিয় ফিচার 'গুগল স্ট্রিট ভিউ' চালু করল 'গুগল ইন্ডিয়া'। ভারতীয় প্রযুক্তি সংস্থা 'টেক মাহিন্দ্রা' ও 'জেনেসিস ইন্টারন্যাশনাল'এর সঙ্গে অংশীদারিত্বে, ভারতের বেঙ্গালউরু, চেন্নাই, দিল্লি, মুম্বই, হায়দরাবাদ, পুণে, নাসিক্র, ভাদোদরা, আহমেদাবাদ ও অমৃতসর শহরে এই পরিষেবা চালু করেছে গুগল। এর ফলে, ৩৬০ ডিগ্রি ছবির মাধ্যমে কোনো স্থান বা এলাকা দেখা যায়, যাতে নতুন কোনো স্থানে যেতে বা কোনো স্থান খুঁজে পেতে ব্যবহারকারীদের সুবিধা হয়। বিশ্বের ১০০টি দেশে এই পরিষেবা চালু রয়েছে। এবার থেকে ভারতেও গুগল ম্যাপসে স্ট্রিট ভিউ ফিচার পাওয়া যাবে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৬ সালেই স্ট্রিট ভিউ চালু করার বিষয়ে সিদ্ধান্ত নিয়েছিল গুগল ম্যাপস। কিন্তু নিরাপত্তার স্বার্থে, সে'সময় গুগলকে রাস্তার দৃশ্যের জন্য ছবি সংগ্রহ করার অনুমতি দেয়নি কেন্দ্রীয় সরকার।

## ৬৮তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার — ২০২২



| | |
|---|---|
| ফিচার চলচ্চিত্র | সুরারাই পোত্রু |
| পরিচালক | কে.আর শচীদানন্দন (আয়াপ্পানাম কোশিয়াম) |
| অভিনেতা | সূর্য (সুরারাই পোত্রু), অজয় দেবগণ (তানহাজি) |
| অভিনেত্রী | অপর্ণা বালামুরলী (সুরারাই পোটরু) |
| সহ অভিনেতা | বিজু মেনন (আয়াপ্পানাম কোশিয়াম) |
| সহ অভিনেত্রী | লক্ষ্মী প্রিয়া চন্দ্রমৌলী (শিভারঞ্জিনিয়াম ইন্নাম শিলা পেঙ্গালাম) |
| কোরিওগ্রাফি | নাট্যম (তেলুগু) |
| লিরিক্স | মনোজ মুন্তাশির (সাইনা) |
| গায়ক | রাহুল দেশপান্ডে (মাই বসন্তরাও), অনিশ মঙ্গেশ গোস্বাভি (টকটক) |
| গায়িকা | নানচাম্মা (আয়াপ্পান কোশিয়াম) |
| সঙ্গীত পরিচালক | আলা বৈকুন্ঠপুরামুলু, এস. থামান |

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

□ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ভারোত্তোলনের ৫৫ কেজি বিভাগে রুপোর পদক পেলেন ভারতের সংকেত মহাদেব সরগর। স্ন্যাচে ১১৩ কেজি ও ক্লিন অ্যান্ড জার্কে ১৩৫ কেজি মিলিয়ে মোট ২৪৮ কেজি ওজন তুলে এই পদক পেলেন তিনি।

□ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ভারোত্তোলনের ৬১ কেজি বিভাগে ব্রঞ্জ পদক পেলেন ভারতের গুরুরাজা পূজারি। স্ন্যাচে ১১৮ কেজি ও ক্লিন অ্যান্ড জার্কে ১৫১ কেজি মিলিয়ে মোট ২৬৯ কেজি ওজন তুলে এই পদক পেলেন তিনি।

**৩১ জুলাই** : দিল্লির পুলিশ কমিশনার হিসাবে মনোনীত হলেন সঞ্জয় অরোরা।

□ ১৭ আগস্ট, 'কেরালা সাভারি' নামে নিজস্ব ই-ট্যাক্সি পরিষেবা চালু করছে কেরালা সরকার, যা জনপ্রিয় কর্পোরেট অনলাইন ক্যাব পরিষেবার বিকল্প হিসাবে বিবেচিত হবে। এই প্রথম ভারতের কোনো রাজ্য সরকার দেশে অনলাইন ট্যাক্সি পরিষেবা চালু করতে চলেছে। রাজ্যের অটো-ট্যাক্সি নেটওয়ার্কের মাধ্যমে, নিরাপদ ভ্রমণ নিশ্চিত করার লক্ষ্যে এই পরিষেবা চালু করছে রাজ্য শ্রম বিভাগ।



হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেলেন কিংবদন্তি সঙ্গীতশিল্পী নির্মলা মিশ্র (৮১ বছর)। তাঁর বিখ্যাত গানগুলির মধ্যে রয়েছে — 'এমন একটি ঝিনুক খুঁজে পেলাম না', 'ও তোতা পাখি রে', 'কাগজের ফুল বলে', 'বলো তো আরশি তুমি' প্রমুখ। **পশ্চিমবঙ্গ রাজ্য সঙ্গীত আকাদেমির উপদেষ্টা পরিষদ** ও বাংলা **সঙ্গীতমেলা কমিটির কার্যকরী সমিতির সদস্যা ছিলেন** তিনি। ২০১২ সালে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে 'সঙ্গীত সম্মান' ও ২০১৩ সালে 'সঙ্গীত মহাসম্মান' ও 'বঙ্গ বিভূষণ' সম্মান পান তিনি।

□ ভারতীয় সশস্ত্র বাহিনীর বিজয় উদযাপন করার জন্য ও 'অপারেশন বিজয়'এ সৈন্যদের আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জানানোর জন্য কার্গিল সেক্টরের দ্রাসে 'পয়েন্ট ৫১৪০'এর নতুন নাম রাখা হল 'গান হিল'। লাদাখের কার্গিলে পাক-ই-স্তানের কাছ থেকে 'পয়েন্ট ৫১৪০' দখল করার জন্য যে মিশন শুরু হয়েছিল, তার নাম ছিল 'অপারেশন বিজয়'। পাক-ই-স্তানি সৈন্যদের সঙ্গে প্রায় ৩ মাস দীর্ঘ যুদ্ধের পর, ১৯৯৯ সালের ২৬ জুলাই বিজয় ঘোষণা করেছিল ভারতীয় সেনাবাহিনী।

□ ভারতের উপ-রাষ্ট্রপতি মুপ্পাভারাপু ভেঙ্কাইয়া নাইডুর কাছ থেকে, মর্যাদাপূর্ণ 'প্রেসিডেন্টস কালার' পেল তামিলনাড়ু পুলিশ। রাজ্য পুলিশের প্রশংসনীয় সেবা ও অসামান্য কৃতিত্বের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল তারা। রাজ্য পুলিশের তরফ থেকে এই পুরস্কার নেন রাজ্যের মুখ্যমন্ত্রী মুথুভেল করুণানিধি স্ট্যালিন। প্রসঙ্গত উল্লেখ্য, 'প্রেসিডেন্টস কালার' হল রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সামরিক, আধা সামরিক ও পুলিশ বাহিনীকে দেওয়া সর্বোচ্চ সম্মান।

□ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ মহিলাদের ভারোত্তোলনের ৫৫ কেজি বিভাগে রুপোর পদক পেলেন ভারতের বিন্দিয়ারানি দেবী। স্ন্যাচে ৮৬ কেজি ও ক্লিন অ্যান্ড জার্কে ১১৬ কেজি মিলিয়ে মোট ২০২ কেজি ওজন তুলে এই পদক পেলেন তিনি।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

ADAMAS UNIVERSITY KOLKATA
PURSUE EXCELLENCE



# শিক্ষকরা আমাদের অনুপ্রেরণা

শিক্ষকদের আমরা জীবনে মাত্র কয়েক বছরের জন্য পাই, কিন্তু তাঁদের শিক্ষা রয়ে যায় সারা জীবন। আমাদের ৩৬০-ডিগ্রি বি-এড কোর্সের মাধ্যমে আপনিও শিক্ষার্থীদের মনে প্রেরণা জোগাতে পারেন, তাদের ভবিষ্যতের জন্য তৈরি করতে পারেন।

- **শিক্ষার ১৬টি ভিন্ন শাখা** থেকে বেছে নেওয়ার সুযোগ
- টেকনিক্যাল ও সফ্ট স্কিলের দক্ষতা বাড়াতে **মাসিক মেন্টরশিপ সেশন**
- **বিদেশী শিক্ষাবিদদের** থেকে অত্যাধুনিক শিক্ষার অভিজ্ঞতা
- দেশ বিদেশের নানা সংস্থায় **১০০% ইন্টার্নশিপের সুযোগ**
- **১০০% প্লেসমেন্ট সাপোর্ট**

সব বিভাগের গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন

## আমাদের একাডেমিক পার্টনারদের সঙ্গে আন্তর্জাতিক স্তরে শিক্ষার সুযোগ

- Far Eastern University, Institute of Education, **Philippines**
- International Organization of Educators and Researchers, Batangas City, **Philippines**
- University Scholars Association of the Philippines, Manila, **Philippines**
- National Academy for Professional Skills Development Inc. Manila, **Philippines**
- Quirino State University, Quirino, **Philippines**
- Mariano Marcos State University, **Philippines**
- Paro College of Education, **Bhutan**
- DTD Urban Multisport Consulting Firm, **USA**
- Tribhuvan University, **Nepal**
- Troy University, **USA**

## বিশিষ্ট এডুকেশন ও এডুটেক ইনস্টিটিউটে ফ্যাকাল্টি হিসেবে পড়ানোর সুযোগ

Orchids · Synergy Training · Adamas International School · Adamas World School · Focus Edumatics · Nerdy Turtlez · BYJU'S · Vidyanjali High School · PlanetSpark

বি-এড প্রোগ্রামের জন্য ভর্তি চলছে

# কর্মসংস্থানের এক নতুন দিগন্ত Adamas - এর সঙ্গে

**Avail the CHANCELLOR'S SCHOLARSHIP upto Rs. 8 CR.**

**No. 1 Private University In West Bengal***
*IIRF Rankings 2022

Adamas University ranking by India Higher Education Rankings & Awards 2022-23

| 1st | 3rd | 6th |
|---|---|---|
| "Quality of Campus Life" West Bengal | "Multidisciplinary University" West Bengal | "Quality of Campus Life" Pan-India |



- **52+** Global University tie-ups
- **70+** Courses in 10 Schools
- **260+** Faculty Members
- **5000+** Careers shaped
- **91%+** Placement Record
- **18 LPA** Highest Salary Package
- **Up to 100%** Scholarships available
- **500+** Corporate Recruitment Drive

**School of Engineering and Technology**
• B.Tech. CSE (AI/ML, Cyber Security and Forensic, Cloud Computing, Data Analytics) • Civil • Mechanical • ECE • Electrical • Biomedical Engineering • BCA (Banking, Financial Services and Insurance/Gaming & Animation • MCA • M.Tech

**School of Business and Economics**
• BBA • MBA • B.Com • M.Com • B.Sc./M.Sc.-Economics

**School of Liberal Arts and Culture Studies** *(UG & PG)*
• Bengali • English • Psychology • Sociology • Public Administration • International Relations • Public Policy • History

**School of Medical Sciences**
• BMLT • B. Optometry • B.Sc. Food Nutrition and Dietetics

**School of Education**
• B.A. (Hons.) Education • B.Ed. • M.A. Education

**School of Law and Justice**
• BA LL.B (Hons.) • BBA LL.B (Hons.) • B.Sc LL.B (Hons.) • LL.M

**School of Media and Communication**
• BA (Hons.) in Media and Communication • B.Sc (Hons.) in Media Technology • MA in Journalism • MA in Film & Television • MBA in Communication Management

**School of Life Science and Biotechnology**
• B.Sc (Hons.), M.Sc in Biochemistry • B.Sc (Hons.), B.Tech., M.Sc, M.Tech. in Biotechnology • B.Sc (Hons.), M.Sc in Microbiology

**School of Smart Agriculture**
• B.Sc. (Hons.) Agriculture

**School of Basic and Applied Sciences** *(UG & PG)*
• Forensic Science • Environmental Science • Geo informatics • Statistics and Data Analytics • Mathematics • Physics • Chemistry • Geography • M.Sc. Tech. Statistics & Data Science

Nestled in a 120 acre green campus, Adamas University brings together academic eminence and a vibrant culture to shape the leaders of tomorrow.

**Admissions Open** for Academic Session 2022-23
Enroll today and be a part of the Adamas experience!

1800 419 7423
6292 190 233
www.adamasuniversity.ac.in

**Last Date of UG Applications - 20th August**

**50%** Scholarship on Lateral Entry (B.Tech)

Adamas Knowledge City, Barasat - Barrackpore Road, P.O. - Jagannathpur, District - 24 Parganas (North), Kolkata - 700 126

RICE GROUP

KAUTILYA
CIVIL SERVICE ACADEMY
Dum Dum Cantonment, Subhasnagar, 3rd Bye Lane Kolkata-65
M: 9836336298 / 9836041198

In West Bengal we are providing the best coaching for:
WBCS
(Prelims+Mains+P.T.)
ব্যাঙ্ক ও রাজ্য-কেন্দ্রীয় সরকারের
অন্য সব পরীক্ষার জন্যও ভর্তি চলছে

P-Division পাওয়া ছাত্রছাত্রীও আমাদের হাতে পড়ে WBCS গ্রুপ-A ও গ্রুপ-B পদে চাকরি ছিনিয়ে নিয়েছে। মেধাবীরা তো অনেকগুলো করে চাকরি একসঙ্গে পেয়ে যায় — আপনিও পাবেন।।

2020 সালে 106 জন Prelims উত্তীর্ণ
2021 সালে 93 জন Prelims উত্তীর্ণ
2022 সালের Mains ও 2023 সালের Prelims এর জন্য আসুন।

মাত্র 3 মাস ভালোভাবে পড়ে এক মাত্র এখান থেকেই 1st Attempt-এ Prelims পাওয়া যায়

এখন ভর্তি হলে কোর্স ফি'তে 60% পর্যন্ত ছাড় পাওয়া যাবে

১২ মাস পড়লে 1st Attempt-এ Prelims Mains ও PT উত্তীর্ণ হয়ে চাকরি পাচ্ছে এখান থেকে সেই 2004 সাল থেকে লাগাতারভাবে। আসুন Saturday ও Sunday, আমাদের থেকে চাকরি পাওয়া Rank Holder-দের সঙ্গে কথাও বলতে পারবেন।

কোনো রিসেপশনিস্ট নয়, সরাসরি সরকারি চাকরি পাওয়া অফিসারদের সঙ্গে কথা বলুন।

No admission charge, only Monthly fees system

## স্কুল সার্ভিসের বিজ্ঞপ্তি পুজোর আগেই

১ পাতার পর

**শূন্যপদ :** মোট শূন্যপদ ২১,৬৯৪টি। এর মধ্যে — (ক) নবম থেকে দশম শ্রেণি পর্যন্ত স্কুলে শূন্যপদ আছে ১৩,৮৪২টি। (খ) একাদশ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলে শূন্যপদ আছে ৫,৫২৭টি। (গ) প্রধান শিক্ষক পদে শূন্যপদ ২,৩২৫টি।

**শিক্ষাগত যোগ্যতা : নবম ও দশম শ্রেণির শিক্ষক-শিক্ষিকা :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট /অনার্স গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। পাস বা, অনার্স ডিগ্রি কোর্সে যাঁদের ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও আবেদনের যোগ্য। এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি.এড. কোর্স পাশ হতে হবে।

**একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা :** মোট অন্তত ৫০% (তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি.এড. কোর্স পাশ হতে হবে।

**বয়স :** বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

**পরীক্ষা পদ্ধতি :** লিখিত পরীক্ষা হবে ও.এম.আর. শীটে। এই শীট হবে 'নন কার্বন ডুপ্লিকেট' অর্থাৎ, মূল উত্তরপত্রটি জমা দেওয়ার পর তার কার্বন কপি নিজের কাছে রাখতে পারবেন পরীক্ষার্থীরা। মডেল উত্তরপত্র কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হবে। নিজের কাছে উত্তরপত্রের কপি থাকায় মডেল উত্তরপত্রের সঙ্গে মেলাতে পারবেন। এরপর কমিশন মূল উত্তরপত্র আপলোড করবে। কোনো প্রশ্নের উত্তর নিয়ে পরীক্ষার্থীদের সংশয় বা, আপত্তি থাকলে তা নির্দিষ্ট সময়ের মধ্যে কমিশনকে জানাতে পারবেন। সেই অভিযোগ স্কুল সার্ভিসের বিশেষজ্ঞ কমিটির কাছে পাঠানো হবে। এই কমিটিতে অধ্যাপক সমতুল পদের কেউ থাকবেন। তাঁদের মতামত নিয়েই সংশোধিত অ্যানসার কি আপলোড করা হবে। বিশেষজ্ঞ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এরপর আর কেউ চ্যালেঞ্জ করতে পারবে না।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমটি প্রিলিমিনারি পরীক্ষা ও পরেরটি বিষয়ভিত্তিক পরীক্ষা। দুই ক্ষেত্রেই প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে।

**অ্যাকাডেমিক স্কোর :** এবার থেকে অ্যাকাডেমিক স্কোর তুলে দেওয়ার পরিকল্পনা রয়েছে। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, স্নাতক, স্নাতকোত্তর ও বি.এড. — কোনো ক্ষেত্রেই বরাদ্দ নম্বর থাকছে না।

**ইন্টারভিউ :** ইন্টারভিউয়ের জন্য ১০ নম্বর বরাদ্দ থাকছে।

**কাউন্সেলিং :** ইন্টারভিউয়ে সফল হলে স্কুল বাছাইয়ের জন্য কাউন্সেলিং ব্যবস্থা থাকবে।

**কর্মশিক্ষা ও শারীরশিক্ষা বিষয়ের নিয়োগ :** কর্মশিক্ষা ও শারীরশিক্ষা প্রার্থীদের বিষয়ে আদালতে কোনো মামলা নেই। তাই এই দুই বিষয়ে ১,৬০০ শূন্যপদে দ্রুত নিয়োগের দাবি জানায় কর্মশিক্ষা ও শারীরশিক্ষার প্রার্থীদের প্রতিনিধি দল। সার্ভার রুম খুললেই এই দুই পদে নিয়োগ করা হবে — এমনই আশ্বাস মুখ্যমন্ত্রীর।

**সবচেয়ে ক্ষতিগ্রস্ত যাঁরা :** উচ্চপ্রাথমিকে ১৪,৩৩৯টি শূন্যপদে শিক্ষক-শিক্ষিকা নিয়োগে একাধিক মামলা ও দুর্নীতির অভিযোগে প্রায় ৮ বছর নিয়োগ বন্ধ। আপার প্রাইমারি চাকরিপ্রার্থীদের সংগঠন মঞ্চের দাবি, পুজোর আগে নয়, ৩১ আগস্টের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**প্রাথমিক স্কুলে নিয়োগের অবস্থান :** ২০১৪ সালের প্রাথমিক 'টেট' উত্তীর্ণ 'নন ইনক্লুডেড' প্রার্থীদের এখনো নিয়োগ হয়নি। এই তালিকায় আছে প্রায় সাড়ে ৫ হাজার প্রশিক্ষিত প্রার্থী। এছাড়াও ২০১৭ সালের প্রাইমারি 'টেট' পরীক্ষা হয়েছিল ২০২১ সালের ৩১ জানুয়ারি। ফল বেরোয় ২০২২ সালে। সফল হয়েছিলেন ৯,৮৯৬ জন। এখনো তাঁদের নিয়োগ হয়নি। এঁদের দ্রুত নিয়োগের জন্য প্রাথমিক শিক্ষা পর্ষদের অফিসে ধর্ণা অবস্থান।

শিক্ষা দফতর জানায়, প্রাথমিক স্কুলে শূন্যপদ আছে ৩,৯৩৬টি। এই পদ পূরণ হবে প্রাথমিক শিক্ষা পর্ষদের মাধ্যমে।

## ২৮৫ নার্স

১ পাতার পর

বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ২৮৫টি (জেনাঃ ১১৯, জেনাঃ মেধাবী খেলোয়াড় ৯, জেনাঃ প্রাঃসঃকঃ ১৭, জেনাঃ প্রতিবন্ধী ১৩, তঃজাঃ ৩৮, তঃজাঃ প্রাঃসঃকঃ ৫, তঃউঃজাঃ ২৭, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৩৩, ও.বি.সি.-বি ক্যাটেগরি ২৪)। এই পদের বিজ্ঞপ্তি নং : 03/ Kolkata City NUHM Society / 2022-23. Dated: 22-07-2022.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। তারপর ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল নিয়ে যাবেন। এরপর মেধা তালিকা তৈরি হবে। দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.kmcgov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, নার্সিংয়ের রেজিস্ট্রেশন সার্টিফিকেট, পাশপোর্ট / ভোটার কার্ড /আধার কার্ডের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত জমা দেবেন ২০ আগস্ট বেলা সাড়ে ১১টা থেকে ৪টার মধ্যে। এই ঠিকানায় : Chief Municipal Health Officer / Secretary, Kolkata City NUHM Society, CMO Bldg, 5, S.N. Banerjee Road, Kolkata - 700 013. এছাড়াও দরখাস্ত-ভরা খাম ড্রপ বক্সে জমা দেবেন ওপরের ঠিকানায় 254 নম্বর রুমে।

নিশ্চিত জীবন গড়ে দেয় 'প্রস্তুতি'



ডিরেক্টর বিশ্বজিৎ মন্ডল

চাকদহ, নদিয়া (রঞ্জনপল্লী মোড় থেকে দক্ষিণ দিকে)
Institute of Competitive Examination
Mob : 9046444927, 8670123486, 9932208343




স্যারের লেখা এই ব্যাকরণ বইটি একমাত্র অফিসে পাওয়া যাচ্ছে



স্যারের তত্ত্বাবধানে ক্লাস চলছে

স্কুল সার্ভিসে সাফল্যের দিক দিয়ে সেরা প্রতিষ্ঠান

| স্কুল সার্ভিস | Combined |
|---|---|
| বিষয় — বাংলা, ইতিহাস<br>PT — All Sub<br>TET — All Sub<br>Primary TET — All Sub | WBCS, মিসলেনিয়াস, ক্লার্ক, WB Police, কোর্ট, Rail, Gr-C, Gr-D, RPF, CRPF, BCE, CISF, SSB, ITBP, ARMY<br>সঠিক অধ্যাবসায় ও সঠিক গাইড সর্বদা সাফল্য নিশ্চিত |

কলকাতা ও রাজ্য পুলিশের স্পেশাল ব্যাচে ভর্তি শুরু হয়েছে

সাফল্যের দিক থেকে চাকদহ তথা নদীয়া জেলার চাকরির পরীক্ষার সর্বশ্রেষ্ঠ প্রতিষ্ঠান

ICDS, WB Police Mock Interview ক্লাস শুরু হয়েছে।
নিশ্চিত সাফল্য পেতে আজই আসুন। Mob : 9046444927

## ১১২ ট্রেডসম্যান

১ পাতার পর

নেটওয়ার্ক মেন্টেন্যান্স, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রিশিয়ান পাওয়ার ডিস্ট্রিবিউশন, ইলেক্ট্রনিক্স মেকানিক্স, ইলেক্ট্রপ্লেটার, ফিটার, ফাউন্ড্রিম্যান, ইন্ডাস্ট্রিয়াল পেইন্টার, ইনফর্মেশন কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স, ইনফর্মেশন টেকনোলজি, ইন্সট্রুমেন্ট মেকানিক,'মেশিনিস্ট, মেকানিক মেন্টেন্যান্স, মেরিন ইঞ্জিন ফিটার, মেরিন ফিটার, মেকানিক রিপেয়ার অ্যান্ড মেন্টেন্যান্স অফ হেভি ভেহিক্যালস, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি., মেকানিক অটো ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, মেকানিক কম্পিউটার হার্ডওয়্যার, মেকানিক কনজিউমার ইলেক্ট্রনিক্স, মেকানিক কাম অপারেটর ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন সিস্টেম, মেকানিক ডিজেল, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স, মেকানিক মেকাট্রনিক্স, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., মেটাল কাটিং অ্যাটেন্ড্যান্ট, অপারেটর অ্যাডভান্সড মেশিন টুলস, পেইন্টার জেনারেল, প্লাম্বার, পাম্প অপারেটর কাম মেকানিক, শীট মেটাল ওয়ার্কার, টেকনিশিয়ান পাওয়ার ইলেক্ট্রনিক্স সিস্টেম, টুল অ্যান্ড ডাই মেকার, ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ৬-৯-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শূন্যপদ : ১১২টি (জেনাঃ ৪৩, ও.বি.সি. ৩২, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৮, ই.ডব্লু.এস. ১১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১১টি ও প্রতিবন্ধী ৪টি।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (ক) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (খ) জেনারেল ইংলিশ অ্যান্ড কমপ্রিহেনশন, (গ) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট বা, কোয়ান্টিটেটিভ এবিলিটি। (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি পার্টে থাকবে ২৫ নম্বর। কবে কোথায় পরীক্ষা হবে তা রেজিস্টার্ড মোবাইল নম্বরে পাঠানো হবে। পরীক্ষা হবে পোর্ট ব্লেয়ারে। দরখাস্ত করবেন অনলাইনে, ৬ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://erecruitment.andaman.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, কাস্ট সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ইত্যাদি স্ক্যান করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.andaman.gov.in

## ইস্পাত জেনারেল হসপিটালে ২০০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা স্টিল অথরিটি অফ ইন্ডিয়ার রৌরকেলা স্টিল প্ল্যান্ট অ্যাপ্রেন্টিস ট্রেনি হিসাবে ২০০ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন ট্রেডে যোগ্য:

**মেডিক্যাল অ্যাটেন্ড্যান্ট ট্রেনিং :** মাধ্যমিক পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। সীট ১০০টি।

**ক্রিটিক্যাল কেয়ার নার্সিং ট্রেনিং :** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্টাইপেন্ড মাসে ১৭,০০০ টাকা। সীট ২০টি।

**অ্যাডভান্সড স্পেশালাইজড নার্সিং ট্রেনিং :** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। সীট ৪০টি।

**ডাটা এন্ট্রি অপারেটর / মেডিক্যাল ট্রান্সক্রিপশন ট্রেনিং :** উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। উচ্চশিক্ষাগত যোগ্যতা থাকলে অগ্রাধিকার পাবেন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। সীট ৬টি।

**মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান ট্রেনিং :** মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। সীট ১০টি।

**হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং :** হসপিটাল ম্যানেজমেন্ট বা, হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, বি.বি.এ., এম.বি.এ. কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। সীট ১০টি।

**ও.টি. / অ্যানাস্থেসিয়া অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং :** উচ্চমাধ্যমিক পাশরা হসপিটাল অ্যাটেন্ড্যান্ট বা, অ্যানাস্থেসিয়া অ্যাটেন্ড্যান্ট ট্রেনিং করে থাকলে যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। সীট ৫টি।

**অ্যাডভান্সড ফিজিওথেরাপি ট্রেনিং :** ফিজিওথেরাপির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১০,০০০ টাকা। সীট ৩টি।

**রেডিওগ্রাফার ট্রেনিং :** মেডিক্যাল রেডিয়েশন টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। সীট ৩টি।

**ফার্মাসিস্ট ট্রেনিং :** ফার্মাসির ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। সীট ৩টি।

ওপরের সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। এই পদের রেফারেন্স নং : PL-M&HS/1635, Date: 01/08/2022.

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তখন যাবতীয় প্রমাণপত্র সঙ্গে নিয়ে যাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sail.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার ৫০০ কে.বি.'র মধ্যে জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Apply Online-ক্লিক করে যাবতীয় তথ্য দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


সবচেয়ে কম খরচে হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট

• ভর্তির সময় লিখিত JOB গ্যারান্টি পেপার
• কোর্স চলাকালীন কোর্স ফি ফেরত
• হোস্টেল ফ্রি

ডিগ্রি - Rs. 1,50,000
ডিপ্লোমা কোর্স ফি - Rs. 22,500 to Rs. 60,500

বিদেশ ও ক্রুজে চাকরি পাওয়ার সুযোগ
www.bshm.co.in
গড়িয়া 9836046860

Berhampore Science and Management College
Approved by Govt of W.B, Affiliated to MAKAUT, WB (Formerly WBUT)
ভর্তির বিজ্ঞপ্তি
BBA & BCA
Bachelor of Business Administration — Bachelor of Computer Application
CET-এর মাধ্যমে উচ্চমাধ্যমিক / ভোকেশনাল উত্তীর্ণদের Professional Graduation কোর্সে ভর্তির সুযোগ
Minimum 2 Placement Assistance Guaranteed
website:- https://berhamporesmc.org
সৈদাবাদ (আর্মেনিয়াম চার্চের সন্নিকটে), বহরমপুর, মুর্শিদাবাদ
Helpline :- 9434135557/ 9434029671

বি.এড কোর্সে ভর্তির সুযোগ (2022-2024)
Elite B.Ed. College
(NCTE ও WBUTTEPA স্বীকৃত)
সীমিত সুযোগ স্বল্প খরচ
Method Subjects
বাংলা, হিন্দি, ইতিহাস, ভূগোল, সংস্কৃত, রাষ্ট্রবিজ্ঞান, অঙ্ক, ভৌতবিজ্ঞান, জীবনবিজ্ঞান, ইংরিজি, এডুকেশন, কমার্স।

ছোটোখেজুরিয়া, ব্যান্ডেল-সপ্তগ্রাম, হুগলি
9831595045, 8777604003
9830841834, 6294987005

ANY RANK – DIRECT ADMISSION
SEBA INSTITUTE OF NURSING
Recognized by Govt. of W.B, Affiliated by WBNC & INC
Bolpur (Santiniketan), Birbhum- 731236
Admission Open 2022

উচ্চ মাধ্যমিক পাশের পর ভবিষ্যৎ সুনিশ্চিত করতে
পশ্চিমবঙ্গে নার্সিং কোর্সে মেয়েদেরকে পড়াশুনো
করিয়ে নিজের পায়ে দাঁড়াতে শেখান
GNM • B.Sc. Nursing





☛ Course Fee কম এবং কোনো লুকানো Fee বা অতিরিক্ত খরচ নেওয়া হবে না। ☛ Student Credit Card এর মাধ্যমে ভর্তির সুবিধা। ☛ আমাদের কলেজ ক্যাম্পাস 80,000 বর্গফুট। ☛ শান্তিনিকেতনের মতো শান্ত পরিবেশে কলেজ। ☛ কলেজের মধ্যে Hostel-এর সুবিধা সহ ভালো খাবার এবং ঠান্ডা ও গরম জলের ব্যবস্থা আছে। ☛ INC নিয়ম অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন।
বল্লভপুর, বোলপুর (শান্তিনিকেতন), বীরভূম • M: 8927925499, 8250433066

# পশ্চিমবঙ্গ সরকার

## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

## রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের বিনা মূল্যে JEE / WB JEE / NEET - 2023 এর কোচিং

**দ্বাদশ শ্রেণী (Class XII) বিজ্ঞান বিভাগ এবং স্নাতক স্তরের প্রথম বর্ষে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।**

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ২৭/০৮/২০২২**

**আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :**

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত ৬০% (SC) / ৫০% (ST) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনূর্দ্ধ : ৩,০০,০০০/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

### জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Bagdah | Helencha High School | 9062508020 |
| 2 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbihari Institution For Girls | 7980491213 |
| 3 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 4 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra S R High School | 9547693365 |
| 5 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 6 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 7 | Bankura | Bankura Town | Bankura Girl's High School | 8436909827 |
| 8 | Bankura | Khatra | Khatra Girl's High School | 9932441044 |
| 9 | Howrah | Bagnan | Bagnan Girl's High School | 8697803520 |
| 10 | Jhargram | Jhargram | Jhargram Kumudkumari Institution | 9635238730 |
| 11 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9091044624 |
| 12 | Pashchim Medinipur | Medinipore Town | Keranitola Shree Shree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 13 | Pashchim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 14 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra SikshaSadan | 8250633799 |
| 15 | Purba Medinipur | Khejuri | Heria Sibaprasad High School | 7407171021 |
| 16 | Purulia | Manbazar | Manbazar Radhamadhab Institution | 9064916112 |
| 17 | Purulia | Purulia Town | Chittaranjan Boy's School | 8670556109 |
| 18 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 9434179669 |
| 19 | Alipurduar | Madarihat | Madarihat High School | 9434179669 |
| 20 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 21 | Coochbehar | Coochbehar Town | Coochbehar Jenkins School | 9679078169 |
| 22 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 23 | Darjeeling | Siliguri Town | Siliguri Boy's High School | 8918639742 |
| 24 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall, Office of the DM | 8250496027 |
| 25 | Hooghly | Tarakeshwar | Tarakeswar Girls Primary School | 9732628739 |
| 26 | Jalpaiguri | Jalpaiguri Town | Jalpaiguri Higher Secondary School | 8391935711 |
| 27 | Jalpaiguri | Malbazar | Malbazar Adarsha Vidyapith | 9832086741 |
| 28 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 29 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 30 | Malda | Chanchal | Chanchal Sidheswari Institution | 9679641846 |
| 31 | Nadia | Krishnanagar | Krishnagar AV High School | 9614894091 |
| 32 | Nadia | Kalyani | University Experimental High School | 9903740075 |
| 33 | Purba Bardhaman | East Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 34 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 35 | Murshidabad | Jangipur | Jangipur High School | 7001595928 |
| 36 | Kolkata | Kolkata | Jodhpur Park Boy's School | 6291691563 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www.anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in Website - এ পাওয়া যাবে।
05/08/2022 থেকে 27/08/2022 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা করতে হবে।
অথবা Online এ আবেদনের জন্য www.wbbcdev.gov.in দেখুন।

প্রশিক্ষণ রূপায়ণে ncsm

**Head Office:**
166/A Canal South Road,
Beliaghata, Kolkata - 700105

বিশদ জানতে যোগাযোগ করুন:
9903740075
9433444999

# BNG — সবচেয়ে কম টাকার কোর্স করিয়ে সবচেয়ে বেশি প্যাকেজের চাকরির নজির


BNG Hotel Management Institute'এর চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল

**সৈকত হালদার, সল্টলেক :** অতিমারির পর এই মুহূর্তে সবচেয়ে বেশি চাকরির সুযোগ তৈরি হয়েছে হোটেল ও পর্যটন শিল্পে। সামনে শারদ উৎসব ও তার পরেই শুরু হচ্ছে বড়োদিন ও নতুন বছরের উৎসব। পর্যটকদের মধ্যে এই মরসুমে বেড়াতে যাওয়ার ধুম পড়ে। ফলে, স্বাভাবিক কারণে হোটেল ও পর্যটন শিল্পের বাজার বাড়ে। কেন্দ্রীয় সরকারের এক সমীক্ষা অনুযায়ী, আগামী ১-২ বছরের মধ্যে হোটেল ও পর্যটন শিল্পে কয়েক হাজার লোক নিয়োগ হবে। অথচ চাহিদা অনুযায়ী দক্ষ লোকের এখনো যথেষ্ট অভাব। হোটেল ম্যানেজমেন্টের ক্ষেত্রে কলকাতার অন্যতম সেরা প্রতিষ্ঠান বিএনজি হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের কর্ণধার বুধাদিত্য পাল জানান, হোটেল পরিষেবা এমন এক শিল্পক্ষেত্র, যেখানে সারা বছর লোক নেওয়া হয়। ভারতের অন্যান্য শহরের সঙ্গে পাল্লা দিয়ে এই শহরের ও এখন অনেক দামি-দামি হোটেল রয়েছে, যেখানে সারা বছর চাহিদা অনুযায়ী লোক নেওয়া হয়। উৎসব ও শীতের মরসুমে প্রচুর চাকরির সুযোগ থাকে। হোটেল শিল্পে সব সময়ে কাজ জানাদের, অর্থাৎ দক্ষ কর্মী নেওয়া হয়। এই রাজ্যে দক্ষ লোকের এখনো খুব অভাব। আমরা শিল্পের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ দিয়ে থাকি। এখানে হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্টের নানা মেয়াদের কোর্স করানো হয়। তার মধ্যে যেমন রয়েছে ৩ বছরের, ২ বছরের, ১ বছরের ও ৬ মাসের কোর্স। মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি স্বীকৃত যেমন ডিপ্লোমা কোর্স পড়ানো হয়, তেমনি এনএসডিসি স্বীকৃত ৩ মাসের স্বল্পমেয়াদী কোর্সও পড়ানো হয়। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশরা ভরতি হতে পারেন। নানা মেয়াদের ডিপ্লোমা কোর্সে থিওরি ও প্র্যাক্টিক্যাল ক্লাসের পাশাপাশি রয়েছে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং। সব ক্ষেত্রে কোর্স ফি সাধ্যের মধ্যে। হোটেল ম্যানেজমেন্ট শহর ভিত্তিক কোর্স, আমাদের ক্যাম্পাস শহরে তাই ছেলেমেয়েদের সুবিধা হয়। দূরের ছেলেমেয়েদের জন্য হোস্টেলের ব্যবস্থা রয়েছে। আধুনিক পরিকাঠামোয় পড়ানো হয়। হাতে-কলমে কাজের জন্য রয়েছে আধুনিক ল্যাব।

কোর্সের ব্যাপারে বিস্তারিত জানতে দেখুন ২৩ পাতায়

প্রতিষ্ঠানের অধিকর্তা ও অধ্যক্ষ বুধাদিত্য পাল আরো জানান, ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন ও ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি স্কিল কাউন্সিলের সঙ্গে যৌথ উদ্যোগে কোর্স করানো হওয়ায় ছেলেমেয়েদের চাকরির জন্য ভাবতে হয় না। শিক্ষার্থীদের ইন্টার্নশিপ করানো হয় দেশের বড় বড় হোটেলে। যার ফলে কোর্স শেষ করার আগেই তাদের চাকরি পেতে সুবিধা হয়। এখান থেকে প্রশিক্ষণ নিয়ে ছেলেমেয়েরা যেমন দেশের নামি-দামি হোটেলে চাকরি পায়, তেমনি বিদেশে বিশেষ করে কানাডা, মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানি, ফ্রান্স, দুবাই, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ওমান, আবু ধাবি,অস্ট্রেলিয়া প্রভৃতি দেশে শিক্ষার্থীরা কর্মরত। আন্তর্জাতিক প্লেসমেন্টে সাহায্য করা হয়। হোটেল ম্যানেজমেন্টের কোর্স করে হোটেল ছাড়াও চাকরি পাওয়া যায় এয়ারলাইন্স, শিপিং, ব্যাঙ্ক, কাস্টমার কেয়ারে। এছাড়াও ফ্যাকাল্টি হিসাবে কাজের সুযোগ রয়েছে।

সম্প্রতি এই সংস্থা শহরের অন্যতম পাঁচতারা হোটেল নোভোটেল-এর সঙ্গে 'সমঝোতা চুক্তি' স্বাক্ষর করেছে। ফলে এখানকার ছেলেমেয়েরা সরাসরি বিখ্যাত ব্র্যান্ডের হোটেলে ইন্টার্নশিপ ও কোর্স করে চাকরির সুযোগ পাবেন। আগে আসার ভিত্তিতে সুযোগ। ভরতির জন্য এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় : বিএনজি হোটেল ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, সেক্টর ফাইভ, সল্টলেক সিটি(নিউ টাউন ব্রিজ)। বাসস্টপ কোলভবন। ফোন - ৯৮৩০৭৯৬৩০৭, ওয়েবসাইট : www.bngkolkata.com

সরকারী স্বীকৃত Sanitary Inspector কোর্স ও DMLT কোর্সে ভর্তি চলছে
- Advance Diploma in Sanitary Inspector (1 year)
- Diploma in Medical Laboratory Technology (2 years)
উপরে উল্লেখিত কোর্স ছাড়া SWM ও অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত শর্ট কোর্সেও ভর্তি চলছে
যোগ্যতা : SI (H.S & Computer Basic), DMLT (H.S-Science)
শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — রেল Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, Medical Colleges, AIIMS, Pathological Lab ও অন্যান্য ক্ষেত্রে
IIHT
226 B. B. Ganguly Street Bowbazar, Kol-700012
7003224427, 9051260924, 9836396734
Website : www.iiht.in (11 AM to 4 PM)

PARAMEDICAL COLLEGE DURGAPUR
BMLT Medical Laboratory Technology
HOSPITAL MANAGEMENT
OPTOMETRY
PHYSIOTHERAPY
NUTRITION B.SC & M.SC
93337-09950
www.paramedicalcollege.org
info@paramedicalcollege.org
ADMISSION 2022
Hellen Keller Sarani, Sector - 2A
Bidhannagar, Durgapur - 713212, WB

NSIC TECHNICAL SERVICES CENTRE
HOWRAH, WEST BENGAL
UNDER MINISTRY OF MICRO, SMALL & MEDIUM ENTERPRISES SINCE 1955
AFFILIATED TO DGT, NCVT, GOVT. OF INDIA, ISO 9001:2015
LIMITED SEATS AVAILABLE FOR ITI ADMISSION IN 2022-24 SESSION
COURSES OFFERED
- FITTER- 2 YEARS
- WELDER-1 YEAR
- SURVEYOR-2 YEARS
- DRAUGHTSMAN(MECH.)-2 YEARS
- MACHINIST-2 YEARS
WHY CHOOSE US
- ON JOB TRAINING
- 100% PLACEMENT ASSISTANCE
- MODERNIZED TOOL ROOM
- SMART LABS.
- EXPERIENCED FACULTY



FOR MORE DETAILS: 9038396563, 9153294485, 9679244844
VISIT US AT https://nsic.co.in/NTSC/NTSC-Howrah
BEST IN PLACEMENT

আপনি কি অন্য জায়গায় ভর্তি হয়ে ঠকবেন ! নাকি সাফল্যের সাথে এক যুগ পার করা বিশ্বস্থ প্রতিষ্ঠানে ভর্তি হবেন ? সিদ্ধান্ত আপনার !! দীর্ঘ ১৫ বছর ধরে আমরাই দেখাচ্ছি সাফল্যের সঠিক দিশা...

SALIENT FEATURES
- DEGREES FROM AFFILIATED STATE GOVERNMENT UNIVERSITIES
- 100% JOB ASSURANCE
- SCHOLARSHIP FACILITY
- EDUCATION LOAN FACILITY

GNM নার্সিং B.Sc নার্সিং প্যারামেডিকেল
BBA(H) BCA BBA(H) IN HOSPITAL MANAGEMENT
BBA(H) IN TOURS & TRAVELS BBA(H) IN IT & ITES MBA MCA
B.TECH M.TECH HOTEL MANAGEMENT লাইব্রেরী সায়েন্স
BA B.SC B.COM MA M.SC M.COM PH.D LLB

ভর্তির জন্য যোগাযোগ করুন ঃ
8392029714/9932587694

ঔষধের দোকান খোলার জন্য ফার্মেসি বাধ্যতামূলক
D. PHARMACY B. PHARMACY

NIBEDITA INSTITUTE AND MANAGEMENT
GOVT. OF W.B. REG. NO. IV-1903-00021/2021
An ISO 9001 : 2015 Certified Institute | www.nibeditainstituteandmanagement.com
হেড অফিস ঃ দুর্গাবাড়ি মোড়, ময়নাগুড়ি, জলপাইগুড়ি - ৭৩৫২২৪

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১।এক পশলা বৃষ্টি হলে বায়ুতে শব্দের বেগের কী বদল হয় — শব্দের বেগ বাড়ে।

২। বিদ্যুৎ প্রবাহ নির্ধারণের জন্য কোন যন্ত্র ব্যবহার করা হয় — অ্যামমিটার।

৩। আলো যখন বায়ু মাধ্যম থেকে কাঁচ মাধ্যমে প্রবেশ করে, তখন আলোর গতিবেগের কী বদল হবে — কমবে।

৪। 'পেরিস্কোপ' আলোর কোন নীতি অনুসরণ করে — প্রতিফলন ও প্রতিসরণ।

৫। 'হাইগ্রোমিটার'এ কী পরিমাপ করা হয় — আপেক্ষিক তাপ।

৬। প্রবাহিত তরলের ঘর্ষণকে কী বলে — সান্দ্রতা।

৭। কোন পদার্থ বায়ুতে সবথেকে বেশি পরিমাণে দূষণ ঘটায় — কার্বন মনোক্সাইড।

৮।নক্ষত্রদের পূর্ব থেকে পশ্চিমে যেতে দেখার কারণ কী — পৃথিবী পশ্চিম থেকে পূর্বে ঘুরছে বলে।

৯। গাড়ির লুকিং গ্লাস কী জাতীয় — উত্তল দর্পণ।

১০। 'লাইসোজোম' কে আবিষ্কার করেন



— বিজ্ঞানী ক্রিশ্চিয়ান ডে ডুভে।

## ইতিহাস

১১। 'পলাশীর যুদ্ধ' কবে হয় — ১৭৫৭ সালের ২৩ জুন।

১২। পাল বংশের প্রতিষ্ঠাতা কে — গোপাল।

১৩। কোন বৌদ্ধ ভিক্ষুকের কাছ থেকে মিলান্দার বৌদ্ধ ধর্মে দীক্ষা নেন — নাগসেনা।

১৪। শুঙ্গ বংশের প্রতিষ্ঠাতা কে — পুষ্যমিত্র।

১৫। অথর্ব বেদ ক'টি খণ্ডে বিভক্ত — ২০টি।

১৬। মহাবীর কত বছর বয়সে দেহত্যাগ করেন — ৭২ বছর বয়সে।

১৭। 'কবিরাজ' কার উপাধি —



সমুদ্রগুপ্ত।

১৮। চৌহানরা কোন জায়গায় রাজত্ব করতেন — পূর্ব রাজস্থানে।

১৯। 'বিক্রমশিলা বিশ্ববিদ্যালয়' কে প্রতিষ্ঠা করেন — ধর্মপাল।

২০। 'কল্প' বেদাঙ্গটি কীসের সঙ্গে যুক্ত — ধর্মীয় কার্যকলাপ।

## ভূগোল

২১। ভারতের কোন জায়গায় প্রথম অ্যালুমিনিয়াম কারখানা গড়ে ওঠে — কোরবা।

২২। মেরু প্রদেশের কাছাকাছি স্থানসমূহের অক্ষাংশকে কী বলে — উচ্চ অক্ষাংশ।

২৩। কোন দিনকে 'মহাবিষুব' বলে — ২১ মার্চ।

২৪। হর্নব্লেন্ড কোন জাতীয় শিলা — রূপান্তরিত।

২৫। গ্রাফাইট কোন শিলার রূপান্তর — পাললিক শিলার।

২৬। তিব্বতে ব্রহ্মপুত্র নদের নাম কী — সাংপো।

২৭। নদীপ্রবাহ পরিমাপের এককক‌ে কী বলে — কিউসেক।

২৮।শ্রীনগর ও জম্মুর সংযোগ রক্ষাকারী গিরিপথের নাম কী — বানিহাল।

২৯। চম্বল উপত্যকায় বড় খাতবিশিষ্ট অঞ্চলকে কী বলে — বীহড়।

৩০। 'শত্রুঞ্জয়' নদীর উৎপত্তিস্থল কোথায় — গির পর্বত।

## অর্থনীতি

৩১। কোটাক প্রাইভেট ব্যাঙ্কিং - হারুন তালিকা অনুসারে, কে সম্প্রতি ভারতের সবথেকে ধনীতম মহিলার তকমা পেলেন — এইচসিএল টেকনোলজিস'এর চেয়ারপার্সন রোশনি নাদার মলহোত্রা (এখন তাঁর মোট সম্পত্তির পরিমাণ ৮৪,৩৩০ কোটি টাকা)।

৩২। 'পেটিএম পেমেন্ট'স সার্ভিসেস'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — নকুল জৈন।

৩৩। নিরাপদ পানীয় জল প্রকল্পের জন্য, হিমাচল প্রদেশকে মোট কত টাকার ঋণ দিচ্ছে 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক' — ৯৬.৩ মিলিয়ন মার্কিন ডলার (প্রায় ৭৭০ কোটি টাকা)।

৩৪। 'ভোডাফোন আইডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অক্ষয় মুন্দ্রা।

৩৫। কোন ব্যাঙ্ক সম্প্রতি 'হোয়াটসঅ্যাপ ব্যাঙ্কিং পরিষেবা' চালু করল — ভারতীয় স্টেট ব্যাঙ্ক।

## সাম্প্রতিক ঘটনা

৩৬। শ্রীলঙ্কার প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — রনিল বিক্রমাসিঙ্ঘে।

৩৭। কেন্দ্রীয় সরকারের মাধ্যমে, এমএসপি (ন্যূনতম সহায়ক মূল্য) ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য গঠিত কমিটির চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সঞ্জয় আগরওয়াল।

৩৮। সম্প্রতি ভারতের প্রথম প্রধান ১০০% ল্যান্ডলর্ড বন্দরে পরিণত হল কোন বন্দর — নভি মুম্বইয়ে অবস্থিত 'জওহরলাল নেহেরু বন্দর'।

৩৯। ভারতের প্রথম রাজ্য হিসাবে সম্প্রতি সব নিবন্ধিত বাণিজ্যিক যানবাহন সংযুক্ত করল কারা — হিমাচল প্রদেশ।

৪০। ২০২৪ সালের পর, কোন দেশ 'আন্তর্জাতিক মহাকাশ স্টেশন' থেকে সরে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে — রাশিয়া।

৪১। সম্প্রতি কোন দেশে 'লুলো রোজ' নামে বিশ্বে গত ৩০০ বছরের মধ্যে সবথেকে বড় গোলাপি হীরে পাওয়া গেছে — মধ্য আফ্রিকার দেশ অ্যাঙ্গোলা।

৪২। সম্প্রতি প্রয়াত বলবিন্দর সাফরি (৬৩ বছর) কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — গায়ক।

৪৩। কোথায় চন্দ্রশেখর আজাদের বড় মূর্তি স্থাপন করা হবে — ভোপাল।

৪৪। ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সম্পর্ক শক্তিশালী করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য, কাকে সম্প্রতি সম্মানিত করল 'ইউএস-ইন্ডিয়া স্ট্র্যাটেজিক পার্টনারশিপ ফোরাম' — প্রাক্তন ভারতীয় সেনাপ্রধান জেনারেল মনোজ মুকুন্দ নারাভানে।

৪৫। সম্প্রতি 'ভারতের পতাকা বিধি ২০০২' পরিবর্তন করল কেন্দ্রীয় সরকার। এই নতুন বিধি অনুযায়ী কোন নতুন বিষয়টি সংযোজিত হয়েছে — দিন-রাত মিলিয়ে ২৪ ঘন্টাই জনসাধারণ দেশের জাতীয় পতাকা ওড়াতে পারবেন।

৪৬। ২০২২ সালে কোন দেশের নাগরিকরা 'ডিসিডেন্ট হিউম্যান রাইটস পুরস্কার' পেয়েছেন — ইউক্রেন (রাশিয়ার আগ্রাসনের বিরুদ্ধে স্বাধীনতার জন্য সাহসী সংগ্রামের জন্য এই পুরস্কার পেল তারা)।

৪৭। সম্প্রতি প্রয়াত ড.সুশোভন বন্দ্যোপাধ্যায় (৮৪ বছর) কে ছিলেন — চিকিৎসক (মাত্র ১ টাকায় রোগী দেখতেন তিনি)।

৪৮। সম্প্রতি ভারতে আরও মোট ক'টি জলাভূমিকে রামসর সাইটের মর্যাদা দেওয়া হয়েছে — ৫টি (এর ফলে, এখন দেশের মোট রামসর সাইটের সংখ্যা দাঁড়িয়েছে ৫৪টি)।

৪৯। বিশ্ব জুড়ে প্রতিনিয়ত বাড়তে থাকা 'মাঙ্কিপক্স' ভাইরাসের বাড়বাড়ন্ত রুখতে, সম্প্রতি কোন টিকাকে ছাড়পত্র দেওয়ার প্রস্তাব দিল 'ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি' — ইমভানেক্স।

৫০। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি পর্যটন নীতি - ২০২১ চালু করল — ঝাড়খণ্ড।

৫১। 'ন্যাশনাল ল্যান্ড ম্যানেজমেন্ট কর্পোরেশন'এর অন্তর্বর্তীকালীন চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সঞ্জয় কুমার জৈন।

৫২। 'বিশ্ব মস্তিষ্ক দিবস' উপলক্ষ্যে, সম্প্রতি ভারতের প্রথম ব্রেন হেলথ ক্লিনিক কোথায় চালু হল — বেঙ্গালুরুর 'জয়নগর সরকারি হাসপাতাল'এ।

৫৩। রাজস্থানে চালু হতে চলেছে প্রথম মহিলা পরিচালিত সমবায় ব্যাঙ্ক। এটির নাম কী — রাজস্থান মহিলা নিধি।

৫৪। সম্প্রতি ভারতের প্রথম টিচিং রোবট চালু করল 'ইন্ডাস ইন্টারন্যাশনাল স্কুল'। রোবটটির নাম কী — ঈগল।

৫৫। বাংলাদেশে, ভারতের নতুন হাই কমিশনার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রণয় কুমার বর্মা।

৫৬। রাজ্যের মহিলাদের সাংবিধানিক অধিকার ও আইন সম্পর্কে সচেতন করার লক্ষ্যে, ভারতের কোন রাজ্যে সম্প্রতি 'মুখ্যমন্ত্রী মাহতারি ন্যায় রথ' চালু হল — ছত্তিশগড়।

৫৭। কে সম্প্রতি 'বিশ্বব্যাঙ্ক'এর মুখ্য



অর্থনীতিবিদ হিসাবে মনোনীত হলেন — ইন্দরমিত গিল।

৫৮। কে সম্প্রতি 'গুজরাত ইন্টারন্যাশনাল ফিনান্স টেক-সিটি'তে ভারতের প্রথম 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল বুলিয়ন এক্সচেঞ্জ' চালু করলেন — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৫৯। পাম তেলের ব্যবহার প্রচারের জন্য, সম্প্রতি কোন দেশের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল ভারত — মালয়েশিয়া।

৬০। গ্রামীণ অঞ্চলে স্বাস্থ্য পরিষেবা দেওয়ার লক্ষ্যে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ফ্যামিলি ডক্টর প্রকল্প' বাস্তবায়নের সিদ্ধান্ত নিল — আন্ধ্রা প্রদেশ।

৬১। সম্প্রতি ভারতের কোন রাজ্যে 'বোনালু' উৎসব পালিত হল — তেলেঙ্গানা।

৬২। 'ব্লুমবার্গ বিলিওনেয়র ইনডেক্স' অনুযায়ী, কে সম্প্রতি এশিয়ার সবথেকে ধনী মহিলার স্বীকৃতি পেলেন



— ভারতের সাবিত্রী জিন্দাল (সাবিত্রী জিন্দালের মোট সম্পদ মূল্য ১১.৩ বিলিয়ন ডলার)।

৬৩। সম্প্রতি প্রয়াত নির্মলা মিশ্র (৮১ বছর) কে ছিলেন — সঙ্গীতশিল্পী।

## খেলাধূলা

৬৪। ২০২২ সালে কে "প্যারাসিন ওপন 'এ' দাবা টুর্নামেন্ট" জিতলেন — ভারতীয় গ্র্যান্ডমাস্টার রমেশবাবু প্রজ্ঞানন্দা।

৬৫। আফগান-ই-স্তান পুরুষ ক্রিকেট দলের প্রধান কোচ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — আফগান-ই-স্তান।

৬৬। কে সম্প্রতি 'আন্তর্জাতিক হকি ফেডারেশন'এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব নিলেন — মিশরের সেইফ আহমেদ।

৬৭। সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণাকারী দিনেশ রামদিন কোন দেশের ক্রিকেটার — ওয়েস্ট ইন্ডিজ।

৬৮। ২০২২ সালে 'মালয়েশিয়া মাস্টার্স ব্যাডমিন্টন টুর্নামেন্ট'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ইন্দোনেশিয়ার চিকো আউরা দ্বি ওয়ারদোয়ো।

৬৯। প্রথম 'খেলো ইন্ডিয়া ফেন্সিং উইমেনস লিগ' কোথায় অনুষ্ঠিত হয়েছে — নয়াদিল্লির 'তালকোটরা ইন্ডোর স্টেডিয়াম'এ।

৭০। ২০২২ সালে কোন দেশ 'এশিয়া কাপ' আয়োজন করবে — সংযুক্ত আরব আমিরশাহী।

৭১। ২০২২ সালে আইএসএসএফ শ্যুটিং বিশ্বকাপে পদক সংখ্যার তালিকায় শীর্ষে রয়েছে কোন দেশ — ভারত (৫টি সোনার পদক, ৬টি রুপোর পদক ও ৪টি ব্রঞ্জ পদক-সহ মোট ১৫টি পদক নিয়ে পদক তালিকার শীর্ষে রয়েছে ভারত)।

৭২। সম্প্রতি আন্তর্জাতিক ও ঘরোয়া ক্রিকেটে ভারতীয় ক্রিকেট দলের নতুন টাইটেল স্পন্সর হল কোন সংস্থা — মাস্টারকার্ড।

৭৩। ২০২৫ সালে কোন দেশ আইসিসি মহিলা একদিনের আন্তর্জাতিক ক্রিকেট বিশ্বকাপ আয়োজন করবে — ভারত।

৭৪। সম্প্রতি আসন্ন ৪৪ তম 'আন্তর্জাতিক দাবা অলিম্পিয়াড ২০২২'এর জন্য, মিউজিক ভিডিওর উন্মোচন করলেন 'গ্র্যামি' ও 'অস্কার' পুরস্কার জয়ী ভারতীয় সুরকার আল্লা রাখা রহমান। গানটির নাম কী — ভানাক্কাম চেন্নাই (স্বাগত সঙ্গীত)।

৭৫। ২০২২ সালে 'বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ পদক ট্যালিতে ভারতের স্থান কত — ৩৩ (প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র)।

৭৬। ২০২২ সালে কে 'ট্যুর ডে ফ্রান্স' পুরুষদের খেতাব জিতলেন — ডেনমার্কের সাইক্লিস্ট জোনাস ভিনগার্ড।

৭৭। ২০২২ সালে 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এর উদ্বোধনী অনুষ্ঠানে কারা ভারতের পতাকা বহন করেছেন — ভারতীয় শাটলার পুসারলা ভেঙ্কটা সিন্ধু ও ভারতীয় হকি দলের অধিনায়ক মনপ্রীত সিং।

৭৮। সম্প্রতি ইংল্যান্ডে, 'লিসেস্টার ক্রিকেট গ্রাউন্ড'এর নামকরণ করা হল কার নামে — ভারতের কিংবদন্তি ক্রিকেটার সুনীল গাভাসকর (এখন এই ক্রিকেট গ্রাউন্ডের নাম 'গাভাসকর গ্রাউন্ড')।

৭৯। 'ইন্ডিয়া ডেফ ক্রিকেট অ্যাসোসিয়েশন'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — রমা বলবানী।

৮০। কোন ক্রীড়াবিদ চোটের কারণে ২০২২ সালের 'কমনওয়েলথ গেমস' থেকে নিজের নাম তুলে নিয়েছেন — নীরজ চোপড়া।

৮১। 'বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ২০০ মিটার স্প্রিন্টে কে সম্প্রতি সোনার



পদক পেলেন — জামাইকার শেরিকা জ্যাকসন (তাঁর সময় ২১.৪৫ সেকেন্ড)।

৮২। ২০২২ সালে 'বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের জ্যাভলিন থ্রোয়ের ফাইনালে ভারতীয় তারকা নীরজ চোপড়া কোন পদক পেয়েছেন — রুপো (৮৮.১৩ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়ে এই কৃতিত্ব অর্জন করলেন তিনি)।

৮৩। করুণা জৈন কোন খেলার সঙ্গে যুক্ত — ক্রিকেট।

৮৪। ২০২২ সালে কে 'ফরাসি গ্রাঁ প্রি' জিতলেন — রেড বুলের ম্যাক্স ভারস্তাপেন।

৮৫। ২০২২ সালে 'সুইস ওপন টেনিস টুর্নামেন্ট'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — নরওয়ের ক্যাসপার রুড (ইতালির মাত্তেও বেরেত্তিনিকে ৪-৬, ৭-৬ (৪) ও ৬-২ ব্যবধানে হারিয়ে)।

৮৬। বার্মিংহামে অনুষ্ঠিত, আইসিসি'র বার্ষিক সম্মেলনে কোন ৩টি দেশকে সম্প্রতি সহযোগী সদস্যপদের মর্যাদা দিল 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল' — কম্বোডিয়া, উজবেক-ই-স্তান ও আফ্রিকার আইভরি কোস্ট।

সঙ্কলক : পলি দেওয়ান

# ANY RANK DIRECT ADMISSION

## ডিগ্রি নিয়ে ঘরে বসে থাকার দিন শেষ !

**৩৫০ বেডের** নিজস্ব হসপিটালে নার্সিং স্টুডেন্টদের প্র্যাক্টিক্যালের সুবিধা

সময়পোযোগী নিজেকে রোজগেরে গড়ে তুলতে এখনই ভর্তি হন নার্সিং ও প্যারামেডিকেল কোর্সে



# M.R. INSTITUTE OF NURSING

## MOTHER RIJIYA INSTITUTE OF NURSING

**Affiliated by INC, WBNC, WBUHS Approved**

# GNM ◎ B.Sc. নার্সিং

# B.Pharm ◎ D.Pharm

১০০% ব্যাঙ্ক লোনের
সুবিধা নিয়ে নার্সিং পড়ুন

পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর
ঝাড়গ্রাম, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া
9836902256

উঃ, দঃ ২৪ পরগনা,
হাওড়া, হুগলি, বর্ধমান
7595905107

৫০ হাজার
থেকে ১ লাখ
টাকা পর্যন্ত স্কলারশিপ
পাওয়ার সুবিধা



স্টুডেন্ট ক্রেডিট কার্ডে
ভর্তির সুবিধা

For Direct Admission
9907728954
8274091660

- M.R. College of Nursing এর রয়েছে সর্ববৃহৎ Infrastructure.
- উচ্চ মানের নার্সিং প্র্যাক্টিক্যাল ল্যাব।
- ডিজিটাল এবং অত্যাধুনিক ক্লাসরুম।
- অভিজ্ঞ নার্সিং ফ্যাকাল্টি।
- ক্লিনিক্যাল প্র্যাক্টিস ও ইনটার্নশিপের জন্য 350 বেডের মাল্টি স্পেশালিটি নিজস্ব হসপিটাল (M.R. Hospital)।
- হোস্টেল ও প্রত্যেক রুমে 3 জনের থাকার সুব্যবস্থা।
- 24 ঘণ্টা হোস্টেল ওয়ার্ডেনের রক্ষণাবেক্ষণ।
- খাবার মেনুতে রয়েছে ভেজ ও নন-ভেজ।
- হোস্টেলের প্রত্যেক ফ্লোরে রয়েছে ওয়াটার ফিল্টার ও ওয়াটার কুলার।
- নার্সিং কোর্সের শেষে রয়েছে 100% জবের নিশ্চয়তা, নিজস্ব হসপিটালিটি এবং আমাদের অ্যাসোসিয়েট হসপিটাল গুলিতে।

নার্সিং, প্যারামেডিক্যাল অ্যাডমিশন সংক্রান্ত যোগাযোগ ঃ
B.Pharm, D.Pharm
Mr. S. K. Mondal
(Chief Admission Officer)
মোবাইল ঃ
9163297000

INC listed ও সুপার স্পেশালিটি হসপিটাল যুক্ত পশ্চিমবঙ্গের সেরা কলেজ



2022-23 এর জন্য যোগাযোগ করুন
**For Education Consultancy**
Helpline :
**9163292000**



College Campus : Address : BIRA, BALISHA, NORTH 24 PARGANAS mr.skmindia@gmail.com

TV9 বাংলা চ্যানেল দ্বারা Academic 2022 Excellence Award 2021-2022 ও Education Conclave Award 2022 'Uttaran' প্রাপ্ত প্রতিষ্ঠান

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas

**Primary TET**
ক্লাস শুরু 20th August
ভর্তি চলছে। কোর্স ফি — 6,000/-
ফোন করুন এই নম্বরে - 9091003392

**শংকর দার কোচিং**
জীবন যুদ্ধে থাকবো পাশে
২৪ বছর
An lustitute with 6500+ Students

**SSC GD 2023**
এর শূন্যপদ 84405, বিজ্ঞপ্তি বেরোনোর পর সময় পাবেন না। ক্লাস শুরু হয়ে গেছে। ইংরেজি, হিন্দি উভয় মাধ্যমে ক্লাস চলছে। আজই ভর্তির জন্য যোগাযোগ করুন।

**BSF Tradesman**
হিন্দি ও ইংরাজিতে ক্লাস চলছে।

আমাদের পরবর্তী শাখা হবে হুগলীর শ্রীরামপুরে। বিস্তারিত জানতে 9733894444 নম্বরে ফোন করুন

এক ঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর তত্ত্বাবধানে চলছে আমাদের এই বৃহৎ পরিবার। জীবন যুদ্ধে সফল হতে আপনিও আমাদের পরিবারের সাথে সামিল হন। ভবিষ্যৎ আপনার, তাই সিদ্ধান্ত নেওয়ার দায়িত্বও আপনার। কোথায় ভর্তি হলে সঠিক গাইডেন্স পাবেন, সেটা ভাবুন তারপর ভর্তি হন।

**CGL, CHSL**
এর ক্লাস শীঘ্রই শুরু হবে, ক্লাস করাবেন বিভিন্ন বিষয়ে অভিজ্ঞ Expert-রা। ক্লাস শুধুমাত্র হেড অফিসে হবে। ভর্তির জন্য ফোন করুন এই নম্বরে — 9091003392

**WBCS**
(Prelims + Main)
এর ক্লাস শীঘ্রই শুরু হবে। ক্লাস করাবেন WBCS Expert-রা। ক্লাস হবে বারাসাত শাখায়। বিস্তারিত জানতে বা Counceling এর জন্য ফোন করুন এই নম্বরে - 9091003392

**সেনাবাহিনী ও নৌবাহিনীর অগ্নিবীর** এ ভর্তি চলছে

**2023 সালের ANM / GNM Entrance** পরীক্ষার জন্য Coaching শুরু 1লা সেপ্টেম্বর 2022

**WB Police Constable** এর রেজাল্ট বেরোলো, আমাদের প্রতিষ্ঠান থেকে পাশ করেছে 400+ Students

*আসন্ন শূন্যপদ*
পশ্চিমবঙ্গ পুলিশ কনস্টেবল, WBP SI, আবগারি ASI, আবগারি কনস্টেবল, মহিলা কনস্টেবল, রাজ্য খাদ্যদপ্তর, Railway Protection Force, Primary TET, SLST ইত্যাদি সব বিষয়ে ভর্তি চলছে

**Food SI** Class শুরু 1st September থেকে

**বসিরহাট শাখার স্থান পরিবর্তন**
বসিরহাট স্টেশন রোড (ময়লাখোলা), বসিরহাট ১ নং প্ল্যাটফর্মের পাশে
আগামী 15ই আগস্ট 2022 থেকে এই ঠিকানায় ক্লাস হবে।

**WBP Constable এর Mock Interview চলছে**
প্রতিদিন ক্লাস 11 AM to 5 PM. কোর্স ফি 1500 টাকা। শুধুমাত্র হেড অফিসে Mock Interview হচ্ছে।

বর্তমানে সরকারী চাকরী পেতে হলে প্রয়োজন সঠিক প্রস্তুতি, নিয়মিত মক-টেস্ট। তাই দেরী না করে এখনই ভর্তির জন্য যোগাযোগ করুন

প্রতি পরীক্ষার আগে প্রচুর মকটেস্ট নেওয়া হয়।

হেড অফিসে Physical ও ক্যারাটে শিক্ষণের ব্যবস্থা আছে।

দূরবর্তী ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার জন্য হেড অফিসে রয়েছে নিজস্ব 4টি হোস্টেল।

প্রতিটি শাখায় প্রয়োজন হলে আগে Demo Class করুন তারপর ভর্তি হন।

পুলিশ ও সেনাবাহিনীতে সবচেয়ে বেশি চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে

NAVY | স্কুল সার্ভিস SLST | SSC MTS | AIRFORCE X & Y | WBP SI | R.P.F | সেনাবাহিনী | SSC আটবাহিনী | Railway Gr-D
BSF Tradesman | WBP (MAIN) | Primary TET | Railway Gr-D | স্কুল সার্ভিস গ্রুপ C ও D | কলকাতা পুলিশ | Coast Guard | Upcoming WBP

**হেড অফিস** (সপ্তাহে ৭ দিনই খোলা)
মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা (শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘের সন্নিকটে)
Admission Helpline 9733894444, 9547004388

**বারাসাত শাখা** (শুক্রবার বন্ধ)
বারাসাত ১ নং টিকিট কাউন্টারের নীচে বিবেক সংঘের বিপরীতে চতুর্থ তল
Admission Helpline 9635428886

**বাঁকুড়া শাখা**
কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)
Admission Helpline 8001693133

**সিমলাপাল শাখা**
ঠিকানা : সিমলাপাল স্কুল মোড়, MLA অফিসের ৩য় তল।
Admission Helpline 7001867319

**তমলুক শাখা**
ঠিকানা : নিমতৌড়ি তমলুক, পূর্ব মেদিনীপুর নিমতৌড়ি বাসস্ট্যান্ডে নেমে তমলুকের দিকে কুলবেড্যা স্টপেজ। অনুরাগ Xerox এর উপরে।
Admission Helpline 8328770363

**বসিরহাট শাখা**
ভ্যাবলা রেলস্টেশন সংলগ্ন পাটকেল মোল্লার খোলার আগে সামাদ ডাক্তারের বাড়ির দোতলায়
Admission Helpline 9647303005

**বারুইপুর শাখা**
ঠিকানা : বারুইপুর রেল গেট ও কোর্টের মাঝখানে প্রমীলা হাউস, ৫ম তল, মহানাম বস্ত্রালয়ের পাশে
Admission Helpline 7557050701

**খড়গপুর শাখা**
ঠিকানা : মাদপুর বিডিও অফিস থেকে ২ মিনিট হাঁটা পথ এবং মাদপুর রেলস্টেশন থেকে উত্তরে ৫ মিনিট, পশ্চিম মেদিনীপুর
Admission Helpline 8695183411

## বহরমপুরে আর্মির র‍্যালি

১ পাতার.পর

কৃষ্ণনগর, নদিয়া। কারা কোন পদের জন্য আবেদন করতে পারবেন :

**অগ্নিবীর (জেনারেল ডিউটি)** : মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর (টেকনিক্যাল)** : ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আই.টি.আই. থেকে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**অগ্নিবীর ক্লার্ক / স্টোরকীপার টেকনিক্যাল** : আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর ট্রেডসম্যান (মাধ্যমিক পাশ)** : মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

**অগ্নিবীর ট্রেডসম্যান (এইট পাশ)** : ক্লাস এইট পাশরা প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-১০-২০২২'এর হিসাবে। সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও বুকের ছাতিতে ১ সেমি ছাড় পাবেন।

'অগ্নিবীর'দের ৪ বছরের জন্য নিয়োগ করা হবে। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের মিলিটারি ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কন্ট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। এরপর ২২ পাতায়

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৬,৪৩২

১ পাতার পর

বয়স হতে হবে ১-৮-২০২২'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯২ থেকে ১-৮-২০০২'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : **(1) Bank of India** : 535 (UR : 218, SC : 80, ST : 40, OBC : 144, EWS : 53), out of which HI : 05, OC : 06, VI : 06, ID : 05, **(2) Canara Bank** : 2,500 (UR : 1013, SC : 375, ST : 187, OBC : 675, EWS : 250), out of which HI : 25, OC : 25, VI : 25, ID : 25, **(3) Punjab National Bank** : 500 (UR : 203, SC : 75, ST : 37, OBC : 135, EWS : 50), out of which HI : 05, OC : 05, VI : 05, ID : 05. **(4) Punjab & Sind Bank** : 253 (UR : 102, SC : 38, ST : 23, OBC : 66, EWS : 24), out of which HI : 07, OC : 02, VI : 02, ID : 05. **(5) UCO Bank** : 550 (UR : 224, SC : 82, ST : 41, OBC : 148, EWS : 55), out of which HI : 06, OC : 06, VI : 06, ID : 06, **(6) Union Bank of India** : 2094 (UR : 836, SC : 346, ST : 155, OBC : 573, EWS : 184), out of which HI : 34, OC : 32, VI : 31, ID : 20.

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে অক্টোবর মাসে। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর, আসানসোল, হুগলি, কল্যাণী। অসমের ডিব্রুগড়, গুয়াহাটি, জোড়হাট, শিলচর, তেজপুর। বিহারের ভাগলপুর, দ্বারভাঙা, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া, সমস্তিপুর, গয়া, আরা, ঔরঙ্গাবাদ। ঝাড়খন্ডের বোকারো স্টিল সিটি, ধানবাদ, জামশেদপুর, হাজারিবাগ, রাঁচি। ওড়িশার বালাশোর, বেরহামপুর (গঞ্জাম), ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, রৌরকেল্লা, সম্বলপুর। সিকিমের বারডাং /গ্যাংটক। ত্রিপুরার আগরতলা। প্রশ্ন হবে ইংরিজিতে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বর, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৩৫ নম্বর, (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর। সময় এক ঘন্টা। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। কাট-অফ নম্বর কত থাকবে তা আই.বি.পি.এস. ঠিক করবে। কল লেটার ডাউনলোড করতে পারবেন অক্টোবরে। প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোবে নভেম্বরে।

এরপর অনলাইন মেন পরীক্ষা। মেন পরীক্ষা হবে নভেম্বরে, আসানসোল, গ্রেটার কলকাতা, কল্যাণী, শিলিগুড়িতে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৫৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউট -৬০ নম্বরের ৪৫টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৪০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৪০ মিনিট। (৩) জেনারেল /ইকনমি /ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৪) ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন -৬০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট।

এছাড়াও ইংলিশ ল্যাঙ্গোয়েজ (চিঠি লেখা ও প্রবন্ধ লেখা) পেপারে ২৫ নম্বরের ২টি প্রশ্ন। সময় থাকবে ৩০মিনিট।

প্রশ্ন হবে ইংরিজিতে। মেন পরীক্ষার কল লেটার ডাউনলোড করতে পারবেন নভেম্বরে।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষার ফল বেরোবে ডিসেম্বরে। মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখে ১০০ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ইন্টারভিউ হবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে। কল লেটার ডাউনলোড করতে পারবেন জানুয়ারি-ফেব্রুয়ারিতে। ইন্টারভিউয়ে ৪০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ের নম্বর যোগ করে অর্থাৎ, ৮০:২০ অনুপাতে কম্বাইন্ড ফাইনাল স্কোর তৈরি হবে। তখন প্রভিশনাল অ্যালোটমেন্ট করা হবে এপ্রিলে। ইন্টারভিউয়ের সময় নীচের এইসব প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল নিয়ে যাবেন : (১) ইন্টারভিউয়ের কল লেটার, (২) সিস্টেম জেনারেটেড অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম, (৩) মাধ্যমিকের সার্টিফিকেট, (৪) ফটো আইডেনটিটি কার্ড, (৫) শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশীট ও সার্টিফিকেট, (৬) কাস্ট সার্টিফিকেট, (৭) প্রতিবন্ধীরা দেবেন ডাক্তারি সার্টিফিকেট, (৮) প্রাক্তন সমরকর্মীরা দেবেন যথাবিহিত সার্টিফিকেট, (৯) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে)।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার 'কল লেটার' শুধুমাত্র ওপরের ওই ওয়েবসাইট থেকে কল লেটার ও ইনফর্মেশন হ্যান্ডআউট ডাউনলোড করতে পারবেন। লিখিত পরীক্ষার সময় টাকা জমা দেওয়ার প্রমাণপত্র (ই-রিসিপ্ট /এন.ই.এফ.টি. পেমেন্ট রিসিপ্ট) নিয়ে যাবেন। এছাড়া ফটো সাঁটা কোনো প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা জেরক্স কপি (প্যান কার্ড, পাশপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক) নিয়ে যাবেন।

তপশিলী, প্রতিবন্ধী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীদের বেলায় প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে সেপ্টেম্বর-অক্টোবরে, কলকাতা, শিলিগুড়ি, শিলং, আগরতলা, ভুবনেশ্বর, ধানবাদ, গুয়াহাটি, পটনা, রাঁচি-সহ অন্যান্য শহরে। এজন্য দরখাস্ত করার সময় সংশ্লিষ্ট কলম পূরণ করবেন। প্রি-এক্সামিনেশন ট্রেনিংয়ের কল লেটার ডাউনলোড করতে পারবেন সেপ্টেম্বর-অক্টোবরে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২ আগস্ট থেকে ২২ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব বিষয় নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। যাঁদের আই.ডি. নেই, তাঁরা নিজের নামে ই-মেল আই.ডি. বানিয়ে নিয়ে তবেই দরখাস্ত করবেন। (২) পাশপোর্ট মাপের নিজের ফটো (৪.৫×৩.৫ সেমি) ও নিজের সই (সিগনেচার) আর লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। ২০০ ডি.পি.আই.তে জে.পি.ই.জি., জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করবেন। সিগনেচারের মাপ হতে হবে ১৪০×৬০ পিক্সেল (১০-২০ কে.বি.) আর ফটোর মাপ হতে হবে ২০০×২৩০ পিক্সেল (২০-৫০ কে.বি.)। (৩) নিজের হাতের লেখায় এই ডিক্লারেশনটি সাদা কাগজে লিখে স্ক্যান করবেন : 'I.... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, ture and valid. I will present the supporting documents as and when required'.

এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। এবার যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষার ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা মাস্টার কার্ড / ভিসা ডেবিট, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর রেজিস্ট্রেশন হয়ে যাবে ও রেজিস্ট্রেশন নম্বর আর পাশওয়ার্ড পাবেন। আর 'e-receipt' পাবেন। যা প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## জীবনবিমায় ৮০

১ পাতার পর

নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ২২,৭৩০-৫২,৪৭৫ টাকা। শুরুতে ৬ মাসের প্রবেশন। শূন্যপদ : ৫০টি। এর মধ্যে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, সিকিম, অসমে ৩টি, উত্তর প্রদেশ ও উত্তরাখণ্ডে ৬টি, ছত্তিশগড় ও মধ্য প্রদেশে ৬টি, বিহার, ঝাড়খন্ড, ওড়িশায় ২টি, দিল্লি, হরিয়ানা, হিমাচল প্রদেশ, পঞ্জাব, রাজস্থান, চন্ডীগড় ২টি, কর্ণাটকে ৪টি, আন্ধ্রা প্রদেশ ও তেলেঙ্গানায় ১০টি, কেরালা, পুদুচেরী, তামিলনাড়ু ২টি, গোয়া, গুজরাত ও মহারাষ্ট্র ১৫টি।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৫৩,৬২০-১,০১,০৪০ টাকা। শুরুতে ৬ মাসের প্রবেশন। শূন্যপদ : ৩০টি।

সব পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৪ থেকে ১-১-২০০১'র মধ্যে।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে সেপ্টেম্বর-অক্টোবরে। পরীক্ষা হবে কলকাতা, শিলিগুড়ি, রাঁচী, গ্যাংটক-বড়ডং আগরতলা, পটনা, গুয়াহাটি, ভুবনেশ্বরে। ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (২) লজিক্যাল রিজনিং, (৩) জেনারেল অ্যাওয়ারনেস, (৪) নিউমেরিক্যাল এবিলিটি / কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। প্রতিটি পার্টে ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন থাকবে। সময় থাকবে ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা যাবে। সফল হলে এরপর হবে ইন্টারভিউ। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা। কল লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৭ দিন আগে থেকে। দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.lichousing.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের প্যারাগ্রাফটি নিজের হাতের লেখায় লিখে স্ক্যান করে নেবেন : 'I (name of the candidate), hereby declare that all the information submitted by me the application form is correct, ture and valid. I will present the supporting documents as and when required.' এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ ৮০০ টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা দেবেন ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার কার্ড, ময়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটের মাধ্যমে। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট নিয়ে নেবেন। প্রার্থী বাছাই পরীক্ষার সময় যাবতীয় প্রমাণপত্রের মুল ইত্যাদি নিয়ে যাবেন।

## এয়ারফোর্সে ১৫২

১ পাতার পর

বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৩৭ সেমি আর ওজন অন্তত ২৫.৪ কেজি। ১ বছরের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। সীট : টার্নার ১৬টি, মেশিনিস্ট-১৮টি, মেশিনিস্ট (গ্রাইন্ডার)-১২টি, শীট মেটাল ওয়ার্কার-২২টি, ওয়েল্ডার-৬টি, ইলেক্ট্রিশিয়ান এয়ারক্র্যাফট-১৫টি, কার্পেন্টার-৫টি, মেকানিক (ইন্সট্রুমেন্ট)-১৫, পেইন্টার জেনারেল-১০, ডেস্ক টপ পাবলিশিং -৩টি, পাওয়ার ইলেক্ট্রনিক্স -১২টি, টি.আই.জি. বা, এম.আই.জি. ওয়েল্ডার -৬টি, কোয়ালিটি অ্যাসিওরেন্স অ্যাসিস্ট্যান্ট -৮টি, কেমিক্যাল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট -৪টি।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় থাকবে এইসব বিষয় : অঙ্ক, জেনারেল সায়েন্স, জেনারেল নলেজ। মেধা তালিকা তৈরি হবে স্কোর দেখে। কবে কোথায় পরীক্ষা হবে তা ওয়েবসাইটে দেওয়া হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.org

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চা**করির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের ২০২০ সালের কনস্টেবল ও লেডি কনস্টেবল পদের মেন পরীক্ষার ফল বেরিয়েছে কি? ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? ইন্টারভিউয়ে কত নম্বর থাকবে? — মৈনাক দত্ত, বিরাটী, উত্তর ২৪ পরগনা। ইন্দ্রানী গাঙ্গুলী, হুগলি। সিবিস হেমব্রম, বেলপাহাড়ী, ঝাড়গ্রাম।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল ও লেডি কনস্টেবল পদের মেন পরীক্ষার ফল বেরিয়েছে ২ আগস্ট। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in, http://prb.wb.gov.in সফলদের ইন্টারভিউ শুরু হবে ১৭ আগস্ট থেকে। ইন্টারভিউয়ের ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ৮ আগস্ট থেকে। ইন্টারভিউয়ে থাকবে ১৫ নম্বর।

■ *কলকাতা পুলিশের কনস্টেবল পদের প্রিলি. পরীক্ষার তারিখ কি ঠিক হয়েছে? — আরিফ আহমেদ, সুতি, মুর্শিদাবাদ। শ্যামসুন্দর নিবাস, সার্কাস ময়দান, নতুনচাটী, বাঁকুড়া। প্রতিমা সরকার, মালদা। দেবজিৎ ঘোষ, লালগোলা, মুর্শিদাবাদ।*

■■ না, এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। সম্ভবত পরীক্ষা নভেম্বরে হবে।

■ *পুলিশ কনস্টেবল পদে কর্মরত অবস্থায় বি.টেক. কোর্সের ফাইনাল সেমেস্টার সম্পূর্ণ করলে, পরবর্তীকালে গ্র্যাজুয়েট লেভেলের পরীক্ষায় বসা যায় কি? — সন্দীপ বৈরাগ্য, চাকদহ, নদিয়া।*

■■ হ্যাঁ, যোগ্য।

## সি-টেট'এর

■ *ডি.এল.এড. কোর্সের প্রথম বর্ষের পরীক্ষা দিয়েছি। এখনো ফল বেরোয়নি। সি-টেট পরীক্ষা দিতে পারব কি? — অভিজিৎ পাল, স্বরূপনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ না, পারবেননা।

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের যে বিজ্ঞপ্তি আগামী দিনে বেরোবে, তাতে আই.টি.আই. পাশ করা কি বাধ্যতামূলক? — ভরৎ সিং, কলকাতা।*

■■ না, বাধ্যতামূলক নয়।

**রেলের গ্রুপ-ডি পদের প্রথম ফেজের অনলাইন পরীক্ষা হবে ১৭ আগস্ট থেকে ২৫ আগস্ট পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে। লিঙ্ক ওয়েবসাইটে পাবেন।**

■ *রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে থেকে শুরু হবে? — পার্থ দাস, হুগলি। পরিমল ঘোষ, বারাসাত, উত্তর ২৪ পরগনা। অঞ্জলী দাস, রানাঘাট, নদিয়া।*

■■ রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষার তারিখ ঠিক হয়েছে। বিভিন্ন ফেজে পরীক্ষা নেওয়া হবে, সারা ভারতের বিভিন্ন কেন্দ্রে। প্রথম ফেজের পরীক্ষা হবে ১৭ আগস্ট থেকে ২৫ আগস্ট পর্যন্ত। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করার লিঙ্ক ওয়েবসাইটে দেওয়া হবে। অন্যান্য ফেজের পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

## পি.এস.সি.'র

■ *ডব্লু.বি.সি.এস. প্রিলি ও মেন পরীক্ষার প্রশ্ন কোন ভাষায় হয়? উত্তর কোন ভাষায় দিতে হয়? মেন পরীক্ষার প্রশ্ন কি দু'টি ভাষাতেই হয়? — বৈশাখী মোদক, বিড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার প্রশ্ন ইংরিজি ও বাংলা দু'টি ভাষাতেই হয়। উত্তর দিতে হয় ও.এম.আর. শীটে। মেন পরীক্ষার বাংলা বিষয় বাদে অন্যান্য সব পেপারের প্রশ্ন ইংরিজিতে হয়। বাংলা বিষয়ের প্রশ্ন বাংলায় হয়। মেন পরীক্ষায় আবশ্যিক পেপারের (বাংলা ও ইংরিজি বাদে) প্রশ্ন এম.সি.কিউ. টাইপের হয়। বাংলা বিষয়ের উত্তর বাংলায় আর ইংরিজি বিষয়ের উত্তর ইংরিজিতে লিখতে হবে। ঐচ্ছিক বিষয়ের উত্তর বাংলা বা, ইংরিজি যে কোনো ভাষাতেই লিখতে পারবেন।

■ *ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় এক্স-সার্ভিসম্যান প্রার্থীরা বয়সে ছাড় পায় কি? — মহঃ দানিশ, বারুইপুর।*

■■ না, পায় না।

■ *২০২২ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার কাট অফ নম্বর কত হতে পারে? — সায়ন্তন ভট্টাচার্য, আলিপুরদুয়ার।*

■■ কাট অফ মার্কস কত হবে তা জানানো সম্ভব নয়। তবে আশা করা যায়, এবার কাট অফ নম্বর ১৩০-এর কাছাকাছি হতে পারে।

■ *স্কুলের সাব-ইন্সপেক্টর পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স দরকার। প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকে? এই পরীক্ষা কি প্রতি বছরই হয়? — অর্পিতা চক্রবর্তী, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। রাখী বিশ্বাস, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি প্রতি বছর বেরোয় না। শূন্যপদ তৈরি হলেই বিজ্ঞপ্তি দিয়ে লোক নেওয়া হয়। শেষবার বিজ্ঞপ্তি বেরিয়েছিল ২০১৮ সালে। দ্বিতীয় শ্রেণির অনার্স গ্র্যাজুয়েট বা, দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বি.টি. কিংবা বি. এড. কোর্স পাশ থাকা দরকার। বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে। প্রার্থী বাছাই হবে স্ক্রীনিং টেস্ট / লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথমে স্ক্রীনিং টেস্টে লিখিত পরীক্ষা হবে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ২০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) এডুকেশন বিষয়ে ৫০টি প্রশ্ন, (২) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক বিষয়ে ৫০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। এডুকেশন বিষয়ের প্রশ্ন হবে বি.এড. কোর্সের সিলেবাস অনুযায়ী। জেনারেল স্টাডিজ বিষয়ে থাকবে সাম্প্রতিক ঘটনা ও সাধারণ অভিজ্ঞতাসংক্রান্ত প্রশ্ন। অ্যারিথমেটিক বিষয়ের প্রশ্ন থাকবে মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিকের সিলেবাস অনুযায়ী। এবছর বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে।

## স্কুল সার্ভিসের

■ *এস.এল.এস.টি.'র ইন্টারভিউয়ে বি.এড. কোর্সের জন্য ডিভিশনভিত্তিক নম্বর আছে কি? না বি.এড. পাশ করলেই হবে? — অয়ন পাল।*

■■ স্কুল সার্ভিস কমিশনের নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় পরীক্ষা পদ্ধতির আমূল বদল হচ্ছে। এবার হয়ত বি.এড. কিংবা অ্যাকাডেমিক স্কোর বলে কিছু থাকবে না। যদিও বিষয়টি এখন আলোচনা স্তরে রয়েছে। খুব শিগগিরই তা জানানো হবে।

■ *১ বছর পর বি.এড. কোর্স সম্পূর্ণ হবে। স্কুল সার্ভিসের টেট, এস.এল.এস.টি.'র পরীক্ষা দিতে পারব কি? — সৌমেন চক্রবর্তী, মুরারই, বীরভূম।*

■■ না, পারবেননা।

## কোর্স ও ট্রেনিং

■ *এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সে ভরতির যে এন্ট্রান্স পরীক্ষার ফল বেরোল, তাতে র‍্যাঙ্ক আছে ৬,৯২৪। সরকারি কলেজে এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সে ভরতির সুযোগ পাব কি? কাউন্সেলিং কবে থেকে শুরু হবে? — সম্পা রুদ্র, বালগানা চট্টী, নিত্যানন্দপুর, পূর্ব বর্ধমান। প্রিয়া মিত্র, ছোটো জাগুলিয়া, নদিয়া।*

■■ রাজ্যের ২৩টি সরকারি নার্সিং ইনস্টিটিউটে এ.এন.এম. কোর্সে সীট আছে ১,৬৮০টি। এই সীটগুলি সবই গ্রামীণ এলাকার মেয়েদের জন্য। এই কোর্স বেসরকারি কোনো নার্সিং ইনস্টিটিউটে পড়ানো হয় না। অন্যদিকে, রাজ্যে সরকারি (৪২টি কলেজ) ও বেসরকারি (১০৩টি কলেজ, আরো কয়েকটি কলেজ বেড়েছে, তাই সীট সংখ্যাও বেড়েছে) নার্সিং কলেজে জি.এন.এম. কোর্সে সীট আছে ১০,৭৯৭টি (মেয়েদের সীট ১০,৪৩২টি ও ছেলেদের সীট ৩৬৫টি)। এর মধ্যে সরকারি ৪২টি নার্সিং কলেজে সীট আছে ২,৯০২টি। আর বেসরকারি নার্সিং কলেজে সীট আছে ৭,৮৯৫টির বেশি। জি.এন.এম. (মেল) কোর্সে ৩৬৫টি সীটের মধ্যে ২টি সরকারি নার্সিং কলেজে পড়ানো হয় যাতে সীট আছে ১২৫টি আর ৪টি বেসরকারি নার্সিং কলেজে পড়ানো হয় যাতে সীট আছে ২৪০টি। তাই আপনি যে র‍্যাঙ্ক করেছেন, তাতে সরকারি ইনস্টিটিউটে সুযোগ পাওয়ার সম্ভাবনা কম।

■ *২০২২ সালে ডি.এল.এড. কোর্সে ভরতির বিজ্ঞপ্তি বেরিয়েছে কি? — রিম্পা ভট্টাচার্য। অরূপ ঘোড়ুই, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, বিজ্ঞপ্তি বেরিয়েছে। দরখাস্ত জমা নেওয়ার শেষ তারিখও চলে গেছে।

■ *উচ্চমাধ্যমিক পাশ করেছি। স্বামী বিবেকানন্দ মেরিট কাম স্কলারশিপে স্কলারশিপ-এর জন্য কবে থেকে দরখাস্ত নেওয়া হবে? — পূবালী দাস, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ স্বামীবিবেকানন্দ মেরিটকাম মেনস স্কলারশিপের জন্য অনলাইনে ফর্ম পূরণ করতে পারবেন সেপ্টেম্বর মাস থেকে। সেপ্টেম্বরের মাঝামাঝি বিজ্ঞপ্তি বেরোবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| ডি.আর.ডি.ও.-তে অ্যাপ্রেন্টিস | ITI, ডিপ্লোমা গ্র্যাজুয়েট | ৮৫৭ | ১৫-৮-২২ | www.mhrdnats.gov.in https://apprenticeshipindia.gov.in |
| আই.টি.বি.পি.-এ সাব-ইন্সপেক্টর | ডিপ্লোমা | ৩৭ | ১৪-৮-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| জিপমারে টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট | ১৩৯ | ১১-৮-২২ | www.jipmer.edu.in |
| দিল্লির সাব-অর্ডিনেটে শিক্ষক, ম্যানেজার, অ্যাটেন্ড্যান্ট | গ্র্যাজুয়েট · মাস্টার ডিগ্রি | ৫০২ | ২৭-৮-২২ | http://dsssbonline.nic.in |
| টি.এইচ.ডি.সি. লিমিটেডে ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ১০২ | ১৯-৮-২২ | www.thdc.co.in |
| রাষ্ট্রীয় কেমিক্যাল ফার্টিলাইজারে অ্যাপ্রেন্টিস | এইট পাশ মাধ্যমিক, HS গ্র্যাজুয়েট | ৩৯৬ | ১৪-৮-২২ | www.rcfltd.com |
| আই.বি.পি.এস. পরীক্ষার মাধ্যমে ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার, ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ৬,৪৩২ | ২২-৮-২২ | www.ibps.in |
| স্টিল অথরিটিতে নার্সিং ও প্যারামেডিক্যাল ট্রেনিং | পেশাগত যোগ্যতা | ১২৮ | সরাসরি ইন্টারভিউ | www.sail.co.in |
| জিওলজিক্যাল সার্ভেতে ড্রাইভার | মাধ্যমিক ও ড্রাইভিং | ৬৪ | ১২-৯-২২ | www.gsi.gov.in |
| সি.এস.আই.আর.-এ অ্যাসিস্ট্যান্ট, স্টেনো | উচ্চমাধ্যমিক | ১৭ | ২৪-৮-২২ | http://iicb.res.in |
| রাজা রামান্না সেন্টার ফর অ্যাডভান্সড টেকনোলজিতে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১১৩ | ১৭-৮-২২ | www.rrcat.gov.in |
| রাষ্ট্রীয় কেমিক্যাল ফার্টিলাইজারে ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ৩৩ | ১৮-৮-২২ | www.rcftd.com |
| ইন্দো তিব্বত সীমান্ত পুলিশে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট | গ্র্যাজুয়েট | ১১ | ৯-৯-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| সেনাবাহিনীতে টেকনিক্যাল অফিসার | গ্র্যাজুয়েট | ১৮৯' | ২৪-৮-২২ | www.joinindianarmy.nic.in |

এখন থেকে নতুন ভাবে

WBCS / IAS

পাশ করতে গেলে লাগবেই...

Appointment & Career News

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সিভিল সার্ভিস পরীক্ষায় গত ২ বছরে চাকরি পাওয়া আধিকারিকদের পরীক্ষা প্রস্তুতি, টিপস, স্টাডি মেটেরিয়াল, পরীক্ষা হলের স্ট্র্যাটেজি সহ একগুচ্ছ প্রতিবেদন নিয়ে বেরোল

ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

# রেলের গ্রুপ 'ডি'



রেলে গ্রুপ-ডি পদের প্রথম ফেজের অনলাইন টেস্ট হবে ১৭ আগস্ট থেকে। চলবে ২৫ আগস্ট পর্যন্ত। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করলেন **'কর্মসংস্থান' পত্রিকার সহ-সম্পাদক রঞ্জিৎ ঘোষ।**

1. কোন ডিএনএ'তে নাইট্রোজেন বেস অনুপস্থিত?
(A) ইউরাসিল (B) অ্যাডিনাইন (C) থাইমিন (D) সাইটোসিন

2. 'পিডাংকেল' কী?
(A) ফুলের বৃন্ত (B) পাতার বৃন্ত
(C) ফলের বৃন্ত (D) কোনোটিই নয়

3. 'নেকটন' কী?
(A) জলে ভাসমান জীব
(B) জলে সন্তরনশীল জীব
(C) জলজ উদ্ভিদের সঙ্গে সংবদ্ধ প্রণালী
(D) জলে নিমজ্জমান উদ্ভিদ

4. সুপরিচিত অ্যান্টিবায়োটিক 'পেনিসিলিন' কোন জাতীয় উদ্ভিদ থেকে পাওয়া যায়?
(A) শৈবাল (B) ছত্রাক (C) লাইকেন (D) গুপ্তবীজী

5. ক্লোরোফিলে কোন ধাতু আছে?
(A) লোহা (B) দস্তা (C) অ্যালুমিনিয়াম (D) ম্যাগনেশিয়াম

6. প্রাচীন সংবহন কলাতন্ত্র বিশিষ্ট উদ্ভিদের স্টিলির প্রকৃতি কেমন?
(A) প্রোটোস্টিলি (B) সাইফোনোস্টিলি
(C) ডিক্টিওস্টিলি (D) অ্যাটাক্টোস্টিলি

7. মানুষের স্বাভাবিক রক্ত কী ধরনের?
(A) আম্লিক (B) ক্ষারীয় (C) প্রশমিত (D) পরিবর্তনশীল

8. কোন শক্তির ব্যবহারে অ্যাসিড বৃষ্টির সম্ভাবনা বাড়ে?
(A) সৌরশক্তি (B) বায়ুশক্তি
(C) জীবাশ্ম জ্বালানি (D) জোয়ার ভাটা শক্তি

9. নীচের কোনটি বহুরূপের (পলিমর্ফিক) প্রজাতি?
(A) স্তন্যপায়ী (B) উভচর (C) সরীসৃপ (D) পক্ষী

10. একজন প্রাপ্তবয়স্কের হৃৎপিণ্ড প্রতি ঘণ্টায় প্রায় কত পরিমাণ রক্ত পাম্প করে?
(A) 150 লিটার (B) 200 লিটার
(C) 300 লিটার (D) 340 লিটার

11. নীচের কোনটি দৈর্ঘ্যের একক নয়?
(A) আলোকবর্ষ (B) মাইক্রন
(C) অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিট (D) রেডিয়ান

12. একটি পেন্ডুলামের দোলনকাল কিসের ওপর নির্ভর করে?
(A) এটির গোলকের আকারের ওপর
(B) এটির গোলকের ঘনত্বের ওপর
(C) এটির দৈর্ঘ্যের ওপর
(D) এটির গোলকের আয়তনের ওপর

13. একই গতিশক্তি সম্পর্ক কণাগুলির মধ্যে কার ভরবেগ সর্বোচ্চ?
(A) ইলেক্ট্রন (B) প্রোটন (C) ডিউটেরন (D) আলফা কণা

14. বিশুদ্ধ জলে লবণ মেশালে এর স্ফুটনাঙ্ক কী হবে?
(A) বাড়বে (B) কমবে (C) একই থাকবে (D) কোনোটিই নয়

15. 'মায়োপিয়া' সারানোর জন্য নীচের কোনটি ব্যবহৃত হয়?
(A) সিলিন্ড্রিকাল লেন্স (B) কনকেভ লেন্স
(C) কনভেক্স লেন্স (D) প্ল্যানো লেন্স

16. অপটিক্যাল ফাইবারের কার্যনীতি হল —
(A) প্রতিসরণ (B) অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন
(C) বিক্ষেপ (D) প্রতিফলন

17. জার্মেনিয়াম ও সিলিকনকে কী বলা হয়?
(A) অপরিবাহী (B) পরিবাহী (C) ধাতু (D) অর্ধ পরিবাহী

18. স্টেপ ডাউন ট্রান্সফর্মার কী বাড়িয়ে যায়?
(A) ভোল্টেজ (B) কারেন্ট (C) ওয়াটেজ (D) কারেন্টের ঘনত্ব

19. নীচের কোনটি সবথেকে উপযুক্ত নিউক্লীয় জ্বালানি?
(A) ফিসন (B) ফিউসন (C) স্প্যালেশন (D) নিউটন অ্যাবজর্পশন

20. নীচের কোন বলটি সংরক্ষিত বল নয়?
(A) মাধ্যাকর্ষণ বল (B) ঘর্ষণজনিত বল
(C) স্থির তড়িৎ বল (D) স্থির চুম্বকীয় বল

21. নিউট্রনের আবিষ্কর্তা হলেন —
(A) জেমস চ্যাডউইক (B) জে. জে. থমসন
(C) আর্নেস্ট রাদারফোর্ড (D) নীলস বোর

22. আয়রন দ্রবীভূত হয় না —
(A) গরম লঘু $HNO_3$-তে (B) ঠান্ডা লঘু $HNO_3$-তে
(C) ধূমায়িত $HNO_3$-তে (D) ওপরের কোনোটিই নয়

23. লিনসিড তেলের সঙ্গে অ্যালুমিনিয়াম চূর্ণের মিশ্রণ কীসে ব্যবহৃত হয়?
(A) রঙে (B) সারে (C) কীটনাশকে (D) বিস্ফোরকে

24. বাড়ির কাজে ব্যবহৃত ফিনাইল নীচের কোন দ্রব্যটির থেকে লঘুকৃত?
(A) মিথাইল অ্যালকোহল (B) টারটারিক অ্যাসিড
(C) বেঞ্জিন (D) অ্যানথ্রাসিন

25. উদ্ভিজ্জ তেল থেকে বনস্পতি ঘি তৈরির সময় নীচের কোন গ্যাসটি ব্যবহৃত হয়?
(A) নাইট্রোজেন (B) কার্বন ডাই-অক্সাইড
(C) হাইড্রোজেন (D) নিয়ন

26. 'ফ্লুওরিন' কী?
(A) কার্বনের একটি বহুরূপ (B) কার্বোরান্ডামের অন্য নাম
(C) কৃত্রিম এসারি (D) কার্বনের একটি যৌগ

27. নীচের কোন যৌগটি তৈরি করা আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের একটি যুগান্তকারী কাজ?
(A) $HgCl_2$ (B) $HgO$ (C) $Hg_2Cl_2$ (D) $H_2O_4$

28. গ্যালভানাইজেশন পদ্ধতিতে নীচের মধ্যে কোন দু'টিকে একসঙ্গে উত্তপ্ত করা হয়?
(A) রবার ও গন্ধক (B) ল্যাটেক্স ও গন্ধক
(C) রবার ও ইস্পাত (D) রবার ও সীসা

29. ফিউজ তার গঠিত হয় —
(A) 63% টিন, 37% সীসা
(B) 63% সীসা, 37% টিন
(C) 63% টিন, 37% অ্যালুমিনিয়াম
(D) 63% সীসা, 37% অ্যালুমিনিয়াম

30. নীচের কোনটি উষ্ণতার ওপর নির্ভর করে না?
(A) মোলারিটি (B) মোলালিটি (C) নর্ম্যালিটি (D) ফর্ম্যালিটি

31. 'টাইটান রাগা' কোম্পানির প্রচারদূত এখন কে?
(A) মহেন্দ্র সিং ধোনি (B) আলিয়া ভাট
(C) বিরাট কোহলী (D) অনুষ্কা শর্মা

32. 'নীতি আয়োগ'এর চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে?
(A) আমনদীপ সিং (B) এন. জে. ওঝা
(C) পরমেশ্বরন আইয়ার (D) প্রমোদকুমার মিত্তাল

33. 'বিশ্ব শিশুশ্রম বিরোধী দিবস' কবে পালিত হয়?
(A) 11 জুন (B) 12 জুন (C) 13 জুলাই (D) 10 জুলাই

34. 20তম বর্ষেও কে 'ইউনিসেফ'এর শুভেচ্ছাদূত হিসাবে থাকছেন?
(A) স্টিভ ওয়া (B) শচীন তেন্ডুলকর
(C) রাহুল দ্রাবিড় (D) কেভিন পিটারসেন

35. সম্প্রতি 'রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং'এর ডিরেক্টর জেনারেল হিসাবে সামন্ত গোয়েলের কার্যকালের মেয়াদ কত বছর বাড়ানো হল?
(A) 1 বছর (B) 2 বছর (C) 3 বছর (D) 4 বছর

36. 2022 সালে প্রথম 'রঞ্জি ট্রফি' জিতল কোন দল?
(A) আন্ধ্রা প্রদেশ (B) মধ্য প্রদেশ
(C) বরোদা (D) তামিলনাড়ু

37. সম্প্রতি ভারতের কোন রাজ্যে 'মুখ্যমন্ত্রী মাতৃশক্তি যোজনা' চালু হল?
(A) মহারাষ্ট্র (B) গুজরাত (C) পশ্চিমবঙ্গ (D) অসম

38. কোন প্রখ্যাত স্বাধীনতা সংগ্রামী সম্প্রতি 102 বছর বয়সে মারা গেলেন?
(A) অঞ্জলী পদ্মসামি (B) গোপীচাঁদ নারাং
(C) হরি চাঁদ (D) এস. আর. আয়েঙ্গার

39. কোন দেশ সম্প্রতি এই প্রথমবার 'ন্যাটো সম্মেলন'এ অংশ নিয়েছে?
(A) ইন্দোনেশিয়া (B) জাপান (C) শ্রীলঙ্কা (D) কাতার

40. সম্প্রতি ভারতের কোন রাজ্যে জাতি ভিত্তিক জনগণনা শুরু করল?
(A) ওড়িশা (B) ঝাড়খণ্ড (C) বিহার (D) অসম

41. সরকারি বিদ্যালয়ের শিক্ষার্থীদের মানসম্পন্ন শিক্ষা দেওয়ার জন্য, ভারতের কোন রাজ্য সম্প্রতি Byju's কোম্পানির সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল?
(A) উত্তর প্রদেশ (B) আন্ধ্রা প্রদেশ
(C) মধ্য প্রদেশ (D) পঞ্জাব

42. পশুদের জন্য ভারতের প্রথম করোনা টিকাটির নাম কী?
(A) Cinocovax (B) Anocovax
(C) Covax (D) Jovax

43. ভারতের প্রথম রাজ্য হিসাবে কারা সম্প্রতি ড্রোন নীতি অনুমোদন করল?
(A) হিমাচল প্রদেশ (B) আন্ধ্রা প্রদেশ
(C) উত্তর প্রদেশ (D) মধ্য প্রদেশ

44. বাংলাদেশের পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?
(A) 6.12 কিলোমিটার (B) 6.15 কিলোমিটার
(C) 6.13 কিলোমিটার (D) 6.05 কিলোমিটার

45. কোন দেশ সম্প্রতি গাঁজা চাষকে বৈধ হিসাবে ঘোষণা করল?
(A) ইন্দোনেশিয়া (B) থাইল্যান্ড
(C) সিঙ্গাপুর (D) আফ্রিকা

46. ভারতের কোন রাজ্যের পুলিশ সম্প্রতি 'প্রেসিডেন্টস কালার' পেল?
(A) আন্ধ্রা প্রদেশ (B) তামিলনাড়ু
(C) অসম (D) উত্তর প্রদেশ

47. 'বন মহোৎসব' ১৯৫০ সালে কে শুরু করেন?
(A) জওহরলাল নেহরু
(B) কানাইয়ালাল মানেকলাল মুন্সী
(C) সর্দার বল্লভভাই প্যাটেল (D) কোনোটিই নয়

48. ভারতের বিখ্যাত কার্টুনিস্ট কে?
(A) মেহমুদ (B) রবিশঙ্কর
(C) রাশিপুরম কৃষ্ণস্বামী লক্ষণ (D) শঙ্করণ

49. ভুটানের মুদ্রার নাম কী?
(A) রুপি (B) টাকা (C) নলট্রাম (D) রিয়েল

50. 1992 সালে কাকে 'ভারতের সুপুত্রী' ছদ্মনাম দেওয়া হয়?
(A) মাদার টেরেসা (B) ইন্দিরা গান্ধী
(C) সরোজিনী নাইডু (D) লতা মঙ্গেশকর

51. ভারতের প্রথম 'মাল্টিপারপাস প্রজেক্ট' কোনটি?
(A) দামোদর ভ্যালি কর্পোরেশন
(B) পরিকল্পনা রিহান্দ প্রোজেক্ট
(C) ভাকরা নাঙ্গাল প্রোজেক্ট (D) হিরাকুঁদ প্রোজেক্ট

52. ভারতীয় জাতীয় স্তোত্র কী?
(A) জনগণমন অধিনায়ক জয় হে (B) বন্দে মাতরম
(C) সারে জাঁহাসে আচ্ছা (D) সরফরোসি কী তামান্না

53. কারা 'কলিঙ্গ পুরস্কার' দেয়?
(A) ইউনেস্কো (B) ইউনিসেফ
(C) ভারত সরকার (D) জওহরলাল শান্তি সমিতি

54. নীচের কে 'নিশান-ই-পাকিস্তান' পুরস্কার পান?
(A) লাল বাহাদুর শাস্ত্রী (B) মৌলানা আজাদ
(C) মোরারজী দেশাই (D) ইন্দিরা গান্ধী

55. পৃথিবী বিখ্যাত বার্বি ডল এর স্রষ্টা কে?
(A) এলিয়ট হ্যান্ডলার (B) ভেনিয়েলা উলিয়েৎ
(C) রুথ হ্যান্ডলার (D) এন জনশন

56. 7 : 49 : : 17 : ?
(A) 288 (B) 290 (C) 324 (D) 119

57. নীচের শব্দগুলির মধ্যে কোনটি অভিধানে চতুর্থ স্তম্ভে থাকবে?
(A) Sanatorium (B) Sanskrit
(C) Sanction (D) Sancity

58. Face : Expression : : Hand : ?
(A) Gesture (B) Work
(C) Handshake (D) Pointing

59. বেঠিক শব্দ চিহ্নিত করুন।
(A) ছুড়ি (B) কাঁচি (C) কুঠার (D) হাতুড়ি

60. এক ব্যক্তি পূর্বদিকে মুখ করে দাঁড়িয়ে থাকার সময় পরপর দু'বার তার ডানদিকে ঘুরল। এবার পরপর তিনবার ঘুরল তার বাঁদিকে ও সবশেষে পরপর দু'বার ঘুরল তার ডানদিকে। এখন সে কোন দিকে মুখ করে দাঁড়িয়ে আছে?
(A) পূর্ব (B) পশ্চিম (C) উত্তর (D) দক্ষিণ

61. যদি TIGER = $\frac{2}{3}$, BUFFALO = $\frac{3}{4}$ ও CROCODILE = $\frac{4}{5}$ হয়, তাহলে ELEPHANT = ?
(A) $\frac{3}{5}$ (B) $\frac{1}{5}$ (C) $\frac{2}{3}$ (D) $\frac{3}{4}$

62. নীচের নম্বর সিরিজের প্রশ্ন চিহ্নের (?) স্থানে কী বসবে?
1, 8, 9, 64, 25, ?, 49
(A) 40 (B) 99 (C) 216 (D) 36

63. যদি 'A' এর অর্থ '+', 'B' এর অর্থ '–', 'C' এর অর্থ '×' ও 'D' এর অর্থ '÷', হয়, তাহলে নীচের বর্ণনার মান কী হবে?
8 D 2 A 61 C 3 B 5
(A) 25 (B) 17 (C) 10 (D) 30

64. 2007 সালের ক্যালেন্ডার অন্য কোন বছরের সমান হবে?
(A) 2014 (B) 2016 (C) 2017 (D) 2018

65. বীণা, অশোকের ভ্রাতৃবধূ ও কল্যাণীর পুত্রবধূ। দেবরাজ, সুদীপের বাবা। সুদীপ, অশোকের একমাত্র ভাই। কল্যাণী, অশোকের কে হয়?
(A) শাশুড়ি (B) মা (C) বউদি (D) স্ত্রী

66. ক্রমপর্যায় অনুসারে শূন্যস্থান পূরণ করুন :
2, 6, 18, 54, ...?
(A) 108 (B) 148 (C) 162 (D) 216

67. Product : Multiplication : : Sum : ?
(A) Comparison (B) Percentage
(C) Number (D) Addition

68. অন্যগুলির থেকে পৃথকটি খুঁজে বের করুন।
(A) পশ্চিমবঙ্গ : ভিক্টোরিয়া মেমোরিয়াল
(B) রাজস্থান : থর মরুভূমি
(C) কেরালা : কোভালাম সমুদ্রতট
(D) কর্ণাটক : গেরসোপ্পা জলপ্রপাত

69.


এই নকশাতে কতগুলি বর্গক্ষেত্র আছে?

(A) 4 (B) 5 (C) 6 (D) 8

70. বেমানান কোনটি?

(A) STR (B) PQR (C) MNO (D) WXY

71. শূন্যস্থান পূরণ করুন :-

____ 4, 12, 15, 5, 15, 18, 6

(A) 8 (B) 12 (C) 18 (D) 21

72. মনুষ্যজাতি, ভারতীয়, ক্রিকেট খেলোয়াড়, ফুটবল খেলোয়াড়



73. নিখোঁজ বর্ণ বসান।

a __ abaca __ ac __ b

(A) cba (B) bca (C) bac (D) cab

74.



□ প্রশিক্ষিত অধ্যাপক

△ বিবাহিত জনগণ

○ কলেজের অধ্যাপক

নীচের কোন সংখ্যাটি প্রশিক্ষিত বিবাহিত অধ্যাপক বোঝাচ্ছে?

(A) 6 (B) 5 (C) 7 (D) 4

75. গিল্ডার : নেদারল্যান্ড : : পেসেতা : ?

(A) স্পেন (B) ক্রোয়েশিয়া (C) পর্তুগাল (D) গ্রিস

76. সঠিক দলগত রেখাচিত্রটি চিহ্নিত করুন — বই, বাংলা বই, উপন্যাস।



77. পানু, সানুর থেকে বেঁটে, কিন্তু হরির মতো বেঁটে নয়। সানুর থেকে রানু লম্বা। রামু কিন্তু কানুর থেকে বেঁটে। এদের মধ্যে কে সবথেকে লম্বা?

(A) পানু (B) রামু (C) সানু (D) কানু

78. DAD-এর কোড 414 হলে, PAD-এর কোড কত?

(A) 1624 (B) 1614 (C) 215 (D) 712

79. M, N-এর মা, N, O-এর মেয়ে, O, P-এর বাবা। M, P-এর কে হন?

(A) বোন (B) মা (C) বাবা (D) মেয়ে

80. ভদ্রলোক : সত্য হলে মিথ্যা : ?

(A) অভদ্র (B) জীবন্ত (C) দরিদ্র (D) অসত্য

81. DEMOGRAPHY = ABJLDOXMEV হলে, ECONOMICS = ?

(A) BANONLGAU (B) BZLKLJFZP

(C) DOMNRJIPE (D) FOKMGHERP

82. সদৃশটি নির্ণয় করুন।

শিক্ষক, পুস্তক, কলম, পেনসিল

(A) কলম, পেনসিল (B) কলম, পুস্তক

(C) শিক্ষক, পুস্তক (D) শিক্ষক, পেনসিল

83. যদি TRAIN-কে OJBSU সংকেতে দিয়ে প্রকাশ করা হয়, তাহলে BUS-এর সংকেত কী হবে?

(A) CVT (B) TVC (C) CTV (D) TCV

84. পুরুষদের সমষ্টি, মন্ত্রীদের সমষ্টি ও সংসদ সদস্যের সমষ্টি — এই তিনের মধ্যে সঠিক সমষ্টি নির্দেশ করুন।



85. যদি গতকালের আগের দিন সোমবার হয়ে থাকে, তাহলে আগামীকালের পরের তৃতীয় দিন কী বার হবে?

(A) বৃহস্পতিবার (B) শুক্রবার (C) শনিবার (D) রবিবার

86. B2E, D6H, F14K, H30N, ?

(A) K62P (B) K50P (C) J50Q (D) J62Q

87. 4, 10, 22, 46, ?

(A) 66 (B) 78 (C) 56 (D) 94

88. যদি CABLE = XZYOV হয়, তবে YZXP = ?

(A) BABY (B) BACK (C) CELL (D) BELL

89. যদি A+B মানে, A, B-এর মা, A–B মানে A, B-এর ভাই ও A × B মানে, A, B-এর ভগিনী হয়, তবে P–M+N×Q -এর মানে কী?

(A) P, Q-এর মামা (B) P, Q-এর ভাই

(C) P, Q-এর ভাগ্নে (D) P, Q-এর ভাই

90. 12 : 20 = * : 25. লুপ্ত পদটি কী হবে?

(A) 16 (B) 24 (C) 18 (D) 15

91. A এর যোগ্যতা B এর 4 গুণ। একটি কাজ B, 20 দিনে সম্পূর্ণ করে। যদি দু'জনে একসঙ্গে কাজ করে, তাহলে কাজটি কত দিনে শেষ হয়?

(A) 4 দিনে (B) 5 দিনে (C) 6 দিনে (D) 8 দিনে

92. সাতটি ক্রমিক যুগ্মসংখ্যার যোগফল 154. সর্ববৃহৎ সংখ্যাটি কী?

(A) 32 (B) 30 (C) 28 (D) 26

93. 2.5 মিটার লম্বা একটি মই একটি দেওয়ালে হেলান দেওয়া আছে। এর উপরিপ্রান্ত ভূমি থেকে 2.4 মিটার ওপরে আছে। মইয়ের নিম্নপ্রান্ত দেওয়াল থেকে কতদূরে আছে?

(A) 80 সেন্টিমিটার (B) 77 সেন্টিমিটার

(C) 0.7 মিটার (D) 1.4 মিটার

94. যদি দিনের দৈর্ঘ্য, রাত্রির দৈর্ঘ্যের থেকে $1\frac{1}{2}$ ঘণ্টা বেশি হয়, তাহলে রাত্রির দৈর্ঘ্য কত হবে?

(A) $12\frac{3}{4}$ ঘণ্টা (B) $11\frac{1}{4}$ ঘণ্টা

(C) $11\frac{1}{2}$ ঘণ্টা (D) $10\frac{1}{2}$ ঘণ্টা

95. 62 পয়সা প্রতি মিটার হিসাবে একটি বর্গক্ষেত্রে বেড়া দিতে 42.16 টাকা খরচ হয়। প্রতি বর্গমিটারে 2 টাকা হিসাবে ওই বর্গক্ষেত্র বাঁধাতে কত খরচ হয়?

(A) 578 টাকা (B) 600 টাকা (C) 558 টাকা (D) 568 টাকা

96. 2টি কলম ও 3টি পেনসিলের দাম 64 টাকা 50 পয়সা। এরকম 3টি কলম ও 2টি পেনসিলের দাম 93 টাকা। 1টি কলম ও 34টি পেনসিলের মোট দাম কত?

(A) 32 টাকা (B) 34 টাকা (C) 36 টাকা (D) 38 টাকা

97. কয়লার দাম 25% বাড়ল। একটি পরিবার কয়লার ব্যবহার শতকরা কত কমালে কয়লার খরচ একই থাকবে?

(A) 20% (B) 25% (C) $16\frac{2}{3}$% (D) $12\frac{1}{2}$%

98. 12.106 -কে সরল ভগ্নাংশে পরিণত করলে হবে —

(A) $\frac{10004}{9999}$ (B) $\frac{12094}{999}$ (C) $\frac{12004}{999}$ (D) $\frac{10016}{999}$

99. একটি ঘড়িতে 5টি ঘণ্টা পড়তে 3 সেকেন্ড সময় লাগে। ওই ঘড়িতে 6টি ঘণ্টা পড়তে কত সেকেন্ড সময় লাগবে?

(A) 4 (B) $3\frac{3}{4}$ (C) 5 (D) $3\frac{1}{2}$

100. A : B = 3 : 4, B : C = 5 : 7 ও C : D = 8 : 9 হলে A : D = ?

(A) 3 : 7 (B) 7 : 3 (C) 21 : 10 (D) 10 : 21

## উত্তর

1(A). 2(A). 3(B). 4(B). 5(D). 6(A). 7(B). 8(C). 9(B). 10(C). 11(D). 12(C). 13(D). 14(A). 15(B). 16(B). 17(D). 18(A). 19(A). 20(B). 21(A). 22(C). 23(A). 24(C). 25(C). 26(A). 27(A). 28(B). 29(B). 30(B). 31(B). 32(C). 33(B). 34(B). 35(A). 36(B). 37(B). 38(A). 39(B). 40(C). 41(B). 42(B). 43(A). 44(B). 45(B). 46(B). 47(B). 48(C). 49(C). 50(A). 51(A). 52(A). 53(A). 54(C). 55(C). 56(D). 57(B). 58(A). 59(D). 60(D). 61(D). 62(C). 63(B). 64(D). 65(B). 66(C). 67(D). 68(A). 69(C). 70(A). 71(D). 72(C). 73(A). 74(D). 75(A). 76(D). 77(D). 78(B). 79(B). 80(A). 81(B). 82(A). 83(B). 84(C). 85(D). 86(D). 87(D). 88(B). 89(A). 90(D). 91(A). 92(C). 93(C). 94(B). 95(A). 96(C). 97(A). 98(B). 99(B). 100(D).

# জেনারেল ইংলিশ

চাকরির পরীক্ষার গাইড

**Direction (Qs. 1-10) :** *Read each sentence to find out whether there is any grammatical or idiomatic error in it. The error, if any, will be in one part of the sentence. The number of that part is the answer. If there is 'No error', the answer is (E). (Ignore errors of punctuation, if any.)*

1. (A) The next time you / (B) are at the city airport, / (C) apart of shopping for the usual, / (D) you can also purchase a piece of art / (E) No error

2. (A) Despite being laid low by illness / (B) in the run-up to the event, / (C) the sportsman intend to give his best / (D) on the upcoming championship. / (E) No error

3. (A) After staying together / (B) for several years, the actress / (C) finally separated from her husband / (D) for good in 2004 / (E) No error

4. (A) As the final placements at the IITs / (B) kick off on Thursday, students are set to / (C) land their first crore-plus salary / (D) offer from Microsoft and Oracle / (E) No error

5. (A) After swung between playing / (B) positive and negative characters / (C) the actor is set to attempt comedy / (D) for the first time on small screen / (E) No error

6. (A) Research shows that people / (B) who are able to responding / (C) more quickly to questions are / (D) perceived as more charismatic / (E) No error

7. (A) Banks faced the brunt of public frustration again / (B) as customers found them standing / (C) in queue to withdraw cash after / (D) arrears were credited to accounts / (E) No error

**Direction (Qs. 8-12) :** *Each question below has two blanks, each blank indicating that something has been omitted. Choose the set of words for each blank that best fits the meaning of the sentence as a whole.*

8. Findings________that social intelligence is more than just________the right thing to do.
(A) depict, making (B) state, letting (C) suggest, ascertaining (D) show, knowing (E) illustrate, allowing

9. Saunas are not only a good way to detox, but they also help you get________a cold quicker by opening up your sinus passage, and helping you ________easily.
(A) over, breathe (B) past, air (C) better, smell (D) leave, oxygenate (E) arrest, vacate

10. A fixed rate home loan is ___ for those who want to have a_____monthly repayment schedule.
(A) good, high (B) kept, limited (C) ideal, predictable (D) prime, logical (E) best, annual

11. Paintings are generally quite________, but by expanding art to forms and objects beyond paintings, we will make it________to the common man.
(A) costly, limited (B) cheap, available (C) expensive, accessible (D) reasonable, pricey (E) steep, exorbitant

12. No________how big or small the piece of jewellery, it is the fact that you bought it with your own money that makes it________.
(A) matter, special (B) doubt, unique (C) problem, stand (D) way, small (E) issue, dear

## উত্তর

1(C). 2(C). 3(E). 4(D). 5(A). 6(B). 7(B). 8(D). 9(A). 10(C). 11(C). 12(A).

# ৩১৯ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট।

আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা এন.সি.ভি.টি.'র সার্টিফিকেট থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ১-৪-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। কোন ট্রেডে ক'টি শূন্যপদ : ফিটার ৮০টি (জেনাঃ ৩৪, ই.ডব্লু.এস. ৮, ও.বি.সি. ২২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১১)। টার্নার ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। মেশিনিস্ট ১৪টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৪০টি (জেনাঃ ১৭, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৬)। মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স ২০টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩)। ইলেক্ট্রিশিয়ান ৬৫টি (জেনাঃ ২৭, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৯)। কার্পেন্টার ২০টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। মেকানিক ডিজেল ৩০টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৩০টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪)।

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৯২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন মাসে ৭,৭০০-৮,০৫০ টাকা (ট্রেড অনুযায়ী)। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। ২ ঘন্টার পরীক্ষা হবে ৪ সেপ্টেম্বর। এই পরীক্ষায় থাকবে এই দু'টি পার্ট : (ক) ৭৫ নম্বরের প্রশ্ন এইসব বিষয়ে : জেনারেল নলেজ, ইংরিজি, জেনারেল অ্যাপ্টিটিউট (অ্যারিথমেটিক, রিজনিং, ডাটা ইন্টারপ্রিটেশন)। (খ) ৭৫টি প্রশ্ন হবে আই.টি.আই. সংক্রান্ত। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং নেই। কাট অফ নম্বর জেনারেলদের বেলায় ৫০ (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০) নম্বর। পরীক্ষা হবে বিশাখাপত্তনমে। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন। তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স নিয়ে যাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : RINL/VSP/L&DC/Trade 2022 (1).

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে অনলাইনে নাম নথিভুক্ত করতে হবে ১৮ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.https://apprenticeshipindia.org নাম নথিভুক্ত করার পর যে রেজিস্ট্রেশন নম্বর পাবেন তা প্রিন্ট করে নেবেন।

এবার এই ওয়েবসাইটে (www.vizagsteel.com) গিয়ে Careers ক্লিক করে Engagement of Trade Apprentices-2022-তে গিয়ে ফর্ম পূরণ করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।



# ১০ লক্ষ নতুন সরকারি চাকরির দৌড়ে এগিয়ে থাকতে প্রস্তুতি শুরু হোক গ্র্যাজুয়েশনের সঙ্গেই

চাকরির অভাব বা বেকারত্বের সমস্যা দিন দিন বাড়ছে–এ কথা যেমন সত্যি, তেমনই প্রতিদিন নতুন সরকারি চাকরির সংখ্যা বাড়ছে, এটাও সত্যি। সম্মান, নিরাপত্তা, ভালো স্যালারি, নির্ভরযোগ্য পেনশন প্ল্যান ইত্যাদির জন্য সরকারি চাকরির কোনও বিকল্প হয় না। আর সঠিক পদ্ধতি, অভিজ্ঞ প্রশিক্ষণ এবং নির্দিষ্ট দিশার সাহায্যেই সরকারি চাকরি নিশ্চিত করা সম্ভব।

**প্রফেসর সমিত রায়** ফাউন্ডার চেয়ারম্যান, রাইস গ্রুপ
যাঁর নেতৃত্বে দীর্ঘ ৩৭ বছর ধরে প্রায় দেড় লক্ষের বেশি ছাত্রছাত্রী কেন্দ্রীয় ও রাজ্য সরকারের চাকরি পাওয়ার ক্ষেত্রে সফল হয়েছে।

সারা দেশে আগামী কিছুদিনের মধ্যেই **১০ লক্ষ নতুন সরকারি চাকরির** ঘোষণা হয়েছে। এর মধ্যে থাকছে রেল, পোস্ট অফিস, প্রতিরক্ষামন্ত্রক (সিভিল), রাজস্ব, স্বরাষ্ট্রমন্ত্রক সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ চাকরি। তাই প্রস্তুতি শুরু করা দরকার যত দ্রুত সম্ভব।

**সর্বভারতীয় সরকারি চাকরির ট্রেনিং যেসব প্রতিষ্ঠান দিচ্ছে তাদেরকে পেছনে ফেলে RICE-এর ছাত্রছাত্রীরা শীর্ষস্থান অধিকার করল।**

## ১৫ জুন প্রকাশিত PSC Clerkship Examination, 2019 (Advt. No.05/2019) পরীক্ষায় চূড়ান্ত সফল RICE-এর জেলার ছাত্রছাত্রীদের আরো কিছু সংখ্যক ছাত্রছাত্রীর তথ্য প্রকাশ করা হল।

**সম্পূর্ণ বৈজ্ঞানিক পদ্ধতিতে ট্রেনিং, দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকদের ক্লাস ও হ্যান্ডআউট, ক্লাসনোট, নিয়মিত ছাত্রছাত্রীদের পারফরমেন্স বিশ্লেষণ ও নিরীক্ষণ, সমৃদ্ধ লাইব্রেরি, উন্নত স্টাডি মেটেরিয়াল, অনলাইন-অফলাইন ক্লাস রাইস-এর ছাত্রছাত্রীদের সাফল্যের রসায়ন।**

### গত দু'মাসে PSC Clerkship পরীক্ষায় RICE-এর সাফল্য সংখ্যা ৩৫০

নিয়মিত অনুশীলন ও পড়া করেছি
PIYALI MISRA
Public Works Directorate – LDC, Roll-1209504
Barik Bandhpara, Purulia

মোটিভেশন ক্লাস থেকে উপকৃত
ARKA DEY
W.B. Legislative Assembly, Roll-127487
Rajarhat, Kolkata

রাইসে পড়েই সাফল্য পেলাম
TANUSHREE MANDAL
Public Works Directorate – LDC, Roll-531730
Purulia

নিয়মিত স্টাডি মেটেরিয়াল পড়েছি
ABHIJIT CHOWDHURY
Public Works (Roads Directorate)-LDC, Roll-1414405
Haldia, Purba Medinipur

নিয়ম করে পড়া খুব দরকার
ASHOKE MURMU
P & AR Dept-LDC, Roll-209696
Garia, South 24 Parganas

প্রতিটি বিষয়ে গুরুত্ব দিয়ে পড়েছি
TANMOY SANFUI
Director of Mines-LDC, Roll-319307
Baruipur, South 24 Parganas

রাইসে পড়েই সাফল্য পেলাম
ANINDITA GHOSH
Industrial Training Department-LDC, Roll-1332128
Ghatal, Paschim Medinipur

রাইসে ক্লাস করে সাফল্য পেলাম
MADHUSREE GHOSH
Director of Legal Metrology - LDC, Roll-303317
Baruipur, South 24 Parganas

সমৃদ্ধ লাইব্রেরি উপকৃত হয়েছি
SOUMYADEEP DAS
PWD-LDC, Roll-235601
Paschim Putiyari, Kolkata

ক্লাস মিস করতাম না, রোজ পড়েছি
CHITRITA BISWAS
Directorate of Industrial Training – LDC, Roll-0508332
Titagarh, North 24 Parganas

ক্লাসটেস্ট, মকটেস্ট খুব ভাল
DHIMAN HALDER
Information Directorate-LDC, Roll-212979
Sonatikari, South 24 Parganas

কখনও হতাশ হতে দেয়নি রাইস
ASHESH BAG
Public Works Directorate – LDC, Roll-516437
Arambag, Hooghly

প্রতিটি বিষয়ে গুরুত্ব দিয়ে পড়েছি
SANTOSH MONDAL
P&AR Department, Roll-1331377
Baanka, Paschim Medinipur

প্রতিটি বিষয়ের ক্লাস খুব ভালো
JAMES HANSDAH
WRI & Development Directorate – LDC, Roll-525574
Kadampur, Jalpaiguri

নিয়ম করে অনুশীলনেই সাফল্য
DEBMALYA BASU
Directorate of Health Service – LDA, Roll-111977
Belghoria, Kolkata

রাইস-এ পড়েই সাফল্যলাভ
MOUSUMI DAS
Directorate of Employment – LDC, Roll-904071
Serampore, Hooghly

স্যাররা সব সময়ই হেল্পফুল
DIBESH MONDAL
Directorate of MSME – LDA, Roll-504284
Siliguri, Darjeeling

সরকারি চাকরির পাওয়ার লক্ষ্যভেদ
TARIF MAHAMMAD
P&AR Department, Roll-532692
Farakka, Murshidabad

সব মাষ্থলি পরীক্ষা দিয়েছি
ANINDYA SAHA
Public Works Directorate – LDC, Roll-502164
Ranaghat, Nadia

অত্যন্ত উন্নতমানের প্রশিক্ষণ পেয়েছি
ARPITA MONDAL
Education Directorate – LDC, Roll-0125339
Durgapur, Paschim Bardhaman

রাইস-এ পড়ে লক্ষ্যপূরণ
BODHISATWA GHOSH
P&AR Department, Roll-808248
Shibpur, Hawrah

সাফল্য পেয়ে খুব আনন্দ হচ্ছে
ANWESHA SAMANTA
Directorate of Health Service – LDA, Roll-822205
Liluah, Howrah

নিয়ম করে পড়শুনা চালিয়ে গেছি
AVIK MUKHERJEE
1819/RICE/887
Public Works Directorate- LDC, Roll-800436
Howrah

প্রতিজ্ঞা ছিল সফল হতেই হবে
SANJAY MAHATO
1819/RICE/3026
P&AR Department, Roll-2105743
Raiganj, Uttar Dinajpur

“ RICE -এর হেড অফিস (বেলঘরিয়া) এবং শিয়ালদহ (সিটি অফিস) শাখায় দিনে প্রায় ১২-১৪ ঘন্টা পড়াশুনা করার পরিবেশ থাকার কারণেই RICE-এ ছাত্রছাত্রীরা এত বেশি সাফল্য পাচ্ছে ”

**UPCOMING EXAMS:**
IBPS Clerk 2022 Preli : **September 2022**
IBPS RRB Officers and Office Assistant 2022: **August 2022**

**WBCS, PSC MISC, PSC Clerkship, WB Forest Service, WB Constable, Excise Constable, LDC, PSC IDO, SSC CGL, IBPS PO, IBPS Clerk,IBPS RRB, Banking ইত্যাদি গুরুত্বপূর্ণ পরীক্ষাগুলিতে বছরের পর বছর ধরে RICE নিজের সাফল্যের ঐতিহ্য বজায় রেখেছে।**

সাফল্যের তালিকায় নিজের নাম দেখতে হলে যোগাযোগ করুন আজই **62921 90230** | ricesmart.in

বেলঘরিয়া (হেড অফিস) 84799 02085 / 84799 18051 | শিয়ালদহ (সিটি অফিস) 84799 17959 / 84799 02091 | বেহালা 84799 17961 | সোনারপুর 84799 17962
হাওড়া ময়দান 84799 17956 | বারাসাত 84799 00574 | শিলিগুড়ি 84799 17965 | কোচবিহার 84799 00576 | মালদা 84799 17953 | বহরমপুর 84799 17952
বর্ধমান 84799 00575 | আসানসোল 84799 00577 | দুর্গাপুর 84799 00578 | খড়গপুর 84799 17955 | মেদিনীপুর | 84799 17954 | তমলুক 84799 17957

RICE EDUCATION | ricesmart
TOGETHER IN SUCCESS

## বহরমপুরে আর্মির র‍্যালি

১৭ পাতার পর

সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।
প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরের মাপজোখ ও যাবতীয় প্রমাণপত্র পরীক্ষা করা হবে।

১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — : ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৫ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে ৬০ নম্বর, ৫.৩১ মিনিট থেকে ৫.৪৫ মিনিটে সম্পূর্ণ করলে ৪৮ নম্বর পাবেন।

(২) বিম টেস্ট (পুল আপ)। ১০ বার বা, তার বেশি হলে ৪০ নম্বর, ৯ বার করলে ৩৩ নম্বর, ৮ বার করলে ২৭ নম্বর, ৭ বার করলে ২১ নম্বর, ৬ বার করলে ১৬ নম্বর। (৩) ৯ ফুট গর্ত পেরোনো। (৪) জিগ-জাগ ব্যালান্স (ভারসাম্য) টেস্ট।
শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে। তারপর 'কমন এন্ট্রান্স টেস্ট'।

প্রাক্তন সমরকর্মীর ছেলে ও প্রাক্তন সমরকর্মীরা আর খেলোয়াড়রা ২০, এন.সি.সি.'র 'বি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১০, 'এ' সার্টিফিকেট কোর্স পাশ হলে ৫ নম্বর বোনাস হিসাবে পাবেন। এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ হলে 'অগ্নিবীর (জেনারেল ডিউটি, ট্রেডসম্যান) পদের বেলায় লিখিত পরীক্ষা দিতে হবে না। তবে অগ্নিবীর ক্লার্ক, স্টোরকীপার ও টেকনিক্যাল পদের বেলায় ১৫ নম্বর বোনাস হিসাবে পাবেন।

ডোয়েক থেকে 'ও' লেভেল কম্পিউটার কোর্স পাশের সার্টিফিকেট থাকলে 'অগ্নিবীর ক্লার্ক/স্টোরকীপার টেকনিক্যাল পদের বেলায় ১৫ নম্বর বোনাস হিসাবে পাবেন।

আই.টি.আই. কোর্স পাশ / স্কিল যোগ্যতা থাকলে অগ্নিবীর (টেকনিক্যাল) পদের বেলায় ১ বছরের আই.টি.আই. কোর্স পাশ হলে ৩০ নম্বর, ২ বছরের আই.টি.আই. কোর্স পাশ হলে ৪০ নম্বর, ডিপ্লোমা কোর্স পাশ হলে ৫০ নম্বর বোনাস হিসাবে পাবেন।

আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়রা ২০ নম্বর, রাজ্য স্তরের খেলোয়াড়রা ১৫ নম্বর, জেলা স্তরের খেলোয়াড়রা প্রথম বা, দ্বিতীয় পর্যায়ে খেলাধুলা করে থাকলে সরাসরি ১০ নম্বর, বিশ্ববিদ্যালয় স্তরের প্রথম ও দ্বিতীয় পর্যায়ের খেলোয়াড়রা ৫ নম্বর পাবেন।

প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ৩ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : joinindianarmy.nic.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. ও বৈধ মোবাইল নম্বর থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার আর অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। র‍্যালি হওয়ার এক সপ্তাহ আগে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন।
র‍্যালির দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ৩ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,

(২) ক্লাস এইট পাশ কিংবা মাধ্যমিকে অকৃতকার্য হলে বা, মাধ্যমিক পাশ হলে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল ও ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সাইন করা স্কুল লিভিং বা, 'স্কুল ট্রান্সফার সার্টিফিকেট'।

(৩) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা সেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),

(৪) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভেটি সার্টিফিকেট,

(৫) জেলাশাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ('Permanent Residential Certificate) (নিজের পাশপোর্ট মাপের প্রত্যয়িত করা ফটো সাঁটা থাকতে হবে) (ওই সার্টিফিকেটে সই ও গোল স্ট্যাম্প এমনভাবে মারবেন, যার কিছু অংশ ফটোর ওপর ও কিছু অংশ সার্টিফিকেটের ওপর পরে) (নির্দিষ্ট ফর্ম্যাটে ওই সার্টিফিকেট আর্মি বা, ডিফেন্সের উদ্দেশ্যে ব্যবহৃত হবে ও তার সিরিয়াল নং থাকতে হবে)।

(৬) তপশিলী উপজাতি (আদিবাসী)'রা দেবেন জেলা শাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।

(৭) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে)।

(৮) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট, (৯) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধূলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (১০) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন্স সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট।

(৯) নন-জুডিশিয়াল ১০ টাকার স্ট্যাম্প পেপারে নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন।

(১০) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান কার্ড, আধার কার্ড।

(১১) ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।

## গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** ইন্ডিয়ান ফার্মার্স ফার্টিলাইজার কো-অপারেটিভ লিমিটেড 'গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার অ্যাপ্রেন্টিস' হিসাবে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ও সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩১-৭-২০২২'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৩৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে অনলাইন কম্পিউটার বেসড টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা, ভুবনেশ্বর, পটনায়।

আগ্রহী প্রার্থীরা প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করবেন ১৫ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : https://gea.iffco.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট
৮০জি ধারায় আয়কর মুক্ত শিক্ষা প্রতিষ্ঠান।
সরকারি চাকরির প্রথম শ্রেণির কোচিং সেন্টার (তাহেরপুর, নদীয়া)
প্রতিষ্ঠাতা আচার্য ভবদেব (প্রাক্তন সিভিল সার্ভেন্ট), প্রবাদ প্রতিম অফিসার-কাম প্রফেসর

যে প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ সিভিল সার্ভেন্টগণই। পিতাপুত্র, জামাতা সবাই সিভিল সার্ভেন্ট (I.A.S, W.B.C.S-সহ)। এদের সুদক্ষ প্রশিক্ষণে ও নির্দেশে চলে কবিতা কুটির আজ সরকারি চাকরির প্রথম শ্রেণির শ্রেষ্ঠ কোচিং সেন্টারে পরিণত। শুধু কোচিং নয়, এটি মানুষ গড়ার কারখানা। 'অফিসার-মেকার'গণই এখানে পড়ান। সত্বর ভর্তি হোন —
I.A.S, I.P.S, W.B.C.S, Police, TET, কেন্দ্রীয় বাহিনী ও অগ্নিবীর প্রকল্পে ভর্তি নেওয়া হচ্ছে। গ্র্যাজুয়েটগণ ও দ্বাদশ শ্রেণি উত্তীর্ণরাও ভর্তি হতে পারেন।
জ্ঞাতব্য : IAS, IPS পরীক্ষায় অঙ্ক ও ইংরিজির তেমন কোন গুরুত্ব নেই। Essay পেপার-সহ অন্য সমস্ত পেপারই বাংলা, সাঁওতালী ইত্যাদি ২২টি সাংবিধানিক ভাষায় দেওয়া যায়। ইন্টারভিউও বাংলায় দেওয়া যায়। WBCS-এ শুধু ইংরিজি পত্র বাদে আর সবই বাংলায় দেওয়া যায়। ইন্টারভিউও বাংলায় দেওয়া যায়। আরো বিশদ জানতে আচার্যদেবের সঙ্গে যোগাযোগ করুন।
পশ্চিমবঙ্গ পুলিশ ও ICDS'র মক ইন্টারভিউয়ের জন্য সত্বর যোগাযোগ করুন।

পুলিশের ছাত্রছাত্রীদের থাকার জন্য কবিতা কুটিরের নিজস্ব হোস্টেল

কবিতা কুটিরে নিজস্ব মাঠে মাঠ প্রশিক্ষণ চলছে।
অভিজ্ঞ ট্রেনার দ্বারা মাঠ পরীক্ষার ট্রেনিং দেওয়া হয়
আমাদের দেখুন
ইউ টিউব ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রাম, টেলিগ্রাম
YouTube
kabita kutir Ashramic Institute-Achariya Bhabadeb
kabitakutir.website2.me
আশ্রমিক কার্যালয় — তাহেরপুর (নদিয়া) : 9474764885
8536920172, 7029463383, 9734155542
তপশিলী জাতি, উপজাতি, ও.বি.সি আর সংখ্যালঘুদের ভর্তিতে বিশেষ ছাড়

কর্মসংস্থান ■ KARMASANGSTHAAN ■ Vol. 35 ■ Issue No. 33 ■ 13 August, 2022 ■ 23

# BNG

HOTEL MANAGEMENT INSTITUTE

The Power House of Hospitality

## আসন সীমিত

যোগাযোগ করুন :
98307 96307




**Times Business Award 2022**
-এর পক্ষ থেকে
**Times Best Hotel Management Institute of the year** সম্মানে ভূষিত।

## হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট

| Program Duration | Total FEE | Celebration Fee |
|---|---|---|
| 3 years | ~~1,80,000/-~~ | 1,50,000/- |
| 2 years | ~~90,000/-~~ | 70,000/- |
| 1 year | ~~50,000/-~~ | 35,000/- |
| 6 months | ~~25,000/-~~ | 23,000/- |
| 3 months by NSDC | ~~12,000/-~~ | 10,000/- |

**INSTANT LOAN* available, No Guarantor required.**

NO COST EMI

আন্তর্জাতিক প্লেসমেন্ট সহায়তা | কানাডা, ইউএসএ, জার্মানি, ফ্রান্স দুবাই, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ওমান, আবু ধাবি, অস্ট্রেলিয়া ইত্যাদি




* Condition Apply.

bindumedia.co.in

## BNG HOTEL MANAGEMENT INSTITUTE, KOLKATA

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।

W : www.bngkolkata.com | E : admin@bngkolkata.com | P : +91 98307 96307 | Toll Free No. : 1800 891 1508

প্যারামেডিক্যাল

সেবা ও পেশা





‘সেবা যদি হয় তোমার স্বপ্ন - স্বাস্থ্য সেবাই হোক আসল কর্ম’

**উচ্চ মাধ্যমিকের পর স্বাস্থ্য সেবায় সেরা কোর্স ঃ PARAMEDICAL COURSE-2022**

বিশ্ব স্বাস্থ্য সংস্থার গবেষণা অনুযায়ী স্বাস্থ্য পরিষেবার আরও উন্নতির জন্য বাড়ছে হাসপাতাল, নার্সিংহোম, প্যাথোলজিক্যাল ল্যাবরেটরির সংখ্যা। আর তার সঙ্গে সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে প্যারামেডিক্যাল কাজ জানা কর্মীর চাহিদা। অনেক ছাত্রছাত্রীই আছেন যাঁদের ডাক্তারি পড়ার স্বপ্ন থাকলেও সুযোগ পান না। ফলে ভেবে পান না কী ভাবে এই পেশার সঙ্গে নিজেকে জড়িয়ে রাখবেন। তারা প্যারামেডিক্যাল কোর্সগুলি করলে স্বাস্থ্য পরিষেবার কাজে নিজেদের যুক্ত করতে পারবেন। এই সেবার মধ্যে পড়ে ডাক্তারের প্রেসক্রাইব করা রক্তপরীক্ষা, এক্সরে, আলট্রা সাউন্ড বা বিভিন্ন স্ক্যান করতে পারা। এই পরীক্ষার রিপোর্ট ছাড়া ডাক্তাররাও রোগীর চিকিৎসা করতে পারবেন না। এই ক্যাটাগরির কাজ যারা করে তাদের বলে প্যারামেডিক্স।

তাই সময় আর সুযোগ নষ্ট না করে আজই সঠিক সিদ্ধান্ত গ্রহন করুন ! আপনাদের উজ্জ্বল ভবিষ্যত কামনায় দীর্ঘ 15 বছর ধরে ‘HALDAR GROUP’ দেখাচ্ছে এর সঠিক দিশা...

## কোন কোন বিষয়ে প্যারামেডিক্যাল কোর্স পড়ানো হয় ঃ

- ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (CCT)
- ডায়ালিসিস টেকনিশিয়ান (DT)
- অপারেশন থিয়েটার টেকনোলজি (OTT)
- রেডিওগ্রাফি | ফিজিওথেরাপি | অপটোমেট্রি
- মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (MLT)
- রেডিওথেরাপি টেকনোলজি (RT)
- ল্যাব টেকনিশিয়ান | ইসিজি টেকনোলজি





## আপনি কি মাধ্যমিক / HS ফেল ?

**আপনি কি HS Science নিয়ে পাশ করতে চান ?**

NIOS

রবীন্দ্র মুক্ত বিদ্যালয় ও NIOS থেকে একচান্সে পাশ করুন

100% Pass Assistance, Admission Guide, Study Materials & Online Coaching

## অন্যান্য কোর্স (Regular/Distance)

D. Pharm, B. Pharm, GNM, B.Sc Nursing, B.Ed, B.P.Ed, D.El.Ed, M.Ed, B.Lib, M.Lib, BA, MA, B.Sc, M.Sc, B.Com, M.Com, BBA, MBA, BCA, MCA, LLB, LLM, Ph.D

**ভর্তির জন্য 9088945055/7044064045/8334923405**

FOR FRANCHISE OPPORTUNITY 7003323135

HGi Estd. 2008

# HALDAR GROUP OF INSTITUTIONS

(WB GOVT. REG. NO: IV-1903-00118/2022)

An ISO 9001:2008 Certified Institute | www.haldargroup.org

হেড অফিস ঃ সোনারপুর, এইচ. সি. সরনী, কলকাতা - 700150

কর্পোরেট অফিস ঃ সোনারপুর, মিশন পল্লী মোড়, কলকাতা - 700150





Mr. Samar Haldar
Chairman & Director


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor ; Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com